কুসুস-চরিত।

হাজারিবাগ জিলাস্কুলের হেড্মাষ্টার শ্রীপ্রাসন্মুমার ঘোষ কর্তৃক বিরচিত।

ঢাকা, আশুতোষ-যন্ত্রে শ্রীরেবতীমোহন দাস দ্বারা মুদ্রিত।



ভূমিকা।

কুস্থম আড়াই বৎসর বয়সে লেখা পড়া আরম্ভ করে। কেমন করিয়া তাহার লেখা পড়ার জ্ঞান হইল, আমরা বুঝিতে পারি নাই। সাত বৎসর বয়সে কবিতা লিখে। শৈশব হইতে ধর্ম্মে মতি, বুদ্ধির প্রথরতা, সত্যনিষ্ঠা, উদারতা, ন্যায়পরতা, সহিষ্ণুতা, লজ্জাশালতা, নত্রতা, মধুরভাষা, দয়া, পরকে আপন করিবার ক্ষমতা এবং গুরু-জনের প্রতি ভক্তি প্রভৃতি বিবিধগুণ পরিচিত সকলেরই মন আকর্ষণ করিয়াছে। দর্শনমাত্রই লোকে তাহাকে ভাল বাসিয়াছে। এক কথা ছুইবার তাহার জীবনে কখনো বলে নাই। সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন থাকিত। তাহার প্রতিভা দর্শনে অনেকেরই বিস্ময় জন্মিয়াছে। ভাগলপুরের রাজা শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং আমার সমক্ষে হাইকোর্টের জজ মহামান্য শ্রীযুক্ত চন্দ্রমাধব

বাবু তাহার প্রতিভার প্রশংসা করিয়াছিলেন। এইরূপ নানাবিধ কারণে আমার বিশ্বাস, সে জগতে কোন বিশেষ উদ্দেশ্য সাধন করিতে আসিয়াছিল এবং সেই উদ্দেশ্য সাধন করিয়াই দেহ পরিত্যাগ করিয়াছে। পীড়িতাবস্থায় এবং মৃত্যু-শয্যায় সে যে সহিষ্ণুতার পরিচয় দিয়াছে, তাহা জগতে যীশুখৃষ্ট ব্যতীত আর কাহারো জীবনে দেখা যায় না। এই জন্য জগতের মঙ্গল কামনায় তাহার জীবনের ঘটনাবলী সাধারণের সমক্ষে প্রচার করিলাম।

কুস্থম-জীবনের ঘটনাবলী যতদূর স্মরণ আছে, লিখিলাম। কোন স্থলেখক যদি এই সকল ঘটনা অবলম্বন করিয়া বিশুদ্ধ বঙ্গ, ইংরেজী. পার্দি, উর্দ্দু, হিন্দি কিম্বা অন্ত যে কোন ভাষায় ইচ্ছা, কুস্থমের জীবন-চরিত লিখেন, তবে আমি বিশেষ অনুগৃহীত হইব।

কুস্থমের জীবন চরিত পাঠ করিয়া যাহার মনে যে ধারণা হয়, তাহা যদি একখানা পোষ্টকার্ডে লিখিয়া তিনি আমাকে জানান, তাহা হইলে তাহার শোকাতুর। জননীর শান্তিলাভ হইবে।

অনেকে কুস্থম রচিত পদ্যগুলি পাঠ করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। কোন্ অবস্থায়, কোন্ সময়ে কত বয়সে সেগুলি রচিত হইয়াছে, তাহা পাঠ করিতে যদি কাহারও সময় নঊ হয়, এই আশস্কায় পদ্য ও পত্রগুলি একটুকু বড় বড় অক্ষরে মুদ্রিত হইল।

কলিকাতা হাইকোর্টের জজ শ্রীযুক্ত চন্দ্রমাধব বাবু, রঙ্গপুর জিলা স্কুলের হেড্মান্টার অঘোর বাবু, ভূতপূর্ব্ব পুলিষ ইন্স্পেক্টর গিরীন্দ্রবাবুর সহধর্মিণী, হাজারিবাগ বঙ্গ বালিকাবিদ্যালয়ের শিক্ষয়িত্রী, আমার জামাতা যোগেশ ও বৈবাহিক পূর্ণবাবু, মিদ্ হেরিয়েট বিল, বাঙ্গ-লার ভূতপূর্ব্ব শিক্ষা বিভাগের ডিরেক্টার ডাক্তার মার্টিন সাহেবের কন্যা এবং অন্যান্থ লোকে কুস্তুমের জীবন সম্বন্ধে যাহা লিখিয়াছে, তাহা পরিশিক্টে দেওয়া গেল।



কুস্তুম-চরিত।

১৮৮৮ খৃষ্টান্দে ১৭ই জুলাই সন ১২৯৫ সনের ২রা প্রাবণ সোমবার কুস্থমের জন্ম হয়। তাহার পিতৃষ্পা কমলসোণা স্তিকাদরে ছিল। কুস্থমের যথন জন্ম হয়, আমি তথন যশোহর জিলার অস্থায়া এসেসরইন্স্পেক্টর ছিলাম। যশোহর নগরে সন্ধ্যার অল্ল পরেই কুস্থমের জন্ম হয়। স্তিকাগৃহেই কমলসোণা সভ-প্রস্থতা বালিকাকে কুস্থম নাম প্রদান করে। তদবধি তাহার কুস্থম নামই প্রচলিত ছিল। মাসাস্তে প্রস্বতি কিরণশন্দী নাম প্রদান করে। প্রথমে আমার একটি পুত্রসন্থান হইয়া মারা যায়। তাহার প্রায় সাত বৎসর পরে এই কন্তা-সন্থানটি পাইয়া আমার মনে বড়ই আনন্দ হয়। কুস্থমের জন্মের প্রায় মাসৈক পরে আমি যশোহর জিলাঙ্গুলের দ্বিতীয় শিক্ষকতা পদে পুনরাগমন করি। আমি স্থল হইতে বাসায় যাইয়া তাহার সহিত আলাপ করিতাম। কুস্থম প্রায়ই শয়ন করিয়া থাকিত, ক্রোড়ে উঠিবার ইচ্ছা বড় প্রকাশ করিত না। আমি তাহার প্রফ্ল মুখকমলের প্রতি দৃষ্টিপাত করিয়া বলিতাম ঃ—

"মল্লিকা মালতী ফুটেছে, আর ফুটেছে কি ? আমার কুস্থমকামিনী ফুটেছে আর বাকি রয়েছে কি ? আর বাকি রয়েছে কি ?"

এই কথা শ্রণ করিয়া কুস্থম হাসিয়া উঠিত এবং ওওও করিয়া ঠিক্ যেন আমার সঙ্গে কথা বলিবার চেষ্টা করিত। স্কুলের শিক্ষকগণ ও অন্তান্ত সকলে কুস্থমকে ভাল বাসিত। ছোট ছোট ছেলে মেয়েরা যেমন কাঁদে, কুস্থম সেরূপ কাঁদে নাই। সকলের সঙ্গেই কথা বলিবার চেষ্টা করিয়াছে এবং হাসিয়াছে। এই ভাবে ছই মাসের কিছু অধিক কাল অতিবাহিত হইল। এক দিরস তাহার পিসী উচ্ছেপাতার রস তাহাকে খাওয়াইয়াছিল। সেই রস বুকে বাধিয়া কুস্থমের জীবন সঙ্কটাপর হইয়াছিল। কিন্তু ভগবানের কুপায় সে, সে বিপদ হইতে উদ্ধার পাইল।

আখিন মাসে শারদীয়া পূজার সময় কুস্থম, তাহার পিনীমা, প্রস্থিত, পিতৃব্য লালমোহন, পিতৃব্য-পত্নী ও পিতৃব্য-পূল সহ আমি আমাদের কামারগায়ের বাটীতে গেলাম। কামারগা ঢাকা জিলার অন্তঃপাতী বিক্রমপুরে অবস্থিত। আমার পিতামাতা খণ্ডর ও শাশুড়ী তথন ছিলেন না। তাহারা আমার সন্তানের জন্ম অত্যন্ত আকাজ্জা করিয়াছিলেন। আমার তথন পাচ লাতা ও ছুইটি ভগ্নী ছিল। তাঁহারা সকলেই কুস্থমের দর্শনে আননেদ উচ্ছ সিত হইলেন।

আনারন্তের জন্ম কুস্থমকে বাড়ী রাথিয়া আমি যশোহরে গেলাম।
বাটার পত্রে জানিলাম, কুস্থম আট মাস বয়সে কথা বলিতে আরম্ভ করিয়াছে এবং হুলুধ্বনি দিতে পারে। জ্যিষ্ঠ মাসের বন্ধে বাড়ী যাইয়া
দেখি কুস্থম অনেক কথা বলিতে পারে। আযাঢ় মাসে তাহাকে নিয়া
যশোহরে গেলাম। এক দিবস হামাগুড়ি দিয়া তক্তপোষের নীচে
গেল এবং মিশ্রির হাড়ী ধরিয়া টান দেওয়াতে হাড়ী পড়িয়া গেল।

তথন নিতান্ত অপ্রস্তুত হইয়া ফিরিয়া আসিল। তাহার জীবনে আর কথনও কোন জিনিষ ধরিয়া অসতর্কভাবে টানে নাই।

আবাঢ় মাসে আমি পুরুলিয়া বদলি হইলাম। তথন কুস্থমকে বাড়ী রাথিয়া আমি পুরুলিয়া গেলাম। বাড়ী বাইবার সময় পথে কুস্থমের জর হয়। কিন্তু ভগবানের কুপায় হোমিওপ্যাথিক ঔষধেই সে জর সারিয়া গেল।

শারদীয়া পূজার পর কুস্থমকে নিয়া পূরুলিয়া যাই। বাকুলিয়াতে তাহার একটুকু জর হয় এবং এক দিবসেই সারিয়া যায়।

- কুস্থন পুকলিয়ায় প্রায়ই স্বস্থ শরীরে থাকিত। সেথানে সে একটি
 নৃতন শব্দের স্ষ্টে করিল। মাতৃস্তম্য পান করিবার সময় "ওক্কন্"
 শব্দ হয়; এজন্ত মাতৃস্তনের নাম "ওক্কন্" রাথিল। স্তম্যান
 করিবার ইচ্ছা হইলে বলিত "মা! "ওক্কন্"। দেড় বৎসর বয়সের সময় হাটিতে শিক্ষা করে। মস্তক বড় ছিল, এজন্ত সাহস করিয়া
 পুর্বের হাটে নাই। কিন্তু যে দিবস হাটিতে আরম্ভ করিল, সেই দিবসই
 দৌড়িতে আরম্ভ করিল। এই সময় হইতেই তাহার গল্ল শুনিবার
 শিক্ষা হইল।
- কুস্থমের যথন ছই বংসর বয়স, তথন আমাদের বাসায় সকলেরই
 চক্ষু উঠিল। আমরা যন্ত্রণায় অস্থির; সর্বাদা ডাক চিৎকার করি।
 আমি এক দিবস বেদনায় অস্থির হইয়া বলিলাম, জীবন যায় সেও ভাল
 তব্ এমন যাতনা সহু করা যায় না। কুস্থমের প্রস্থতি, খুড়ীমাতা,
 খুড়া ও জােষ্ঠতাত ভাতা সকলেই ব্যতিব্যস্ত; কিন্তু কুস্থম চক্ষুরোগে
 একদিনও একটুকু অস্থির হয় নাই, কিয়া চিৎকার করে নাই। ইহা
 দেখিয়া আমরা সকলেই বিশ্বিত হইতাম। কুস্থম চক্ষু মুদিয়া থাকিত
 এবং বলিত 'চক্ষু মেলিলে ভাল লাগে না।' একটি ভিক্কক

সারেঙ্গ বাজাইতে বাজাইতে বলিত "গোপাল রে! কি লিবি ? প্রসা লিবি ?" সকলেরই বোধ হইত যেন সারেঙ্গ বলিতেছে "গোপাল রে! কি লিবি ? প্রসা লিবি ?" এই শব্দ শুনিলে কুস্কুম চক্ষু মেলিত।

পুরুলিয়া স্কুলের জাম গাছে খুব বড় বড় মিষ্টি জাম হয়। এক
দিবদ স্কুলের দ্বারবান্ সাগর একডালা জাম আনিয়া দিল। কুস্থুমের
কফাধিক্য-শরীর বিধায় তাহাকে মাত্র একটি জাম দিলাম। কুস্থুম দে
জামটি থেয়ে অতি স্থুন্দর ভাবে দৌড়িয়া গৃহে প্রবেশ করিল, এবং
বলিল "বাবা! আমি আর একটি জাম ধাব"। আমি আর একটি জাম
দিলাম; তাহাতেই দে সম্ভূষ্ট রহিল।

পুক্লিয়ার আমার বাদায় একটি আতা গাছ হইয়াছিল। তাহার প্রথম আতাটি খুব বড় হইয়াছিল। কুস্কম বলিয়া ছিল "বাবা! এ আতাটি পাক্লে আমরা সবাই মিলে থাব"। কিন্তু আমাদের তদানীন্তন স্কুল-ইন্স্পেক্টর রাষ রাদিকাপ্রদল্ল মুখোপাধ্যায় পুক্লিয়া গিয়া দেই আতাটি খাবার ইচ্ছা প্রকাশ করিলেন। তথন আতাটি স্থপরিপক্ক হইয়াছিল। কুস্কম স্বহস্তে দেই আতাটি তাঁহাকে দিয়া আসিল।

পুরুলিয়া বাস সময়ে আমি প্রবেশিকা পরীক্ষার্থিদিগকে নিয়া বর্দ্ধমান ষাইতাম, এবং কুস্থমের ছোট তোষকথানা সঙ্গে নিতাম। ষাইবার সময় আমি বলিয়া বাইতাম "কুস্থম! আমি তোমার জন্ম বর্দ্ধমানের সীতাভোগ, মিহিদানা প্রভৃতি ভাল ভাল থাবার জিনিষ আন্ব।" কুস্থম প্রফুলটিত্তে আমাকে যাইতে বলিত, আমি বর্দ্ধমান গেলে পর রাত্রিতে শরনের সময় তাহার প্রস্থতিকে বলিত "মা! বাবা এখন আমার তোষকে শুয়ে আছেন" আর আমার বিষয় উল্লেখ করে নাই। কিন্তু আমি যথন বর্দ্ধমান ইইতে পুনঃ পুরুলিয়া গিয়াছি, কুস্থম ক্রীড়ান্থল হইতে বাটা আদিয়া হঠাৎ আমাকে দেখিয়াছে, এবং বলিয়াছে "ঐত

বাবা''। তাহার কথাতেই আমার বোধ হইত, আমার কথা দদা তাহার মনে জাগরাক ছিল; কিন্তু কাহারও নিকট সে কিছু প্রকাশ করে নাই।

কুস্থমের বয়স যথন আড়াই বৎসর, তথন একদিন সে আমাকে विविध "वावा! निर्मा वहे পড़ে, আমায় একথানা वहे प्रख"। निर्म আমার প্রতিবাসী অনাদি বাবুর ক্সা। আমি বলিলাম "দিব"। সে বলিল "না বাবা আজই দেও"। আমি তথনই একথানা শিশুশিক্ষা প্রথম ভাগ আনিয়া দিলাম, এবং স্কাল বেলাই অ আ ইত্যাদি এবং ক, খ পড়।ইলাম। বৈকাল বেলা স্কুল হইতে আসিয়া হাত মূথ ধুইতেছি এমন সময় কুস্তম বলিল "বাবা । একটি গল্প বলতে হবে"। আমি বলিলাম 'আচ্ছা বল্ব।' কুস্থম বলিল "বাবা। গল্প বল্তে একটি 'গ' আছে আর একটি 'প' আছে, নয় ?" আমি বলিলাম "হ্যা"। কুস্থম বলিল "আর কেমন কেমন একটি 'ল' আছে ?'' আমি বলিলাম, "উহাকে হসন্তল বলে।" রাত্রিতে প্রথমে একটি গল বলিলাম, তাহার পর শিক্ষা দিলাম क व्याकात र्यारा का, क हेकात र्यारा कि, क छेकात र्यारा कू हम । কুস্থম বলিল, "বুঝেছি, ক ঋ যোগে কু, ক এ যোগে কে, হয়। ইঁহার পরই প্রথমভাগ সমস্ত পডিল। কতক দিবস পরে একথানা দ্বিতীয়ভাগ কিনিয়া দিলাম, এবং এক দিবস যুক্ত অক্ষর কিরুপে উচ্চারিত হয়, তাহা শিক্ষা দিলাম। ইহার পর আমি কথনও তাহাকে বাঙ্গলাভাষা শিক্ষা দেই নাই। সে নিজ হইতেই শিক্ষা করিয়াছে। কোন বিদ্যালয়ে তাহাকে পাঠাই নাই, কিম্বা অন্ত কেহ তাহাকে কিছু শিক্ষা দেয় নাই।

পুরুলিয়ার থাকা সময় কুস্থমের এক দিবস ১০৫° ডিগ্রী জব হইয়া-ছিল। হোমি হপ্যাথিক ঔষধ সেবনেই তাহা সারিয়া যায়।

১৮৯১ খৃষ্টাব্দে কুস্থমকে নিয়া বাড়ী যাই। কমলসোণা রঙ্গপুরে ছিল; তাহাকেও বাটাতে আনাইয়াছিলাম। আমি গোয়ালন হইতে

নৌকা যোগে বাড়ী যাই। আমাদের বাড়ীর নিকট পদার স্রোতে নৌকা এমন বেগে ষাইতেছিল যে তাহা একটা প্রাচীন রক্ষের গুঁড়ির উপর উঠিল। নাবিকগণ কিছুতেই তাহার বেগ সম্বরণ করিতে পারিল না। পদ্মা সেই স্থলে ভাঙ্গিতেছিল। নৌকার তলা ভাঙ্গিয়া গেল, এবং নৌকাতে জল উঠিল। কিন্তু কুস্থম তাহাতে বিচলিত হইল না। আমাকে দেখিবার জন্ম আমাদের কতকটি প্রজানদীর পাড়ে দাড়াইয়াছিল। তাহারা সকলে নৌকা টানিয়া পাড়ে তুলিল।

কুস্থম একদিবস তাহার প্রস্তিও তাহার প্রস্তির মাতুলানী সহ নৌকাতে যাইতেছিল। না দেখিয়া বৃদ্ধা কুস্থমেও পায়ের উপর বসিয়াছিলেন। কুস্থম ক্রন্দন না করিয়া বলিল "আমার পায়ে লাগে।" বৃদ্ধা অপ্রস্তুত হইয়া তাহার বৃদ্ধির প্রশংসা করিতে লাগিলেন।

আমাদের বাড়ীতে হুর্গাপুজা হয়। পূজার নিমন্ত্রণের দিন অনেক লোক কুস্থমের মিষ্টি কথা শুনিয়া আনন্দ লাভ করিয়াছিল। আমাদের দেশে নদীয়া অঞ্চলের ভাষা খুব মিষ্টি বোধ হয়। কুস্থম পুক্লিয়াতে হুগলি জেলার বালিকাদিগের সঙ্গে খেলা করিত। সেই কারণে সেও হুগলির ভাষা ব্যবহার করিত। আমার সর্কজ্যেষ্ঠা ভাতৃবধূ কুস্থমের কথা শুনিতে অত্যন্ত ভাল বাসিতেন। সেই বংসরই বড় বধ্ঠাকুরাণীর ও কমলসোণার মৃত্যু হয়। বধ্ঠাকুরাণী পীড়িতাবস্থায়ও কুস্থমকে নিকটে রাখিয়া তাহার কথা শুনিতেন।

পূজার পর কুস্থমকে নিয়া পুরুলিয়া যাই। আমার বাড়ীতেই জ্বর হয়ছিল। পথে কুস্থমের ও তাহার প্রস্থতির জ্বর হয়। পুরুলিয়া যাওয়ার পর তথাকার এিসিষ্টান্ট সার্জন প্রস্কা বাবুর চিকিৎসায় কুস্থম আরোগ্যলাভ করে। তাহার পর কুস্থম থেলা করে ও যথন ইচ্ছা কিছু কিছু পড়ে।

পুরুলিরা বাস সমরে কুস্থমের বক্ষঃস্থলে একটি ত্রণ হয়। এক দিবস আমি একটি স্থানির অগ্রভাগ দারা ত্রণের মুথ ভেদ করিরা সজোরে টিপ দিরা সমস্ত পিক বাহির করিলাম। কুস্থম একটুকুও কাঁদিল না; কেবল বলিল 'বোবা! আমায় ছেড়ে দেও, আমি পালাবনা।''

১৮৯০ খৃষ্টান্দে এপ্রিল মাসে আমি রঙ্গপুরে বদ্লি হই। রঙ্গপুর যাইবার সময় কুস্কমকে বাড়া, রাথিয়া যাই। গ্রীম্মের বন্ধে বাড়া যাইয়া আঘাঢ় মাসে কুসুম, তাহার প্রস্থৃতি, তাহার জ্যেষ্ঠতাত ভ্রাতা জলদাকান্ত ও সতীক্রমোহন, মাসতাত ভ্রাতা তেজেক্রনাথ বস্থু এবং মামাদের প্রতিবাদী একটি ভদ্রলোক দারিকানাথ দে সহ রঙ্গপুরে যাই। কুস্কম বড় কুস্কমপ্রিয় ছিল। সেই জন্ত যে ব্যুদার উঠিয়া ছিলাম, সেই বাসা পরিত্যাগ করিয়া নিকটস্থ অন্ত বড় একটি বাসায় গেলাম। তথায় কুলের বুক্ষ রোপণ করিলাম।

রঙ্গপুর বাদ কালীন কুস্কমকে একদিন জিজ্ঞাদা করিলাম "কুস্কম ! তুমি এত শীঘ্ৰ পার্থানা হইতে আদিলে কেন ?" কুস্কম বলিল "সবটুকু প্রস্রাব হইয়াছে, আর বাহ্য হইবেনা।" আমি শুনিয়া অবাক্ হইলাম। ভাবিলাম—এই মাত্র পঞ্চমবর্ষ উত্তীর্ণ হইয়াছে, ইহারই মুধ্যে নির্দারক করিয়াছে, বাহ্যের শেষে প্রস্রাব হইলে আর মল নির্গতহয় না।

আমার সর্বাকনিষ্ঠ ভ্রাতা মথুরামোহন এক দিবস বলিল "কুস্কম! তোমার বাপের তুমি এক মাত্র কন্তা, তোমাকে বিবাহ দিয়া তোমার বাবা ঘরে থাকিতে পারিবেন না, তোমার বিবাহ না হইল।" কুস্কম বলিল "আমার বিবাহ না হইলে, আমার মা বাপ যখন বুড় হ'য়ে মর্কেন, তখন আমি থাক্ব কার নিকট ?" এই কথা শুনিয়া মথুর বিশ্বরাপর হইল এবং জিজ্ঞানা করিল "ইহা তুমি

জানলে কেমন করে ?" কুস্থম বলিল "আমার মার ত মা বাপ মরে গেছেন; মার বিয়েন। হলে, মা এখন থাকতেন কোথা ?'' একদা কুস্কম বহির্বাটীতে কাঁটাল গাছের নীচে মোড়ার উপর বসিয়া বঙ্গবাদী পাঠ করিতেছে. এমন সময় রঙ্গপুরের স্বরেজি-ষ্টার বাবু বিপিনবিহারী দেয়ানবীদ বলিলেন "কুস্থম ক, খ, পড়েই বঙ্গবাদী পড়ছে !" একদিবদ কুম্বন আমার দঙ্গে ঘোড়গাড়ীতে রঙ্গপুর তাজ হাটের মহারাজ গোবিন্দলালের বাড়ী দেখিতে গেল। মহারাজ বাড়ী ছিলেন না। তাঁহার দেওয়ান কুস্থমকে সমস্ত বাগান, রঙ্গমহল, ভোষাখানা ইত্যাদি দেখাইলেন। সোণারূপার চেয়ার, খাট ইত্যাদিও দেখাইলেন 🗭 এক প্রকোষ্ঠে একটি পাংখার ডাট কাচ নির্মিত ছিল। দেওয়ান মহাশয় ভাবিয়াছিলেন, কুস্তম কাঁচের ডাট কথনও দেখে নাই; ইহা কিলের নির্দ্ধিত তাহা বলিতে পারিবেনা। মনে মনে এইরূপ চিন্তা করিয়া তিনি কুসুমকে জিজ্ঞাসা করিলেন "বল দেখি কুমুম ৷ পাংখার এই ডাট খানা কিনের নির্দ্মিত ?" কুমুম বলিল "কাঁচের।" দেওয়ান মহাশয় চমৎকৃত হইয়া জিজ্ঞাসা করিলেন—তুমি কি এত বড় মোটা ডাট কথনও দেখেছ ? কুস্থম বলিল ''জ্বুর হুইলে বগলে যে থার্দ্মমিটার দেয় তাহারই মত, এটা কিছু মোটা আর বড় "।

রঙ্গপুর বাদ সময়ে কুস্থমকে নিয়া আমি অনেক বড় লোকের বাড়ী বেড়াইতে যাইতাম। তাহার গঠনে, স্বভাবে ও চলনে এমনি লাবণ্য ছিল এবং ভাষা এমন মধুর ছিল যে, যে তাহার সহিত আলাপ করিয়াছে, দেই সন্তুষ্ট হইয়াছে। ডিম্লার রাজা জানকীবল্লভ কুস্থমের সহিত জালাপ করিয়া অতিশয় প্রীতি লাভ করিয়াছিলেন এবং আমাকে বলিয়াছিলেন "কুস্থম যেন পূর্ণলক্ষী, ইহার ভাষা কেমন মধুর এবং বুদ্ধির কেমন তেজ !"

১৮৯৪ খৃষ্ঠাব্দে মে মাদে তেজেন্দ্রের মৃত্যু হয়। ভাহার পর দিবস কুস্থম বাড়ী যাইবার জন্য অত্যন্ত ব্যন্ত হইল। প্রতিবাদী অনেকে আদিয়া কুস্থমকে প্রবোধ দিল। কুস্থম তেজেন্দ্রের মৃত্যুর পর দিবসই রঙ্গপুর পরিত্যাগ করিল। রেলে উঠিলাম, কুস্থম বদিয়া রহিল। যথন একটা নদী পার হইলাম, তথন কুস্থম বলিল 'বাবা! এবৃঝি একটা নদী পার হইলাম'। আমি বলিলাম, হাঁ। কুস্থম বলিল, "তবে বোধ হয় এখন রঙ্গপুরের সীমানা ছাড়িয়েছি! এখন তবে ঘুমাই" এই বলিয়া ঘুমাইল।

বাড়ী যাইবার সময় সারা ঘাটের জাহাজ চড়ায় লাগিয়া ছিল। তাহাতে অনেক বিলম্ব হয়। দামুকদিয়া ঘাটে মেইলট্রেন চাপিয়া আমি নিদ্রিত ছিলাম। আমাদের বাড়ী যাইতে পোড়াদহ নামিতে হয়। নিদ্রিত ছিলাম। আমাদের বাড়ী যাইতে পোড়াদহ নামিতে হয়। নিদ্রিত ছিলাম; পোড়াদহে নামিতে পারি নাই, চুয়াডাঙ্গা যাইয়া টের পাইলাম। তথায় কুস্কমও তাহার প্রস্থতিকে নিয়া নামিয়া প্রেসন মাষ্টারকে সমস্ত অবস্থা জানাইলাম। তিনি কুস্কমকে নিজ বাটাতে নিয়া আহারাদি করাইয়া আমার নিকট আনিয়া দিলেন এবং বলিলেন "আপনার মেয়েটি খুব বুদ্ধিমতী। এই অল্প সময়ের ময়েয় আমার বাসার সকলেরই প্রীতিভাজন হইয়াছে।" আমরা বাড়ী আসিলাম। বদ্ধের পর যথন আমি বাটী হইতে যাই, কুস্কম আমার সঙ্গে জাহাজঘাটা গিয়াছিল। আমি রঙ্গপুর স্কলে বন্ধের পর উপস্থিত হইয়াছি, এমন সময় টেলিগ্রাম পাইলাম, কুস্কমের ১০৫° ডিগ্রী জর হইয়াছে এবং সে আপনাকে দেখিতে চাহে। আমি বাটী চলিয়া গেলাম। তথায় যাইয়া

দেখি কুস্থম তথন আরোগ্য লাভ করিয়াছে। আমি তাহাকে প্রবোধ দিয়া রঙ্গপুর চলিয়া গেলাম।

জুলাই মাদে আমি বগুড়ার হেড় মাষ্টার হইলাম। তুর্গাপূজা পর্যান্ত কুমুম বাড়ী রহিল। বাটীতে এই তিন মাস সে জর রোগে ভূগিয়াছিল। পূজার পর কুমুমকে নিয়া বগুড়া গেলাম। রাস্তায় কুস্কমের জুর হইল। নথিলা রাজার কাচারিতে আমরা আহারাদি করিলাম। কুস্থম সাপ্ত আহার করিল। সে ফুল ভাল বাসিত। এই জ্বর, তথাপি দে বলিল "বাবা ৷ আমায় বাগান হইতে স্থন্দর ফুল দেও"। আমি নানাবিধ ফুল দিলাম। কুস্তম আনন্দিত হইল। সেধানে এক দিবস থাকিয়া ডাক্তারের নিকট হইতে ঔষধ নিয়া নৌকায় বগুড়া রওয়ানা হইলাম। কতক দূর যাওয়ার পর নৌকা আর চলিল না। যদি গরুর গাড়ীর ঝাক্রানিতে কুস্তমের প্রাণ যায়, এই আশস্কায় পালকির জন্ম অনেক চেষ্টা করিলাম, কিন্তু কিছুতেই পালকি সংগ্রহ করিতে পারিলাম না। অগতাা গোযানে গমন করিলাম। এক দিকে আমি এবং অন্ত দিকে কুস্থমের প্রস্থতি; অত্যন্ত পিপাসা; মধ্যে মধ্যে কুস্থমকে জল দিতেছি; কখন তাহার প্রাণ বহির্গত হয়, এই আশস্কায় আমরা ভীত। আমরা যাইতেছি, এমন সময় পথে এক বাড়ীতে প্রফুল জবাকুস্থম দেখিতে পাইয়া কুস্থম বলিল "বাবা! আমায় একটি জবাফুল।" আমি তৎক্ষণাৎ তাহাকে ফুল দিলাম। কুস্তম ফুল পাইয়া হাসিতে আরম্ভ করিল।

বগুড়াতে যাইয়া শ্রীমন্ত ডাক্তার আর শ্রীমন্ত কবিরাজকে কুস্থমের চিকিৎসার্থ নিযুক্ত করিলাম। উভয়ে এক মত হইয়া ঔষ্ধ দিতে আরম্ভ করিল। ১১এগার দিবদ কাল কুস্থম স্থপ এবং হ্র্য্ম-সিক্ত বার্লি-বিষ্কৃট স্বাহার করিয়া জীবন ধারণ করিল। জলের পরিবর্ণ্ডে ছোডা-

ওয়াটার পান করিত। এগার দিবস পরে কুস্তুমের জ্বর ছাড়িল এবং ঘর্ম আরম্ভ হইল। ঘর্ম দেখিয়া আমাদের ভয় হইল। কবিরাজ ভয়ে রাত্রিতে আসিলেন না. কেবল ঔষধ পাঠাইয়া দিলেন। ডাক্তার আসিলেন এবং বলিলেন যে "কোন ভয় নাই, আমি পূর্ব্বেই বলিয়াছি যে, যখন জর ছাড়িবে, তথন এক থানা নেকড়ার মত হইবে।" কুস্কুমের প্রস্থৃতি. মথুর, জলদা ও দিজেবদ্র এবং আমি সমস্ত রাত্রি জাগরণ করিলাম। প্রতি চুই ঘণ্টা অন্তর অর্দ্ধবৃটিকা কস্তুরিভৈরব সেবন করাইতে আরম্ভ করিলাম। তুই ঘণ্টা অস্তর শরীরের তাপ ৯৬° ডিগ্রীর নীচে নামিতে লাগিল, কিন্তু কস্তুরি-ভৈরব থাওয়াহইলেই আবার ৯৬° ডিগ্রীর উপর উঠিতে আরম্ভ করিল। আমি মধ্যে মধ্যে জিজ্ঞাদা করিতাম "কুস্থম! কেমন আছ ?" কুস্কম বলিত "বেশ আছি।" এই প্রকার চিস্তায় রজনী অতিবাহিত হইল। প্রভাতে ডাক্তার ও কবিরাজ হইজনেই উপস্থিত হইলেন। ডাক্তার বলিলেন "এথন আর ভয় নাই:" কিন্তু কবিরাজ বলিলেন, "এখনও নাড়ীতে গোল আছে।" কিন্তু অর্দ্ধঘণ্টা পরেই কবিরাজ বলিলেন "এখন নাড়ী ভাল হইয়াছে।" এই রোগ খইতে মুক্তিলাভ করিয়া কুস্থম ক্রমশঃ স্থন্থ হইতে আরম্ভ করিল। মধ্যে মধ্যে জর হইত, আর নানাবিধ ঔষধ প্রয়োগ করিতাম। কুস্কুম অনেক দিন পর্যান্ত পোর্ট এবং স্কটস্ ইমালসন্ সেবন করিয়াছিল।

কুস্থম সপ্তম বর্ষে পদার্পণ করিয়া বছবিধ পুস্তক পাঠ করিতে আরম্ভ করিল। আমি তাহাকে কথনও কোন বিভালয়ে পাঠাই নাই; কিম্বা তাহাকে শিক্ষা দিতে কোন শিক্ষক নিযুক্ত করি নাই। বাঙ্গালা কোন বিষয় কথনও দে আমাকে তথন জিজ্ঞাসা করে নাই। নিজে বাসায় বিসয়া পড়িত এবং নিজেই তাহার মর্ম্ম ব্রিত। আমি যতক্ষণ বাসায় থাকিতাম, ততক্ষণ আমার নিকটে বিসয়া অধ্যয়ন করিত; কিম্বা থেলা

করিত। কথন কথন থেলা ঘরে ধুলিও শাকসবজি দ্বারা ভাত, ডাইল, মাছের ঝোল, মাছ ভাজা, কপির ডাল্না, টক্, পানিতাওয়া, রসগোলা, সন্দেশ, সরপুরিয়া, মিষ্টান্ন, দধি, ত্রগ্ধ ইত্যাদি প্রস্তুত করিয়া মৃত্তিকার বাসনে আমার নিকট আনিত, এবং বলিত, "নেও বাবা। খাও। অনেক পদ তৈয়ার করেছি; তাই একটুকু দেরি হয়েছে। তোমার ক্ষুধা পেয়েছে, তা আমি বুঝেছি। ভুমি ত আর তুইএক পদে সন্তুষ্ট হওনা, সে জন্ম অনেক পদ তৈয়ার কর্ত্তে বিলম্ব হয়েছে।" কখন কখন বা রাত্রিতে আহা-রের পর আমার সঙ্গে শয়ন করিয়া বলিত "এস বাবা। মা-ছেলে থেলা করি।" তাহার পর আমি বলিতাম "মা। আমি একটি বর্দ্ধমানের সীতা-ভোগ থাব।" সে বলিত "নেও একটি সীতা ভোগ।" আমি বলিতাম. "মা! সীতাভোগে গন্ধকেন ?" কুস্থম বলিত "বৰ্দ্ধমান যে অনেক দূরের পথ, আন্তে পথে একটুকু গন্ধ হয়েছে।" এইরূপ নানাবিধ মিষ্ট্রামগ্রীর নাম করিয়া আমার মুথের নিকট হাত আনিত। কখনও বা ঘোঁ করে শব্দ ক'রে আমাকে বলিত, "বাবা। বাঘ এসেছে: লেপের নীচে মাথা এনে চুপ ক'রে থাক।" এইরূপ নানাবিধ ক্রীড়া কৌতুকে আমার চিত্ত-বিনোদন করিত।

এক দিবস মথ্র বলিল "কুস্কম! তোমার বাবা যদি তোমাকে কোন কুংসিত বোকা ছেলের সহিত বিবাহ দেন ?" কুস্কম উত্তর করিল "বাবা কি আমার শত্তে ?"

কুস্থমের সপ্তমবর্ষ অতীত হইল। সে কথন কথন আমার সঙ্গে স্থানাইত্রেরীতে গিয়া নানাবিধ সাহিত্য পুস্তক অধ্যয়ন করিত। পূজার-পূর্ব্বে কুস্থমের জ্বর হয়। প্রথমতঃ ডাক্তার দারা চিকিৎসা করি। কুষ্নের পা ফুলিয়া অত্যন্ত বেদনা হইয়াছিল। সে বলিল "বাবা! পা নাড়িতে পারি না, অত্যন্ত বেদনা, ডাক্তারকে "ঔষধ দিতে বল।" ২২ দিন পর্যান্ত এইরূপ যাতনা সহ্য করিল; কিন্তু এক দিনও কাঁদে নাই; কিন্তা কোনরূপ বিষাদ প্রকাশ করে নাই; অমানবদনে এই কঠোর যাতনা সহ্য করিয়াছে। কিন্তু ডাক্তার জর কিছুতেই দ্র করিতে পারিল না। তাহার পর কবিরাজ দারা চিকিৎসা আরম্ভ করিলাম। কুষ্কম আরাম হইলে পরে তাহাকে নিয়া পূজার সময় বাড়ী গেলাম। কিন্তু বাড়ীতে পুনরায় তাহার হামজর হইল, আমার সঙ্গে পূজার পর সে আসিতে পারিল না। কুষ্কম ও তাহার জননীকে বাড়ী রাথিয়া আমি বগুড়া গেলাম। বাড়ীতে কুষ্ক্রের কঠিন আমাশয় হইল। প্রায় মানৈক রোগ ভোগ করিয়া কুষ্কম তাহার মাসতাত ভ্রাতা স্বরেক্রনাথ বয়্ব, পিসতাত ভ্রাতা দিজেক্রনাথ রায় ও তাহার জননী বগুড়া গেল।

প্রতিবার ব্যারামের পরই কুস্থমের বৃদ্ধির বিকাশ হইত। Thomas Dequincey says in his Early memorials of Grasmere, "Wonderful it is to see the effects of sudden misery, sudden grief or sudden fear in sharpening (where they do not utterly upset) the intellectual perceptions." এইবার কুস্থম বাঙ্গালা রামারণ, মহাভারত, দেবীপুরাণ, সৌরপুরাণ, শ্রীমং-দ্রাগবত, বৃহদ্ধর্মপুরাণ, সীতার বনবাদ, শক্স্তলা, কাদম্বী প্রভৃতি গ্রন্থ পাঠ করিতে আরম্ভ করিল। শব্দের অর্থ কাহাকেও জিজ্ঞাদা করিত না। এক দিবদ কুস্থম স্কুললাইত্রেরীতে বিদিয়া শকুন্তলা আতম্ভ পাঠ করিল। আমি বলিলাম "কুস্থম! এই কয় ঘণ্টার মধ্যে সমস্ত

শকুন্তলা পাঠ করিলে ? কোন শিক্ষক, এখন নাম ঠিক বলিতে পারি না, বলিলেন, "বোধ হয় কেবল পুস্তকের পাতা উল্টাইয়াছে।" আমি বলিলাম, "জিজ্ঞাসা করুন।" কুস্থমকে জিজ্ঞাসা করাতে সে ঐতিহাসিক গলটির সার অতি সহজে বলিল। শিক্ষকটি তখন বিশ্বিত হইয়া কুস্থমের মুখপানে চাহিয়া রহিলেন। এক দিবস কুস্থম শ্রীমন্তাগবতের পুরঞ্জন-পুরের চিত্রটি আমাকে এত সহজে ও সংক্ষেপে বুঝাইয়া দিয়াছিল যে, আমি তাহাতে অতীব বিশ্বিত হইয়াছিলাম। এই সময় হইতে কুস্থম কবিতা রচনা করিতে আরম্ভ করে।

তাহার প্রথম কবিতা—
"করুণা-সাগর পিতঃ অখিলের পতি।
তোমার চরণ যুগে অসংখ্য প্রণতি॥
তোমার আদেশে প্রভু জনম ধারণ।
তব রাঙ্গা পদে আমি নিলাম শরণ॥"

এই কবিতা শুনিরা আমার মনে কেমন একটা ভাবের উদয় হইল।
এই মাত্র সাত বৎসর বয়স অতীত হইরাছে, ইহার মধ্যে এ বালিক।
কেমন করিয়া এ কবিতা রচনা করিল। "তোমার আদেশে প্রভু
জনম ধারণ" তবে কি আমরা ঈশ্বরের নিকটে থাকি এবং তাঁহার
আদেশ হইলে এজগতে আগমন করি ? যদি তাঁহার আদেশে জন্মধারণ করি, তবে তাঁহারই আদেশে সংসার ত্যাগ করিতে হইবে।
আমার মনে হইল কুস্থমের রুগদেহ, বোধহয় আমাকে প্রকারান্তরে
আভাস দিল। তদবধি আমি চিস্তা করিতাম "ভগবন্! তোমার
আদেশে ইহ জগতে আসিয়াছি, তোমার অভিপ্রেত কার্য্য যেন সম্পাদন করিতে পারি।

কুষ্ম আমার সঙ্গে সর্ব্বভ্রই বেড়াইতে যাইত। আমি যথন বগুড়া জিলাস্কুলের হেড্মাষ্টার ছিলাম, তথন ৮ উমেশচল্র বটব্যাল ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট্, শ্রীযুক্ত কেদারনাথ রায় পাবনা ও বগুড়ার সেসনজজ ও ৮ রায় গোপালহরি মল্লিক বাহাত্বর ডিক্ট্রীক্ট স্থপারিণ্টেণ্ডেণ্ট ছিলেন। আমি কুস্থমকে নিয়া ইহাদের সকলের নিকটই যাইতাম এবং ইহারা সকলেই তাহাকে অত্যন্ত স্নেহ করিতেন।

গোপালহরি মল্লিকের প্রথম স্ত্রীর বিয়োগ হওরাতে তিনি বৃদ্ধাবস্থার বগুড়াতেই পুনঃ দার পরিগ্রহ করেন। তাঁহার নবপরিণীতা জায়া ক্রিনশশী অতি রূপবতী। এক দিবস কিরণশশী বলিল "কুস্থম! ভূমি কবিতা রচনা করিতে পার, আমার রূপ বর্ণনা কর।" কুস্থম তথনই বলিল—

"কিবা অপরূপ রূপ করি দরশন।
রূপের ছটায় যেন শশীর কিরণ॥
সার্থক কিরণশশি হ'ল তব নাম।
হেরিয়া কমল মুখ পুরে মনক্ষাম॥
আহা কিবা মরি রূপ ভূবন-মোহন।
দন্তপাটি যেন ঠিক মুক্তার গাখন॥
কেশগুচ্ছ যেন ঠিক বিষধর-ফণা।
হরিণ জিনিয়া হও স্কচারুনয়না॥"

কিরণশনী আনন্দিত হইয়া কুস্থমকে একটি টাকা পুরস্কার দিল। বহি-র্বাটীতে আসিয়া কুস্থম আমাকে টাকা দেথাইল। আমি বলিলাম "টাকা ফিরাইয়া দেও।" সে বলিল, "আমি টাকা আনিতে চাই নাই, আমার কাপড়ে বান্ধিয়া দিয়াছে।" তাহার পর কুস্থম টাকা ফিরাইয়া দিল।

এই কবিতা শুনিয়া সকলেই বিশ্বয়াপর হইলেন। নগরস্থ অনেক ভদলোক বলিল, "এতটুকু মেন্দ্রে,কোথায় এমন ভাষা পাইল ?" "রূপের ছটায় বেন শশীর কিরণ।" কেমন স্থন্দর ভাষা। "সার্থক কিরণশশি হ'ল তব নাম।" ইহাতে পাণ্ডিত্য আছে, তোমার রূপের ছটায় বথন শশীর কিরণ দেখিতেছি, তখন তোমার কিরণশশী নাম অর্থ যুক্ত। এইমাত্র আট বছরে পড়েছে, এ বালিকা অর্থ কেমন করিয়া ঠিক করিল। এবস্থিধ প্রশংসা চতুর্দ্ধিকে প্রচারিত হইল।

এক দিবস গোপালহরি বাবু বলিলেন "কুস্থম! মেমসাহেবের রূপ বর্ণনা কর্লে, আমার রূপ বর্ণনা কর; তবে ত মেমসাহেব সম্ভুষ্ট হবেন।" কুস্থম তথন তাহার রূপ বর্ণনা করিল—

"কিরণশশীর পতি, রূপে যেন রতিপতি গোঁপধারী অতি মনোহর। স্থগঠিত কলেবর, কোকনদ জিনি কর,

ঠিক যেন দেব লম্বোদর॥"

এই কবিতা শুনিয়া গোপালহরি বাবু অতীব সম্ভষ্ট হইলেন। বটব্যাল দাহেব সর্বানাই গোপালহরি বাবুকে "গণেশপোট" বলিয়া সম্বোধন করিতেন। তিনি এই কবিতা শুনিয়া চেয়ার হইতে উঠিলেন এবং কুস্থমকে ক্রোড়ে করিয়া নাচিতে আরম্ভ করিলেন। তিনি আমাকে বলিলেন "প্রসন্ন বাবু! আমার সমস্ত ছেলে মেয়ে না হ'য়ে, যদি কুস্থম আমার মেয়ে হ'ত, তা হ'লে আমি ঈশ্বরকে ধ্যাবাদ দিতাম এবং পরম স্ব্রথী হইতাম। আপনি খুব ভাগ্যবান পুক্ষ। কুস্থমের যে কেবল কৰিষ শক্তি আছে এমন নহে, ইহার দর্শন শক্তিও অতি চমৎকার। গোপাল হরি বাব্র পেট্টি ঠিক গণেশের পেটের মত, ইহা ত কুশ্বম এই বয়সে ঠিক করেছে। হাতের তালু লাল, তাই কোকনদ সদৃশ বল্লে। আর গোপাল হরি বাব্র গরিবারের বর্ণনাতে খুব মাধুরী আছে। "দন্তপাটি বেন ঠিক মুক্তার গাথন।" কেমন শ্বন্ধর বর্ণনা!"

এই কবিতা রচনার পর হইতে কুস্থমের বশ আরো বেশী হইল।
এক দিবদ বগুড়ার এদিষ্টান্টদার্জন বাবু প্যারীশঙ্কর দাদ কুস্থমের কবিত্বশক্তি পরীক্ষার জন্ম অপরাক্ষ্য সময়ে আমার বাদায় উপস্থিত হইলেন।
কুস্থম বহির্বাটিতে আমার নিকটে একথানা চেষারে উপবিষ্ট ছিল।
প্যারী বাবু অন্ম একথানা বেত্রাসনে উপবেদন করিলেন। প্যারী বাবু
বলিলেন "কুস্থম! আমি এক পদ রচনা করিব, তোমার অন্মপদ পূরণ
করিতে হইবে।" কুস্থম শক্ষ প্রয়োগ করিল না।

প্যারী বাবু বলিলেন—

"তুর্য্যোধন রাজা ছিল পাপেতে মগন।"

কুস্থম বলিল-

"ভামের হস্তেতে তার হইল নিধন॥"

প্যারী বাবু বলিলেন—

"রামের বনিতা ছিল জনক-নন্দিনী।"

কুস্থম বলিল--

''রাবণ হরিয়া নিল পেয়ে একাকিনী॥''

প্যারী বাবু এবার স্তম্ভিত হইলেন। আমি বলিলাম "দেখুন কেবল যে আপনার কবিতার পাদপূরণ করিয়াছে, এমন নহে, ইহার সঙ্গে

সমস্ত মহাভারত ও রামায়ণের সারও ঠিক উপযক্ত বিষয়টি বলিয়াছে। "দ্রুয্যোধন রাজা ছিল পাপেতে মগন।" ইহার মিল কত অসংখ্য কবিতা দারা হইতে পারে: কিন্তু তাহা না বলিয়া পাপের প্রায়শ্চিত স্বরূপ 'ভীম হত্তে নিহত' এই কথাটি বলিয়াছে। "রামের বনিতা ছিল জনক নন্দিনী।" এই কবিভার মিল কত শত কবিতা দারা হইতে পারে, তাহা না বলিয়া রামায়ণের সার্টুকু বলিয়াছে। আরো দেখুন শব্দগুল क्यन भिष्टि।" भाती वाव विनातन "मन्नूरथ अभःमा कतिरवन ना। ভাহাতে হয়তো ইহার অহন্ধার হইয়া সমস্ত মাটি হইতে পারে। যাহাতে हेरात क्रेयत-थानल मिक्कित विकाम रूप, जारावरे क्रिशे कविदवन।" কিন্তু কুম্বম কথনও প্রশংসায় গর্বিতা হয় নাই, আরো যেন মাটির মত হইয়াছে। প্যারীবাবুর একটি ষোড়শ্বরীয়া ছহিতা বেশ কবিতা রচনা করিতে পারিত। প্যারীবাবু তাহার রচিত কবিতা এবং কমলিনী নামক স্বর্রিত একথানা গ্রন্থ কুসুমকে উপহার প্রদান করিয়াছিলেন। এক দিবদ কুস্থমের পা কুঠারে লাগিয়া অধিক পরিমাণ কাটিয়া-ছিল। আমি তথন স্কুলে ছিলাম। কুমুম কোনরূপ শব্দ প্রয়োগ না করিয়া শীতল জল দারা পা ধুইতে ছিল। তথন তাহার প্রস্থতি দেখিতে পাইল এবং রক্ত দেখিয়া চিৎকার করিয়া বলিল, "দর্বনাশ।" কুসুম বলিল, "মা! চুপ কর, ঠাণ্ডা জল দিলেই সারিয়া যাইবে, তুমি একটুকু পরি-ষার নেক্ড়া দেও।'' তাহার প্রস্থতির নিকট হইতে নেক্ড়া নিয়া ক্ষত স্থান বন্ধন করিল এবং বিছানায় শুইয়া রহিল। শোয়ার সময় তাহার গর্ভধারিণীকে বলিল "মা! বাবাকে এবিষয় কিছু বলিও না।" যে দিবদ দে স্কুলে না যাইত, সেই দিবদ চারিটা বাজিলেই বহির্বাটীতে পথ মাঝে আমার অপেকায় দাঁড়াইয়া থাকিত। আমি ক্রোড়ে করিয়া ' তাহার মুণ-চুম্বন করিতে করিতে গৃহে প্রবেশ করিতাম। কিন্তু সেই नियम क्ष्मारक क्ष्मा किशा श्रथ मार्य ना मिश्रा ममयाख शृष्ट खरम किताम विश् जाहात जननीरक जिल्लामा कितामा, "क्ष्म रकाशांत्र ?" मि दिनन, "क्ष्म खर जाहा।" जामि दिननाम "रकन ?" मि दिनना, "क्ष्मरमत्र शा रकमन कित्रा क्षित्र रकरिष्ट, जांहे खर जाहा। जामात्र निक्छे वक्षा दन्द जामात्र निर्ध करत्र हा।" जामि जमनि क्ष्मज्ञान मिथि जिलाम। क्ष्म दिनन, "व्यन मिक्ज़ थूनना, थूल जावात त्रक्ल फ्रिं।" जामि वक्षन ना थूनित्रा जिल्लामा किताम, जामारक जानाहर जित्र करत्र हि।" क्षम दिनन, "क्षि दन्द, 'क्षि वफ़् ज्ञावशान' जांहे जामि निर्ध करत्र हि।"

কোন কোন দিবস সন্ধ্যার সময় কুস্থম তক্তপোষের উপর নাচিত এবং গান করিত, "ও যার পাথ্না নেড়ে ধ্ল ঝেড়ে লেজ্টি মুড়ে যমকে মারি। ও সে প্রাণের পাথী, গুণের ঢেকি তারে কি আর ভূল্তে পারি।" শাইস্তা পাগ্লার এই গানটি কোন একথানা উপস্থাস পড়ে সে শিথে ছিল। এই গানটি এতই মধুর বোধ হইত যে, এখনও যেন সেই গানটি সময় সময় আমার কর্ণে বাজে।

শারিত না। কুস্থমের প্রস্থতি স্থরেক্রকে অঙ্ক শিথাইবার জন্ম আমাকে আমুরোধ করে। আমার আনেক কাজ, তাহাকে পড়াইবার আমার সময় ছিলনা, তাই আমি স্বীকার করিলাম না। স্থরেক্র তথন গুণ বিভাগ করিত, এবং বয়সে কুস্থমের বড়। কুস্থম একদিবস আমাকে বলিল, "বাবা! আমি আঁক শিথিব।" সে হুই তিন দিবসের মধ্যে যোগ,বিয়োগ, গুণ, বিভাগ শিক্ষা করিয়া স্থরেক্রকে শিক্ষা দিতে আরম্ভ করিল।

এক দিবদ পাবনা ও বগুড়ার দেসন জজ রায় সাহেব,কুস্কম ও আমি ব'সে আছি, এমন দময় বটব্যাল সাহেব তথায় উপস্থিত হইলেন। রায়- সাহেব বটব্যাল সাহেবকে দেখিতে পান নাই। গতিকেই অভ্যর্থনাও করেন নাই। বটব্যাল সাহেব বলিলেন, "কেদার রায়! তোমার এতদ্র আম্পর্কা, আমি ব্রাহ্মণ, তোমার নিকটে দণ্ডায়মান; তুমি উঠিয়া এখনও আমার অভ্যর্থনা কর নাই? তখন রায় সাহেব বলিলেন, "আমি ডিষ্টি, ক্ক জ্জ, তুমি ডিষ্টি, ক্ট আমার নিকট আসন প্রার্থা ?" বটব্যাল সাহেব বলিলেন, "আচ্ছা, তুমি বড়, কি আমি বড়, ইহার বিচার করুক কুমুম।" কুমুম বলিল—

গুরুরগ্নি র্দ্বিজাতীনাং বর্ণানাং বাক্ষণো গুরুঃ। পতিরেকো গুরুঃ স্ত্রীণাং সর্বব্রাভ্যাগতো গুরুঃ॥

ইহা শুনিরা বটব্যালসাহেব বলিলেন, "এখন কেমন ?" রার সাহেব বলিলেন, 'এ বিচার কুস্থমের নহে। কুস্থমের পিতা ব্রাহ্মণদিগের রচিত একটি শ্লোক তাহাকে অভ্যস্ত করাইরাছে; তাহাই কুস্থম এখন বলিল।" বটব্যাল সাহেব বলিলেন "কুস্থম আরো শ্লোক জানে, তাহা বলিল না কেন ?" তথন বটব্যালসাহেব কুস্থমকে জিজ্ঞাসা করিলেন, "কুস্থম! তুমি এশ্লোক এখন বলিলে কেন ?" কুস্থম বলিল, "আপনি ব্রোহ্মণ এবং অভ্যাগত, তাই বলেছি।" তথন বটব্যাল সাহেব অতীব আহলাদিত হইলেন এবং আমরা সকলে হাসিতে আরম্ভ করিলাম।

একদা কুস্থম বলিল, "বাবা! যত উপস্থাস ও নাটক পড়ি, তাহার অধিকাংশ প্রণয় ও অস্বাভাবিক ঘটনাপূর্ণ। তুমি একথানা উপস্থাস লিখ, যাহাতে বিশুদ্ধভাব, ধর্মবিষয় এবং যাহাতে দেশের কুপ্রথা নিবাক্রিত হয়, এমন কথা থাকিবে"। আমি তাহার কথামত হারাণী ওরফে চারহাসিনী লিথিয়াছি।

১৮৯৭ খৃষ্টাব্দে জুন মাসে বগুড়া প্রভৃতি জিলাতে ভয়ানক ভূমিকম্প হয়। আমরা তথন বগুড়াতে ছিলাম। আমি কোঠার মধ্যে বিদয়া চারুহাসিনী লিথিতেছিলাম। কুস্থম বারিন্দায় বিদয়া কোন একখানা পুস্তক পাঠ করিতেছিল। কুস্থম হঠাৎ বারিন্দা হইতে লাফ দিয়া বলিল, "বাবা! ভূমিকম্প।" আমি ভাবিলাম, কুস্থম কথনো ভূমিকম্প দেখে নাই, কেমন করিয়া ব্ঝিল যে ভূমিকম্প হইয়াছে ? এইরূপ ভাবিতেছি এমন সময় সমস্ত গৃহ কম্পিত হইল এবং দেওয়াল ফাটিতে আরম্ভ করিল। সম্ব্থে টেবল ও পশ্চাতে চেয়ার; আমার বাহির হইতে কিছু রিলম্ব হইল। কুস্থম আমাকে ডাকিল এবং হরি হরি বলিতে লাগিল। আমি বাহির হইয়া কুস্থমকে এক হত্তে ও তাহার প্রস্থতিকে অন্ত হত্তে ধারণ করিলাম। কোন কোঠা ভাঙ্গিয়া কুস্থমের গায়ে পড়িতে না পারে, কুস্থম এমন স্থলে দণ্ডায়মান ছিল।

কোন সময়ে স্থরেক্রকে তাহার মাসীমাতা কি পছ প্তক পড়াই-তেছিল। তাহাতে "জীবন শুক্ষ" এইরপ একটি পদ ছিল। স্থরেক্রের মাসীমাতা ব্রাইল, "প্রাণ শুখাইয়া গেল।" কুস্কম নিকটে ছিল; সেবলিল "মা! এখানে জীবন অর্থ প্রাণ নহে, এখানে জীবন অর্থ জল।" কুস্কমের প্রস্থতি বলিল "জীবন অর্থ জল।" কুস্কমের প্রস্থতি বলিল "জীবন অর্থ জল কোথায় পালি? তিনি বলেছেন কি?" কুস্কম বলিল, "না, মবিলা বলেন নাই, মহাভারতে পেয়েছি, 'বরুণ অস্ত্র মারি পার্থ বরিষে জীবন।' বরুণ অস্ত্র মারি কি প্রাণ বর্ষণ করিল? বরুণ অস্ত্র মারি জল বর্ষণ করিল।"

এই সময়ে কুস্থমকে ইংরেজি পড়াইতে আরম্ভ করি। একদিন একথানা প্যারীচরণ সরকারের ফাষ্টবুক পড়াইতে আরম্ভ করিলাম। य, वि, नि ইত্যাদি একবারেই শিক্ষা করিল। তাহার পর বলিল, "কোন্
অক্ষরের কি উচ্চারণ বলিয়া দেও।" আমি বলিলাম এ, একার, বি
ব্ ইত্যাদি। তথন সে বলিল, "তবে বি, এ, বে; নি, এ সে; ডি, এ
ডে; আমি বলিলাম নির পর এ থাকিলে কে; জির পর এ থাকিলে
গে হয়। এইরপ সামান্ত কিছু পড়াইলাম। ১০। ১২ দিবসের মধ্যে
সেই পুস্তক শেষ করিল। তাহার পর এক দিবস কুস্থম বলিল, "বাবা!
ইংরেজি পড়ে লাভ কি? কে দৌড়িতে পারে, আমার লাটিম, ইহা
পড়ে কি হবে? বাঙ্গালা পড়িলেই হবে। ইংরেজি প'ড়ে আমার
বৃথা সময় যাবে।" কিন্তু তথাপি আমি কয়েক থান। ছোট ইংরেজি
পুস্তক পড়াইয়াছিলাম। তাহার মধ্যে তিনটি কবিতা তাহার ভাল
বোধ হইয়াছিল, এবং সেই তিনটি কবিতা সে কণ্ঠস্থ করিয়াছিল।

1

Twinkle, twinkle, little star, How I wonder what you are, Up above the world so high, Like a diamond in the sky.

When the blazing sun is gone, When he nothing shines upon, Then you show your little light, Twinkle twinkle, all the night.

Then the traveller in the dark, Thanks you for your tiny spark; He could not tell which way to go, If you did not twinkle so. In the dark blue sky you keep
And often through my curtains peep;
For you never shut your eye,
Till the sun is in the sky.

2

Now I wake and see the light; God has kept me through the night; Make me good, O Lord, I pray; Keep and guard me through this day.

O Lord, my God to thee I pray, When from my bed I rise That all I do and all I say Be pleasing in thine eyes.

2

This night, when I lie down to sleep,
I give the Lord my soul to keep;
If I should die before I wake,
I pray the Lord my soul to take.

In my little bed I lie, Heavenly Father, hear my cry:— Lord, protect me through the night, Bring me safe to morning light.

সন্ধার সময় অনেক দিন ১নম্বর কবিতা মুখন্ত বলিত। রাত্রিতে শয়ন করিবার সময় কোন দিন ৩নম্বর স্তব, কোন দিন বা নিম্নলিখিত স্তব পাঠ করিত। জয় মা চণ্ডিকে, বিপদ খণ্ডিকে, শমনদণ্ডিকে তারিণি।
চণ্ডঘাতিকে, মুণ্ডপাতিকে, ভক্তমঙ্গলকারিণি॥
বরাভয়করা, খর খড়্গধারা শঙ্করহৃদি বাসিনি।
এদীন তনয়া ডাকে মা অভয়া দয়াকর ভয়নাশিনি॥

কোন দিবস প্রাতে ২নম্বর ইংরেজি স্তব পাঠ করিত, কোন দিবস যাহা মনে ভাল বোধ হইত, সেই রূপই ঈশ্বরের স্তব করিত।

আমি তাহার পুস্তক পাঠের স্পৃহার তৃপ্তি-সাধন করিতে পারি
নাই। আমার নিকট রামায়ণ, মহাভারত, বৃহদ্ধর্ম পুরাণ, কালিকা
পুরাণ, সৌরপুরাণ প্রভৃতি যে সকল পুস্তক ছিল, এবং বগুড়া স্কুলের
লাইত্রেরিতে যে সকল বাঙ্গালা পুস্তক ছিল, সমস্ত পাঠ করিয়া সে
আমাকে নৃতন পুস্তক ক্রয় করিতে অন্থ্রোধ করিল। আমি আর পুস্তক
ক্রয় করিতে পারিলাম না। তথন বগুড়ার প্রথম মুস্তেক্ হুর্গাচরণ বাবুর
বাসায় যাতায়াত আরম্ভ করিল। হুর্গাচরণ বাবুর দিতীয় পরিণয়ের স্ত্রী,
লেখা পড়া জানিত। তাহার নিকট হইতে নানাবিধ পুস্তক আনিয়া
পাঠ করিত।

বটবাল সাহেব কুস্থমকে ভাল বাসিতেন। অনেক সময় আমার বাসার নিকট আসিয়া আমাকে ডাকিয়া বলিতেন, "কুস্থমকে সঙ্গে আফুন।" শ্রীযুক্তা কামিনী রায়ের এবং শ্রীযুক্ত রবীন্দ্রঠাকুরের রচিত পাছাগ্রন্থ তিনি কুস্থমকে অধ্যয়ন করিতে দিয়াছিলেন। তিনি কুস্থমকে সংস্কৃত পাঠ করিতে বলেন। কুস্থম সংস্কৃত পড়িতে আরম্ভ করে। কিন্তু পড়িয়াই আমাকে বলিল, "বাবা সংস্কৃত ও ইংরেজীর যে সকল পুস্তক বাঙ্গালায় অনুবাদিত হয়েছে, তাই আমায় পড়তে দেও।" তদবধি আর সংস্কৃত পাঠ করে নাই।

হরা শ্রাবণ কুন্থমের অষ্টমবর্ধ অতীত হইল। আধিন মাসে ছর্গাপুজার সময় আমরা বাড়ী গেলাম। জলপথে বাড়ী গিয়াছিলাম। যমুনা ও পদ্মার সংযোগস্থলের কিঞ্চিং উপরিভাগে নাবিকগণ সন্ধ্যার সময় নোকা রাথিয়াছিল। সেই সময় কুন্থম বলিল, "দেখ বাবা! নদীর জল কল্ কল্ ক'ছে, আর চাঁদের ও তারাগুলির ছায়া নদী-বন্দে কেমন স্থান্দর দেখায়!" নদী সে হানে অতি প্রশন্ত। ভার বেলা স্থ্য অতি প্রকাণ্ড ও রক্তিমাকার দেখাইয়াছিল। কুন্থম বলিল "বাবা! দেখ, শীঘ্র দেখ, উষার ললাটে কেমন স্থান্দর সিন্দুরের ফোটা।"

দেশে অনেকেই কুস্থমের কবিত্ব শক্তি পরীক্ষার্থ আসিয়াছিল।
কাহার নিকট কি বলিয়াছে, আমি সব জানি না। কুস্থম যথন তাহার
মাতুলালয় রাড়ীখাল যায়, তাহার মাতুল কুমুদিনীকাস্ত রায় (যিনি এখন
হাওড়ার মুন্সেফ্) কুস্থমকে ডাকিয়া তাহার প্রাসাদের মধ্য কুঠরিতে
নিলেন এবং বলিলেন "কুস্থম! আমি একপদ রচনা করি, তুমি আর
এক পদ বল।" কুস্থম কোন শক্ষ প্রয়োগ করিল না।

' क्र्यू पिनौ वां वू विलातन—

"আকাশের গায় দেখ কি স্থন্দর হায়।"

কুস্থম বলিল---

"ছোট ছোট তারাগুলি ভেসে ভেসে যায়॥"

क्र्मू िनी वातू विलितन-

''হীরকের খণ্ড যেন করে ঝল মল।"

(8)

কুস্থম বলিল---

''তার মাঝে শশধর করে টল মল॥"

হাওড়ার হরিমোহন বাবুর দিতীয়া কলা নলিনী, কুমুদিনী বাবুর কেলীকুঞ্চিকা। তিনি তথন কুমুদিনী বাবুর বাড়ী বেড়াইতে গিয়াছিলেন। কুমুদিনী বাবু কুস্থমকে নলিনীর রূপ বর্ণনা করিতে বলেন; কুস্থম তথন বর্ণনা করিল—

নলিনীর মুখরুচি, হেরি ছুঃখ গেল ঘুচি, ধরাগেল আকাশের চাঁদ।

পদ্ম-গন্ধে অলি উড়ে, কুন্দদন্তে রোধে তারে, বিধাতার অপরূপ ফাঁদ॥

কিবা সৌন্দর্য্যের শোভা, মুনিজন-মনোলোভা, কেশ যেন বিষধর ফণী।

তার ভুজ-লতা হেরি, মৃণাল প্রবেশে বারি, আঁখি হেরি পলায় হরিণী॥

উপস্থিত সকলেই অতীব সম্ভোব লাভ করিল। নলিনী কবিতার এক খণ্ড নকল নিয়াছিল। আমি বলিলাম "দেখ কুমুদিনী বাবু! আট বৎসরের বালিকা কেবল যে পদ মিলাইয়াছে, এমন নহে, ইহার কবি-তার কেমন মাধুরী! মুখখানা শুদ্ধ যে চন্দ্রের সঙ্গে তুলনা করিয়াছে, এমন নহে; তাহার সঙ্গে একটুকু বিশেষ ভাব দিয়াছে। চন্দ্র অতি স্থানর জিনিষ, কিন্তু অতি উচ্চ বলিয়া হাতে ধরা যায় না, এই হৃঃখ লোকের মনে ছিল। কিন্তু অত্য নলিনীর মুখফটি দর্শনে সে হৃঃখ দ্র হুইল।কারণ নলিনীর বদন-কমল অবিকল চন্দ্র। তাই চন্দ্র হাতে ধ'রে, চাঁদ ধরা যায় না বলিয়া যে ছঃথ ছিল, তাহা দ্র হইল। ইহাতে কত ভাব। মুথে পদ্ম-গন্ধ এবং দস্তগুলি কুন্দফুলের স্থায়। সেই রূপকে বিধাতার কৌশলের বিষয় উল্লেখ করিয়াছে। "তার ভূজ-লতা হেরি মৃণাল প্রবেশে বারি, আঁথি হেরি পলায় হরিণী'' ঠিক যেন ভারত-চল্রের বিভাবর্ণন। আমি কিন্ত কুস্থমকে ভারতচল্রের গ্রন্থাবলী পাঠ করিতে দেই নাই।

বিক্রমপুরস্থ কোলা নিবাদী ললিত কুমার বস্থর দ্বিতীয়া ক্সা
কিরগায়ী কুস্থমের মাদতাত ভগিনী। কিরণের অন্থরোধ বশতঃ
তাহার রূপ বর্ণনা—

কিরণের রূপহেরি হেন মনে লয়।

যাজ্ঞসেনী হল কিবা ভূতলে উদয়॥

কুরঙ্গিনী পায় লাজ নয়ন শোভায়।

কুন্তলের শোভা হেরি সাপিনী লুকায়॥

শারদীয়া পূজার পর আমরা বগুড়া গেলাম। কুস্থমের ছোট পিসা
গিরিশচক্র রায় চাক্রির উদ্দেশে বগুড়া গিয়াছিল। এক দিবস
কুস্থম তাহার সঙ্গে করতয়া নদীতে স্নান করিতে গিয়াছিল। নদীর
পার নবাব আবদস্ শোভান চৌধুরির বাড়ী। কুস্থম তাঁহার বাগান
দেখিল এবং তাহার পিসাকে কয়েক খানা ফ্লের ডাল আনিতে
অমুরোধ করিল। গিরিশ ফুলের ডাল আনিরা কুস্থমের শর্মনের
কোঠার পশ্চিম দিকে রোপণ করিল। কুস্থম নিয়লিখিত কবিতাটি
লিখিয়া আমার হস্তে দিল—

ওকি সখি! কি করিলে, কোন্ প্রাণে ছিঁড়ে নিলে, গোলাপ কুন্থম ছিল কানন আলিয়া।

কি স্থন্দর ছিল শোভা, মুনি-জন-মনোলোভা, কণ্টক আরত ডালে ছিল যে হেলিয়া॥

কুস্কুম, স্থারেক্ত এবং আমি স্বহস্তে সেই ফুলগাছে জল দিতাম। ক্রমে বথন গাছগুলি হইতে অঙ্কুর বাহির হইল তথন আর আমাদের আনন্দের সীমা রহিল না।

কুস্থমের প্রস্থৃতি প্রায়ই বলিত, কন্সা সন্তান কেবল লেখাপড়া শিখ্লে চল্বে কেন? গৃহ-কর্ম্ম শিক্ষা করা চাই, উলের কাজ শিখ্তে হয়, চিত্র শিখ্তে হয়। কুস্থমের মামাত ল্রাতা বিপিনবিহারী রায় অধ্যয়ন জন্ম বগুড়া গিয়াছিল। সে স্কুল হইতে আসিয়া গরম ভাত থাইত। কুস্থম এক দিবস বলিল "বাবা! আমাকে ছোট কড়া, হাতা আর বেড়ী কিনে দাও, আমি খেলা ঘরে ভাত পাক কর্ম্ম এবং বড় দাদাকে খেতে দেব।" আমি তাহাকে ছোট কড়া ইত্যাদি কিনিয়া দিলাম। সে অতি উৎসাহের সহিত ভাত পাক করিয়া আমাকে বলিল "বাবা! এই ত ভাত পাক করা?"

বগুড়া থাকা সময়েই কুস্থমের প্রথম বিবাহ সম্বন্ধ উপস্থিত হয়।
তাহার ছোট মাতুল কুমুদিনী বাবু হাওড়ার হরিমোহন বাবুর প্রথম
কল্পা বিবাহ করেন। ঈশান বাবু হরিমোহন বাবুর জ্যেষ্ঠতাত ভ্রাতা।
ঈশানবাবু তথন কলিকাতা এদিষ্টাণ্ট কণ্ট্রোলার জেনেরেল। তিনি
কুমুদিনী বাবুর নিকট তাঁহার প্রথম পুজের সহিত কুস্থমের সম্বন্ধের
প্রস্তাব করেন। কুস্থমের বয়স তথন মাত্র অষ্টম বর্ষ অতীত হইয়াছিল। তাই তথন তাহার বিবাহ দিতে আমার ইচ্ছা হইল না।

বগুড়ার একজন উকিল বাবু রজনীকান্ত মজুমদারের, তাহার ছোট পুত্রের, কুস্থমের ও আমার আহারের বন্দোবন্ত এক দিন আমাদের স্কুল- গৃহে করিয়াছিলাম। কুস্কম আমাকে বলিল "বাবা! রজনী বাবুর নিকট হইতে এই খরচের অংশ নিওনা"। আমি একথা রজনী বাবুকে বলাতে রজনীবাবু বলিলেন, "কুস্কুমের অস্তঃকরণ অতি মহৎ।"

আমার একটি খুল্লাভাত ভ্রাতা রেবতীমোহন ঘোষকে আমি বপ্তড়া প্রিশকোর্টে কাজ দেওয়াইয়াছিলাম। কুস্থমের নিকট সে তাহার মনের কথা অনেক সময় বলিত। একদিবস কোর্ট সব্ইন্স্পেক্টর রেবতীকে অন্তায় কথা বলিয়াছিল। কুস্থম রেবতীর নিকট সমস্ত বিবরণ অবগত হইয়া আমাকে বলিল, "বাবা! প্রিশ সাহেবের নিকট যাইয়া রেবতী কাকার এই বিষয়ের প্রতিবিধান করিতে হইবে।" আমি তাহার অনুরোধে সেই দিবসই প্রিশ সাহেবকে সমস্ত ঘটনা বলিলাম। পুরিশ সাহেব ও তাহার প্রতিবিধান সেই দিবসেই করিলেন। কুস্থম শুনিয়া সম্ভঃই হইল।

বৈশাথ মাসে কুস্থমের ৮ আট বৎসর ১০ দশ মাস বরস হইল। সেই মাসেই আমি পাবনা বদলি হইলাম। কুস্থমের মাতৃলভগ্নী প্রাক্তরের বিবাহ উপলক্ষে কুস্থম ও তাহার প্রস্থতিকে রাড়ীথাল রাথিয়া আমি পাবনা গেলাম।

জ্যৈষ্ঠ মাদে বিপিন, কুস্থম, তাহার প্রস্থৃতি ও স্থরেক্র পাবনা গেল। পাবনার সবজজ শ্রীযুক্তবারু হরগোবিন্দ মুখোপাধ্যায় মহাশয়ের বাদা আমার বাদার অতি দরিহিত ছিল। ক্রমে আমাদের আলাপ হইল। হরগোবিন্দ বাবুর আহার, নিজা ও কাচারির দময় ব্যতীত অধিকাংশ দময় আমাদের বাদায় অতিবাহিত হইত। তিনি কুস্থমের দহিত আলাপ করিয়া অতীব দস্তোষ লাভ করিতেন। তাঁহার বাদায় একটা নারিকেল কুলের গাছ ছিল। তিনি দকাল বেলা গছতলায় যে সকল পাকা কুল

পতিত থাকিত, তাহা কুড়াইয়া নিয়া আমার বাসায় আসিতেন এবং বলিতেন, "কুস্থম কুল নেও"। কুস্থমকে তিনি সময় সময় নানাবিধ প্রশ্ন জিজ্ঞাসা করিতেন এবং উত্তর শ্রবণে আফ্লাদে গদ গদ হইতেন। তাঁহার বাসায় যথন কোন ভাল তরকারী পাক হইত, তিনি তাহা কুস্থমের জন্ম পাঠাইয়া দিতেন।

কুস্থম আমার দঙ্গে কথন কথন স্কুলের ও জজ আদালতের ফুল-বাগান দেখিতে যাইত। এক দিবস জজ আদালতের বাগান দেখিয়া বাসায় আসিয়া লিখিল—

দেখ বোন চেয়ে দেখ বাগানের পানে।
কত রকমের ফুল ফুটেছে সেখানে॥
ইহাদের মাঝে আমি ভাল বাসি তায়।
সোরভ বিতরে আর স্থন্দর দেখায়॥
এসব বিভুর ক্বপা জানিও নিশ্চয়।
তাঁহারই স্ফট এই কুস্থম নিচয়॥

পাবনার অনেক জমিদার কুস্থমের কবিতা প্রবণ মানসে আমার বাসায় আদিতেন। বাবু রিদিকলাল মজুমদার তাহার মাতা ও মাতা-মহীকে দেখাইবার জন্ম এক দিবদ কুস্থম ও আমাকে আহারের নিমন্ত্রণ করিয়াছিলেন। পাবনার ডিষ্ট্রিক্ট জজ্পাহেবের জায়া প্রীযুক্তা কামিনী রায় কুস্থমকে অতি স্বেহ করিতেন এবং বলিতেন, এই বয়সে কুস্থমের এরূপ কবিতা বিশ্বয়কর। কুস্থম এক দিবদ তাহার সহিত দেখা করিতে গিয়াছিল। তাঁহার একটি অল্লবয়ক্কা কন্সা কুস্থমকে এতই ভালবাদিত বে, কিছুতেই দে কুস্থমকে বাসায় ফিরিয়া আদিতে দিতে চাহে নাই। কুস্থম বাসায় আদিবার সময় দে এমন চিৎকার করিয়া ক্রন্দন করিতে

আরম্ভ করিল যে,জজ সাহেব তাহাকে আপন ক্রোড়ে রাথিয়াও সাম্বনা দিতে পারিলেন না।

শ্রাবণ মাসে এক রজনীতে কুস্কম আমার নিকট শগন করিয়াছে, এমন সময় অবিরল ধারায় বারি বর্ষণ আরম্ভ হইল এবং ভেককুল ডাকিতে আরম্ভ করিল। কুস্কম বলিল "বাবা—

চলিন্মৈ গ্রীষ্মঋতু বরষা আইল।
ভেকের আনন্দ তাহে বাড়িতে লাগিল॥
অবিরত পড়ে জল নাহিক বিশ্রাম।
গ্যাং গ্যাং শব্দ ভেক করে অবিরাম॥
মেঘের গর্জ্জন শুনি শিখী নৃত্য করে।
বারিবিন্দু ধরণীকে স্থশীতল করে॥

এই ভাবে কুস্থমের নবম বর্ষ অতীত হইল। পাবনা ইংরেজি স্ক্লের লাইবেরীতে যে সকল বাঙ্গালা পুস্তক ছিল, কুস্থম সে সকলই অধ্যয়ন করেল। এক দিবস আমাকে কুস্থম জিজ্ঞাসা করিল; "বাবা! অষ্টিবান শব্দের অর্থ কি ?" আমি বলিলাম, "কোন্ স্থলে ? সে স্থানটি পড়।" সে বঙ্গবিজেতা হইতে তাহা পড়িল। তাহাতে যেন এমন ভাব ছিল, রাজার শরীর-রক্ষক অষ্টিবতে নির্ভর করিয়া রাজার সন্মুখে দণ্ডায়মান হইল। আমি বলিলাম বোধ হয় অষ্টিবান অর্থ তরবারি। তরবারির উপর নির্ভর করিয়া শরীর রক্ষক রাজার নিকট দণ্ডায়মান হইল"। কুস্থম বলিল তাই কি ভাল হয় ? আমার বোধ হয় অষ্টিবান শব্দের অর্থ জাকু। শরীর রক্ষক জাকুর উপর দণ্ডায়্মন মান হইল। তাহার অর্থই আমার ভাল বোধ হইল। আমি

স্থলে যাইয়াই একথানা বাঙ্গালা অভিধান বাহির করিলাম। তাহাতে দেখিতে পাইলাম,অন্ধিবান্ শব্দের অর্থ জানু। আমার অপরিসীম আনন্দ বোধ হইল। আমি ভাবিলাম, আমি ইহাকে কোন বিদ্যালয়ে পাঠাই নাই, আর কেহ ইহাকে লেথাপড়া সম্বন্ধে উপদেশ দেয় নাই, আমি ইহাকে কোন দিন হাতে ধরিয়া লেথাই নাই, কথনও কোন বাঙ্গালা শব্দের অর্থ বলিয়া দেই নাই, কেমন করিয়া এ বালিকা লেথাপড়া শিক্ষা করিল? কেমন করিয়া ইহার শব্দের অর্থ বোধ হয়? নিশ্চয় এ জ্ঞান পূর্ব্বজন্মার্জিত। ঈশ্বরের আদেশে আগমন করিয়াছে। ইহার দারা কোন বিশেষ উদ্দেশ্য সাধিত হইবে। পূর্ব্বজন্ম এবং পরজন্ম সমৃদ্ধে আমার বিশ্বাস ক্রমে দৃট্টাভূত হইতে আরম্ভ করিল।

আমার গৃহিণীর সঙ্গে পরামর্শ করিয়া স্থির করিলাম, কুস্থমকে বিবাহ দিয়া জামাই ঘরে রাথিব। একটি মাত্র কস্তা; ইহাকে অস্ত গৃহে বিবাহ দিলে আমাদের গৃহ শৃষ্ণ বোধ হইবে। তাহার পর হর-গোবিন্দ বাবুর সহিত পরামর্শ করিলাম। তিনি বলিলেন "এমন কাজ কখনও করিবেন না, ঘরজামাই রাখিবেন না। ঘরজামাই রাখিলে আপনার বাড়ীর সকলের হিংসা হইবে এবং বর ভাল হইবে না। যদি আপনি হঠাৎ মরিয়া যান তাহাহইলে কুস্থমের উপায় কি হইবে, থ আপনার নিজের স্থথের জন্ত স্বার্থপর হইয়া কুস্থমের জীবন ছংখময় করিবেন না। ঘরজামাই রাখিলে কুস্থম খন্তর বাড়ীর স্থা, খন্তর ও শ্বাভরীর আদর ভোগ করিতে পারিবে না। আপনার একটী মাত্র কন্তা, স্থাঠনা, বৃদ্ধিমতী, দেখিলেই ভাল বাসিতে ইচ্ছা হয়, অতি নম্রস্থভাব, স্থভাবে ও শরীরে যেন লাবণ্য মাথা, কথা অতি মধুর, লেখা পড়া বেশ জানে। অনেক অবস্থাপর লোক আপনার কন্তার জন্ত লালায়িত হটবে। ভাল একটি বর দেখিয়া কন্তা বিবাহ দেন। সর্বদা সন্দেশ

থেতে ভাল লাগে না, পরিবর্ত্তন চাই। আপনার গৃহে কুস্থম এক প্রকার স্থথ ভোগ করিবে, আবার শশুর গৃহে অন্তপ্রকার স্থথ ভোগ করিবে। অবস্থাপন্ন লোকের সহিত সম্বন্ধ করুন, আপনার সম্পত্তিও পাইবে, শশুরের সম্পত্তিও পাইবে, কুস্থমের সম্পত্তি দিগুণ হইবে।" তাঁহার পরামর্শই শিরোধার্য্য করিলাম। কুস্থমের বিবাহ অবস্থাপন্ন, বিদান, তীক্ষুবৃদ্ধি বরের সহিত দিব স্থির করিলাম।

আমার পরিবারকে আমি বলিলাম, "কুস্তুমের বিবাহ ষোল বৎসরের পূর্ব্বে দিব না।" আমার পরিবার কিছুতেই সম্মত হইল না।

- পৃজার সময় বাড়ী গেলাম। কুস্থম তাহার সমবয়য়া বালিকাদের সঙ্গে ক্রীড়া কোতুকে ব্যাপৃত হইল। কিন্তু তাহারা যথন কলছ করিত, কুস্থম তাহাদিগ হইতে অন্তরে থাকিত। নানা স্থান হইতে কুস্থমের সময় উপস্থিত হইল। আমি কাহারো সহিত তথন সময় স্থান্থির করিলাম না। সে বৎসর বিবাহ দিব না, স্থির করিয়া কুস্থম সহ পূজার পর পাবনা গেলাম। বে সকল স্থলে সয়য় উপস্থিত ছিল, তাহাদের সময়ে অন্থসয়ান আরম্ভ করিলাম। কুস্থমের জন্ত বর আমার অন্থসয়ান করিতে হয় নাই। অনেক স্থল হইতেই তাহার সয়য় উপস্থিত হইয়াছিল।
- . এই সময়ে ডাক্তার উমেশচন্দ্র মুখোপাধ্যায় পাবনার সিবিলসার্জন ছিলেন। তিনি অতি সচ্চরিত্র লোক, আমার বাসায় অনেক সময় যাইতেন। এক দিবস কুস্থমের সহিত তাঁহার আলাপ হইল। তিনি দেখিয়াই বলিলেন, মেয়েটি যেন পূর্ণক্ষ্মী। তিনি তাঁহার বাসায় অনেক সময় পালকি করিয়া কুস্থমকে নিয়া যাইতেন। তাঁহার স্ত্রী কুস্থমকে খুব ভাল বাসিতেন এবং তাহার জন্ম নানাবিধ খাঘ্যসামগ্রী মধ্যে মধ্যে পাঠাইয়া দিতেন। তিনি কুস্থমকে স্থকর একটি চায়না পুত্ল দিয়াছিলেন। সে পুত্লটি এখনও আমার গৃহে আছে।

বৈশাথ মাদে কুস্থমের দশবৎসর দশ মাস বয়স হইল। তাহার প্রস্থৃতি বিবাহের জন্ম অত্যন্ত আগ্রহ প্রকাশ করিল। ঢাকা জিলার আবিধারা গ্রামস্থ পূর্ণচক্র রায় তুর্গাপূজার সময় তাঁহার একটি জ্ঞাতি স্ত্রীলোককে সম্বন্ধ প্রস্তাব জন্ম আমাদের গ্রামে পাঠাইয়াছিলেন। তিনি আমাদের জ্ঞাতি সম্পর্কে পিসী। তিনি পূজার পর কয়েকথানা চিঠি আমার নিকট লিথিয়াছিলেন। আমি উত্তর করিয়াছিলাম, 'আমি জৈষ্ঠ মাদের বন্ধে যাইয়া পাত্র দেখিব এবং পাত্র পছন্দ হইলে কথাবার্ত্তা স্থান্থির করিব। জ্যৈষ্ঠ মাদের বন্ধে আমি আমার একটি কনিষ্ঠ ভ্রাতা রাসমোহন ও একটি ভ্রাতৃষ্পুত্র সতীক্রমোহন এবং ভূত্য সহ আবিধারা ষাতা করিলাম। রাসমোহন ও সতীক্ত জাহাজ হইতে নামিয়া সেই দিবসই আবিধারা গেল। কিন্তু পালকি অভাবে আমি সেই দিবস আবিধারা যাইতে পারিলাম না। আমি আমার ভূত্য সহ রাজ্থাড়া মুন্সীবাড়ীতে সে রজনী বাপন করিলাম। সেই বাড়ীতে পূর্ণরায়ের একটি জ্ঞাতি বসম্ভরায় ছিলেন। তিনি আমার বিশেষ আদর অভ্যর্থনা করি-লেন। আমি তাঁহার নিকট পূর্ণরায়ের ও তাঁহার জ্যেষ্ঠপুত্র যোগেশচন্দ্র রায়ের সম্বন্ধে অনুসন্ধান করিলাম। তৎপরদিবস আবিধারা গেলাম। যোগেশকে ও তাহার বাড়ী দেখিয়া আমার সম্বন্ধে অভিলায হইল। যোগেশের তীক্ষবুদ্ধি এবং পূর্ণবাবুর সরল স্বভাব এবং স্নেহপ্রবণতা দর্শনে আমার বিশেষ প্রীতি হইল।

তাহার পর পূর্ণবাবু কুস্থমকে দেখিতে কামারগাঁ আসিলেন।
বিবাহের কথাবার্তা স্থান্থর হইল। কুস্থম আমার একমাত্র কন্তা
এইজন্ত যোগেশের বিভাশিক্ষার ভার আমিই নিয়াছিলাম। পূর্ণবাবু
কুস্থমের হাতের লেখা দেখিতে চাহিয়াছিলেন। কুস্থম বাঙ্গালা কি
লিখিয়াছিল শ্বরণ নাই; কিন্ত ইংরেজিতে লিখিয়াছিল —

This night when I lie down to sleep
I give the Lord my soul to keep;
If I should die before I wake,
I pray the Lord my soul to take.

& & &

কুস্থম লালনীল পেন্সিল্ দারা একটি লতা আঁকিয়াছিল। হাতের লেখার স্হিত তাহা আমি পূর্ণবাব্র নিকট ডাকে পাঠাইয়াছিলাম।

হরগোবিন্দ বাবুর বাড়ী বাস্কুড়া; কার্য্যোপলক্ষে পাবনা ছিলেন।
তিনি কুস্থমকে এতই স্নেহ করিতেন যে, তাহার বিবাহে ব্যয় করিবার
জন্ম আমাকে পাঁচশত টাকা হাওলাত দিয়াছিলেন এবং ভাগ্যকুলের
হরেক্ত বাবুও তাহার বিবাহে একহাজার টাকা হাওলাত দিয়াছিলেন।

১৩০৬ সনের ২০ আঘাঢ় দশ বৎসর এগার মাস উনিশ দিবস বরসে
কুস্থমের বিবাহ কার্য্য সম্পন্ন হইল। কুস্থমের সস্তোঘার্থে আমি
তাহাকে সাধ্যাতীত ভূষণে ভূষিত, নানাবিধ বাদ্য ও বাজির আয়োজন
এবং প্রায় সমস্ত আত্মীয় স্বজনদিগকে নিমন্ত্রণ করিয়াছিলাম।

• অতি আমোদে বিবাহ কার্য্য সম্পাদিত হইল। পূর্ণবাবু বিবাহের পর আমাকে লিথিলেন "কুস্থম আপনার বেমন আদরের ধন, আমাদেরও সেইরূপ।" কুস্থম তাহার শ্বশুরালয় হইতে ফিরিয়া আসিয়া তাহার শ্বশুর, শাশুড়ী, দিদি শাশুড়ী, ননদ ও দেবর প্রভৃতি তাহাকে কত আদর ও স্নেহ করিয়াছে, তাহা আনন্দগদগদস্বরে আমার নিকট বর্ণনা করিল। কুস্থম বলিল "এক দিবস আমার শাশুড়ীর অস্থ্য হইয়াছিল। আমি তাঁহার মাথা টিপিতে ছিলাম। এমন সময় একটি চাকর আসিয়া বলিল "বৌমা! পান।" আমার শাশুড়ী বলিলেন "বৌটার আর নিস্তার নাই, একটুকু বৈসে মাথা টিপ্ছে, এরি মধ্যে আবার পান।" কুস্থম

আরও বলিল, আমার দেবর যতু আমাকে আমার বধ্ঠাকুরাণী বলিয়া ডাকে। এই দকল কথা শুনিয়া আমার হৃদয় আনন্দে পরিপ্লুত হইল। ঈশ্বরের অন্থ্রহে আমার কন্তা যোগ্য পাত্রে ও ঘরে দান করিতে পারিয়াছি বলিয়া আমি ঈশ্বরকে ধন্তবাদ দিলাম।

শ্রাবণ মাদে কুস্থম বাদার সকলের সহিত পাবনাতে গেল। এক দিবস আমি বারিন্দায় বেত্রাসনে উপবিষ্ট আছি, এমন সময় গৃহ মধ্য হইতে বহির্গত হইয়া কুস্থম বলিল "বাবা! আমরা ঈশ্বরের সহিত ওতপ্রোত ভাবে আছি।" আমি জিজ্ঞাসা করিলাম "দে কেমন?"

কুম্বম বলিল—

"তদেজতি তমৈজতি তদ্দুরে তদবন্তিকে। তদন্তরস্থ সর্বস্থা ততুসর্বস্থাস্থ বাহ্যতঃ॥

বিষ্ণু যথন আমাদের অন্তরে ও বাহিরে আছেন, তখন ঈশ্বর আমাদের মধ্যে, আমরাও ঈশ্বরের মধ্যে। আমরা ঈশ্বরের সঙ্গে মাখা যোখা হয়ে আছি।" আমি মনে মনে চিন্তা করিতে আরম্ভ করিলাম, এইমাত্র এগার বংসর বয়স; এ বালিকা ঈশ্বর বিষয়ে এত গভীর ভাব কেমন করিয়া উদ্ধার করিল। আমার নিকটই কুশ্বম এ শ্লোক শুনিয়াছিল; কিন্তু আমি এমন ভাবে ঈশ্বরকে কথনও চিন্তা করি নাই।

পূজার পূর্ব্বে হরগোবিন্দ বাবু একদিবস সন্ধার পর আমার বাসায় আসিয়া বলিলেন, "কুস্কম! তুমি উপস্থিত বর্ণনা করিতে পার, এই শারদীয়া নিশির বর্ণনা কর।"

কুস্থম বলিল—
হাসে শশধর স্থনীল গগমো।
হাসিছে তারকা প্রফুল্ল আননে॥
হাসে তরঙ্গিনী স্থধাংশু-কিরণে।
হাসে চকোরিণী শশীদরশনে॥
হাসে কুমুদিনী বিমল কিরণে।
বহে সমীরণ মধুর স্থননে॥
প্রফুল্ল কুস্থম হাসিছে কাননে।
প্রকৃতি হাসিছে বিভুগুণগানে॥

আমাদের বাসার দক্ষিণদেশে একটি স্থন্দর সরোবর ছিল, আমা-দের বাসার বারিন্দার বসিলে বেশ দৃশুমান হইত। সেই সরোবরে মরালগণ সদাই জীড়া করিত। কুস্থম মরাল জীড়াদর্শনের জন্ম একবোড়া মরাল জ্বর করিয়াছিল। এক দিবস কুস্থম আমার নিকট একথানা চেয়ারে বসিয়া বলিল বাবা—

কিস্থন্দর সরোবর শোভিছে অদূরে।
মরাল যুগল তাহে স্থথে ক্রীড়া করে॥
প্রফুল্ল কমলে অলি করয়ে গুঞ্জন।
মধুলোভে ধায় তথা মধুকরগণ॥

ফরিদপুর জিলার ছবজজ আদাশতের সেরেস্তাদার তারাকুমার রাম্যের সহিত আমি অনেক কাল এক সঙ্গে অধ্যয়ন করিয়াছি। তাহার সহিত আমার গাঢ় প্রণয়। তিনি কোন কার্য্যোপলক্ষে পাবনা গিয়াছিলেন। তিনি ফটিকবাবু ডিপুটি মেজিষ্ট্রেটের বাদায় ছিলেন।
আমার বাদায় আদিয়া বলিলেন, "তোমার মেয়ে দেখ্ব।" আমি
কুস্থমকে ডাকিলাম। কুস্থম অতি বিনীতভাবে তাঁহাকে প্রণাম করিয়া
আমার নিকট দাঁড়াইল। তারাকুমার বাবু আমাকে বলিলেন, "তোমার
মেয়ে পাদপূরণ করিতে পারে। আমি একটি পদ বলি, কুস্থম আর
এক পদ বল।" কুস্থম কোন উত্তর না করিয়া মস্তক অবনত করিয়া
রহিল। ফটিক বাবুর স্ত্রীর মৃত্যু হইয়াছিল। তিনি জায়াশোকে কাতর
ছিলেন। তারাকুমার বাবু বলিলেন—

"আহা মরি জায়াশোক কেমন কঠিন। কুস্থম বলিল—

"দিন দিন হয়ে যায় কলেবর ক্ষীণ॥

কুস্থম এই ভাবে স্থথে দিন যাপন করিতে লাগিল। আমার বাদায় অনেক আমগাছ ছিল। ফাল্পন মাদে আমের মুকুল বাহির হইয়াছে, কোকিল ডালে বদিয়া মুকুল খাইতেছে এবং সময় সময় ডাকিতেছে। কুসুম আমার নিকট বদিয়া লিখিল—

ঋতুরাজ বসন্তের হইল উদয়।
কুহুস্বরে পিকগণ প্রাণ হরে লয়॥
তরুরাজি স্থশোভিত পল্লব নধরে।
মধুলোভে ফুলে ফুলে ভ্রমর গুঞ্জরে॥
চূত মুকুল কুল পরিমল বিতরি।
অলিরন্দ মনপ্রাণ লইতেছে হরি॥

মালতী মল্লিকা জাতী হ'ল বিকশিত। মধুর স্থবাদে হ'ল জগত পূরিত॥

ফাব্রন মাদেই কুস্কম আবিধারা গেল। জৈচ মাদে যোগেশ ও কুমুমকে পাবনা নিয়া গেলাম। আবিধারা হইতে পাবনা যাত্রাকালীন পূর্ণবাবু কুস্কুমকে বলিলেন "মা। ছেলে বলে যেন মনে থাকে।" কুস্কুম এ কথাটি তাহার প্রস্থৃতিকে অতি আনন্দের সহিত বলিয়াছিল। যোগেশ ছয় সাত দিবস পাবনাতে থাকিয়া আবিধারা গেল। কুন্তুম পাবনায় রহিল। ১৯০০ খৃষ্টাব্দে জুলাই সাসে আমি হাজারিবাগ বদলি হুইলাম। ১>ই জুলাই কুস্কুম, তাহার প্রস্থৃতি, খুল্লতাত ভ্রাতা ভূপতি-মোহন ও মাদতাত ভ্রাতা স্থরেক্র সহ আমি হাজারিবাগ রওয়ানা হইলাম। ১৩ই জুলাই প্রত্যুষে আমরা গিরিডি উপন্থিত হইলাম। এখানে কুস্থমের ফ্রান্যে নবভাবের উদয় হইল। উচ্চ গিরিশ্রেণী দর্শনে তাহার অতিশয় প্রীতি হইল। কুমুম বলিল "বাবা। আমরা এখানে একদিন থাকব।" তাহার কৌতৃহল নিবারণ জন্ম আমি তথায় একদিবস বাস করিলাম। ১৪ই জুলাই বেলা নয়টার সময় আমরা হাজারিবাগ যাত্রা করিলাম। এক পুষপুষে ভূপতি ও আমি ছিলাম; আর এক পুষপুষে কুমুম, তাহার প্রস্থতি ও স্থবেক্ত ছিল। আমাদের কথাবার্ত্তার কিছু অস্ক্রবিধা হইল। বরাকৈর নদী পার হইবার সময় কুস্থম বলিল "বাবা! নদীর জল প্রচণ্ড বেগে পাথরের উপর পতিত্ হওয়াতে কেমন স্থলর দেখায়।" কিছু দূর যাওয়ার পর একটি অতি উচ্চ গিরি দৃশ্রমান হইল। কুস্থম আমাকে ডাকিয়া বলিল "দেথেছ বাবা। ঐ পাহারটি কেমন উচ্চ। উহার শিথর দেশ মেঘ ভেদ করিয়া উপরে উঠিয়াছে। শিথরদেশে স্থাে্র কিরণ পড়ে কেমন স্থন্দর দেখাচ্ছে, তাহার নীচে মেঘ।" এইরপে প্রকৃতির শোভা দর্শন করিতে করিতে ১৫ই জুলাই রাত্রিতে হাজারিবাগ উপস্থিত হইলাম।

হাজারিবাগ স্থলের হাতার মধ্যেই হেড্মাষ্টারের বাসের জন্ম অতি স্থন্দর এবং বড় একটি বাঙ্গালা আছে। বাঙ্গালার সমুথেও হুই পার্ষে ফুলবাগান। নানাবিধ কুস্কম ও স্থনর বাসগৃহ দর্শনে কুস্কম আনন্দে পরিপ্ল'ত হইল। স্কুলের মালীগণ নানাবিধ শাক সবুজি ও পুষ্পের রুক্ষ রোপণ করিত। কুমুম তাহা দেখিয়া প্রফুল্ল হইত। হাজারি-বাগ সহরটি তাহার অতি সন্তোষ জনক হইয়াছিল। এখানে অনেক বাড়ীতে ফুলের বাগান। রাস্তাগুলি অতি পরিষ্কার ও স্থন্দর। অনেক সাহেব এথানে পেন্সন নিয়া বাস করিতেছেন। তাহাদের বাসগৃহ ও কুস্কুমোদ্যান অতি মনোহর। সহরের নিকটে চতুদ্দিকে গিরিশ্রেণী এবং স্থুলের সনিধানে একটি প্রকাণ্ড হ্রদ। হ্রদটি তিন ভাগে বিভক্ত, क्रूज निगर्रा वाक्ष घाता वातिमक्षिত रहेशाहा । अथमर्पित जन मर्त्काफ । সেইটি জলে পরিপূর্ণ হইলে একটি পাকা জলনালী দারা দিতীয়টাতে জল প্রবেশ করে, এবং দ্বিতীয়টি জলে পরিপূর্ণ হইলে আর হুইটি জল-নালী দারা তৃতীয়টিতে জল প্রবেশ করে। দেখিলে বোধ হয় যেন জলের তিনটি ধাপ। বিতীয়টি অন্ত হুইটি অপেক্ষা বড় এবং তাহার চতুর্দিকে স্থনর পাকা পরিষ্কার পথ। পথের ছুই ধারে নানাবিধ ফুলের বেড়া। কুস্থম এই হ্রদের চতুর্দিকে বেড়াইতে বড়ই ভাল বাদিত। আমাকে এক দিবস বলিল, ''বাবা ! এ নগরটি বড়ই স্থন্দর, রাস্তাগুলি প্রায়ই সরল এবং পরিষ্কার, রাস্তার ছুইধারে কেমন স্থন্দর বড় বড় গাছ, একধারের গাছগুলি ফুলের; ফুলের গন্ধে চারিদিক আমোদিত, গাছের উপরেরদিকে কেমন

স্থন্দর ঝাড়ের মত ফুল ফুটেছে, গাছগুলি যেন ফুলের মুকুট মাথায় পরেছে, প্রত্যেক রক্ষের পাদদেশে বিবিধ বর্ণের ছোট ছোট ফুলের গাছ কেমন স্থন্দর দেখায়!" আমি আষাচ মাসের শেষভাগে হাজারিবাগ আসিয়াছিলাম। ভাত্র মাদে আমার দর্কজ্যেষ্ঠ ভাতা বাবু তারিণীচরণ ঘোষ মহাশ্যের পর-লোক হয়। তাঁহার বিনোদিনী নামী একটি কলা আছে। বিনোদিনীর এক বংদর বয়দের দময় তাহার মাতার মৃত্যু হয়। তাহার পিতাই তাহাকে অতি যত্নের সহিত প্রতিপালন করেন। পিতার আদরে বিনোদিনী তাহার মাতার কথা ভুলিয়াছিল। ভাদ্র মাসে বিনোদিনীর বিবাহ হইবে, বড় দাদা আমাকে লিখেন এবং আমার মত নিয়া দশমবর্ষ বয়সে তাহার বিবাহ দেন। বিবাহ কিরুপে সম্পন্ন হইয়াছে. জানিবার জন্ম আমি উৎক্ষিত আছি, এমন সময় আমাদের স্কুলের দ্বিতীয় শিক্ষক অঘোর বাবু বড় দাদার জ্যেষ্ঠপুত্র জলদার একথানা পত্র দেখাইলেন। তাহাতে লিথিতছিল, "বিনোদিনীর বিবাহের দশম দিব্রে তাহার পিতা স্বর্গারোহণ করিয়াছেন। মৃত্যুর দিবস বড় দাদা প্রভাবে নিদ্রা হইতে উঠিয়া দৈনিক পূজা সমাপন করিলেন এবং নদীর পাতে বেডাইলেন। তৎপর কালীবাড়ী দর্শন করিয়া বৈঠকখানায় উপবেশন করিলেন এবং বলিলেন, "আমাকে অস্থির করে, আমার মাথায় ঔষধ তৈল দেও।" এই কথা বলিবার অর্দ্ধঘণ্টা পরেই তাঁহার প্রাণ বায়ু বহির্গত হইল।"

২রা শ্রাবণ কুস্থমের বার বংসর বয়স পূর্ণ ইইরাছিল এবং ভাজ মাসে বড় দাদার মৃত্যু সংবাদ পাওয়া যায়। কুস্থম এই সংবাদ শ্রবণ করিয়া লিখিল।— "অকস্মাৎ একি হায়, শত বজ্ঞাঘাত সম। কাহার মৃত্যুর কথা, শ্রুবণে পশিল মম ?

চলিগেলে জ্যেষ্ঠতাত! ছাড়িয়া সবারে তুমি।

তব দরশন পিতঃ,

আর কি পাবনা আমি ? একটু কাঁদিলে যারে,

কোলেতে তুলিয়া লও। মাতৃহীনা বিনোদিনী,

তাহারে ছাড়িয়া যাও ? বাবা বিনা সে বালিকা.

কিছু নাহি জানে আর। তোমারি যতনে সে যে,

ভুলেছিল কথা মা'র॥ এত আদরের মেয়ে,

তাহারে ফেলিয়া যাও ? কেঁদে কেঁদে সারা সে যে,

তার পানে ফিরে চাও॥

ভাসাইয়া শোকার্ণবে,
আপন স্বজন গণে।
অকালেতে তুমি হায়,
চলিলে স্বরগ ধামে॥
মঙ্গল-আলয় তুমি,
করুণা-সাগর বিভু।
তোমার মঙ্গল ইচ্ছা,
হউক সফল প্রভু॥
আমি কে যে জগতের,
মঙ্গল আকাজ্ফা করি।
তোমার জগত তুমি,

আমি এই কাগজখানা পড়িয়া একবারে স্তস্তিত হইলাম। এই বার বংসরের বালিকা এমন প্রিয় জ্যেঠার বিয়োগে ঈশ্বরকে মঙ্গলময় বিলিল! ক্রন্দন ও অশ্রুবিসর্জ্জন না করিয়া আমাকে প্রবোধ দিল য়ে, মৃত্যু আমাদের মঙ্গলের জন্ত। "তোমার জগত তুমি বাহা ইচ্ছা কর হির" ঈশ্বরে এরপ আত্মসমর্পণ পূর্ব্বে আমি করিতে গারি নাই এবং এমন কথাও আমি পূর্ব্বে কাহারও মুখে শুনি নাই, It is entire resignation to the will of God.

যাহা ইচ্ছা কর হরি॥

আমার বাসার পূর্বনিকে গিরীক্রনাথ বস্থর বাসা ছিল। তিনি প্রথম শ্রেণীর পুলিষ ইন্ম্পেক্টর ছিলেন। তিনি প্রাচীন এবং ধর্মনিষ্ঠ ব্রান্ধ ছিলেন। তাঁহার বাসার পশ্চিমদিকে ও আমার বাসার পূর্বদিকে পুশোদ্যান, মধ্যে ব্রদে বাইবার পথ। ব্রদের দক্ষিণ পাড়েই আমার বাসগৃহ। গিরীক্র বাবুর বাসায় প্রতি সপ্তাহে উপাসনা এবং বাজনা ও ব্রহ্মস্পীত হইত। গিরীক্র বাবুর স্ত্রী আমার স্ত্রীকে দিদি ও কুস্থম তাঁহাকে মাসী মা বলিয়া সম্বোধন করিত। তিনি কুস্থমকে বড়ই স্নেহ করিতেন। অনেক দিন তিনি কুস্থম ও তাহার প্রস্তুতিকে আপন বাসায় নিয়া যাইতেন। তথাতে রিফর্মেটরি স্কুলের ষ্টোরকিপার কালীচরণ বাবু, বাণিকাবিভালয়ের শিক্ষরিত্রী চঞ্চলা ও তাহার স্বামী ব্রজ্বাবু, জিলাস্কুলের চতুর্থ শিক্ষক সতীশ বাবু, তাঁহার স্ত্রী এবং সময় সময় আমি, সমবেত হইতাম। চঞ্চলা এবং স্থমতি কুস্থমকে স্থেক্ করিতেন। কুস্থমের স্থভাবে কেমন এক প্রকার লাবণ্য ছিল, বাহার সহিত তাহার আলাপ হইত, সেই তাহাকে ভাল বাদিত। পরকে কেমন করিয়া আপন করিতে হয়, তাহা কুস্থম বেশ জানিত।

কালী বাবু আমাকে বলিগাছেন, "এক দিবস আমি এই গানটি করিলাম—

চিদাকাশে প্রেমচন্দ্র আনন্দ স্থন্দর (তুমি); ভকত বাঞ্ছিত, তোমার মধুর প্রেম-স্থাতরে তৃষিত অন্তর। বিষর কোলাহলে, পাপহলাহলে, ত্রিতাপ অনলে, মনপ্রাণ জলে; আজ বিতরি করুণা, নিবার যাতনা, আশাপথ চেয়ে আছি নিরন্তর। হৃদয়ে জাগিছ হৃদয়ের স্থামী, অন্তরাত্মা হরি, অন্তর্যামি, মোহে অন্ধ আমি, (তাই দেখিনা দেখিনা) পাপপথগামী, অধন পামর; চিদানন্দ ঘন, মুরতি মোহন, অপরূপ তব চিত্তবিনোদন, আজ দিয়ে দরশন, ও প্রাণ রমণ, আমার চিরদিনের মনোবাঞ্ছা পূর্ণ কর।

আমি উপাসনার পর চলিয়া গেলাম। কুস্থম আমার যাওয়ার পর গিরীক্ত বাবুর স্ত্রীকে বলিল, "কালী বাবুর এই গানটি বড়ই ছদয়- গ্রাহী। এই গানটি আমায় লিখাইয়া দিবেন ? গিরীক্র বাবু বলিলেন, "তুমি কি এসব গানের অর্থ বুঝিতে পার ?'' কুস্কম কোন উত্তর করিল না।

গিরীন্দ্র বাবু বলিলেন, "আচ্ছা বল দেখি" হৃদয়ে জাগিছ •হৃদয়ের স্বামী, ইহার অর্থ কি ? কুস্থম অতি মৃত্নুস্বরে বলিল, "ঈশুর" | গিরীন্দ্র বাবুর স্ত্রী জিজ্ঞাসা করিলেন, "আজ দিয়ে দরশন ও প্রাণ রমণ, চিরদিনের মনোবাঞ্ছা পূর্ণ কর" ইহার অর্থ কি ? কুস্থম বলিল, "আমরা ঈশ্বরের নিকট হইতে আসিয়াছি, তাঁহাকে পুনরায় দেখার জন্ম আকাজ্ঞা রহিয়াছে।"

এক দিবদ কুস্থম বাঙ্গালা স্কুলের শিক্ষয়িত্রী চঞ্চলা ও ইন্দুমতী প্রভৃতির সহিত শরৎকালে সন্ধ্যার সময় হ্রদের চতুর্দিকে বেড়াইয়া স্মাসিয়া লিথিল—

দিবা অবসানে,
সন্ধ্যা আগমনে,
মরি শোভা, কিবা মনোহর !
ফুটিয়া উঠিছে,
একে একে সব,
ছোট ছোট ঐ তারকা নিকর॥
কত মত ফুল
ফুটেছে আ মরি !

कैरिनत जोरलारक,

স্থবাসে জগুৎ পৃরিছে।
বিমল কিরণে,
প্রকৃতি যেন হাসিছে॥
সরোবর মাঝে,
কুমুদিনী হাসে.
আকাশে চাঁদিমা ভাসিছে।
চাঁদেরে দেখিয়া,
আনন্দে ভাসিয়া.

চকোর কেমন খেলিছে॥

নদীর বিমল,
সলিল মাঝারে,
আকাশের ছায়া প'ড়েছে।
দেখে মনে হয়,
প্রকৃতি রূপদী,
তারাহার যেন পরেছে॥

এই পদাটি লিখিয়া কাগজ খানা আমার হাতে দিল। আমি ছন্দটি ভাল করিয়া পড়িতে পারিলাম না। কুস্থম আমাকে পড়িয়া শুনাইল। আমি জিজ্ঞাসা করিলাম, "আকাশের তারাকে তারাহার না বলিয়া আকাশের ছায়ার তারাকে তারাহার বলিলে কেন ?" কুস্থম বলিল "হার নীচের দিকে -ঝুলান থাকে, আকাশ উপরের দিকে গোল; কিন্তু তাহার ছায়া হারের মত নীচের দিকে ঝুলান।"

এক দিবদ কুস্থম বলিল "কাবা! এবার আবিধারা যাওয়ার সময় কল্কাতা দেখে যাব। আর শুন্তে পাই, চন্দ্রমাধব বাবু আমাদের আত্মীয়। তিনি হাই-কোটের জজ এবং আমাদের দেশের তিলক। তাঁহার আদর্শ চরিত্র; তাঁহাকে দেখ্তে আমার ইচ্ছা হয়। আর স্বর্ণ দিদি ও তাঁহার স্বামী আনন্দমোহন বস্থ এবং সোদামিনী দিদির সঙ্গে দেখা কর্বো।

আমি চক্রমাধব বাবুর নিকট পত্র লিথিলাম। তিনি উত্তর দিলেন।

CALCUTTA.
3, ALBERT ROAD.

Fanuary 21st 1901.

My DEAR SIR,

* Thanks for your kind letter of the 3rd instant. I am glad to learn you have been transferred to such a healthy place as Hazaribagh though it is rather out of the way.

I shall be extremely glad to see you and your daughter when you come over.

আমরা যে দিবস বাড়ী রওনা হইরাছিলাম, তাহার পূর্ব দিবস গিরীক্র বাব্র স্ত্রী কুস্কমকে আহার করাইরাছিলেন। যাবার দিবস তিনি আমাদের বাসার আসিরা অবিরত অশ্রু বিসর্জন করিরাছিলেন। কুস্কম তাহার প্রস্থতিকে বলিল, 'আমি গেলে তুমি কেবল কাঁদ্বে, তথন আর থেতে পার্বে না, আমি বাসায় থাক্তে থাক্তে তুমি থাও।' কালী বাবু আমাকে পরে বলিয়াছেন, কুস্থম যে রাত্রিতে এথান হইতে যায়, সেই রাত্রিতে গিরীক্ত বাবুর স্ত্রী সমস্ত রজনী অশ্রু বিসর্জন করিয়া ছিলেন।

ফাল্পন মাদের শেষ ভাগে এক দিবদ দকাল বেলা কুস্থম, তাহার একটি অলবয়স্কা পরিচারিকা এবং আমি, চক্রমাধব বাবুর বাসায় উপ-স্থিত হইলাম। চক্রমাধব বাবু অতি আদরের সহিত কুস্কুমকে গ্রহণ করিলেন। সেই দিবস ভাগলপুরের রাজা শিবচন্দ্র মুখোপাধ্যায় মহা-শয় তাঁহার বাসায় অতিথি ছিলেন। কিছুক্ষণ পরেই ঢক্রমাধব বাব উপরে যাইয়া কুস্কমকে বলিলেন "কুস্তুম ! তুমি রূপ বর্ণনা করিতে পার, এই চুইটির রূপ বর্ণনা কর।" কুস্থম বলিল "হাজারিবাগ হইতে পুষপুষ, রেল এবং ঘোড়-গাড়ী চেপে এই মাত্র এখানে এসেছি, এখনই কি রূপ বর্ণনা করা যায় ?" তিনি নীচে আদিয়া আমাকে বলিলেন, "আপ-নার কল্পা আমাকে নিতান্ত অপ্রতিভ করেছে।'' চক্রমাধব বারুর স্ত্রী ও কন্তা অতি যত্নের সহিত কুস্থমের স্নান ও আহারের বন্দোবস্ত করিলেন। সেই দিবস রাত্রিতে চক্রমাধব বাবুর বাসায় অনেক বড বড় লোকের নিমন্ত্রণ ছিল। তাঁহার বাসার উপর তালায় ও নীচের তালায় অনেক স্ত্রীপুরুষের সমাগম হইয়াছিল। কুস্তমের আহারের ও বিশ্রামের পর চন্দ্রমাধব বাবু কুস্কুমকে কবিতা রচনা করিতে বলিলেন। কুস্থম উত্তর করিল, "বাড়ীতে অনেক লোক চতুর্দ্ধিকে গোলমাল করিতেছে; এমন সময় কবিতা রচনা করা যায় না।" আমি দেই দিবদই হরিচৈতন্ত

বাবুর সহিত দেখা করিতে গিয়াছিলাম। হরিটৈতন্ত বাবু রেজিষ্ট্রেসন ডিপার্টমেন্টের প্রথম ইন্স্পেক্টর ছিলেন। তিনি তথন পেন্সন্ নিয়া কলিকাতায় বাস করিতে ছিলেন। তাঁহার স্ত্রী সোদামিনী তৎপর দিবস প্রত্যুবে তাহার পাচিক। সহ একথানা ঘোড়গাড়ী আমাদের নিবার জন্ত পাঠাইয়া দিল। আমরা সকলে তাহার বাসায় গেলাম। যাওয়ার সময় চক্রমাধব বাবু বলিলেন, "কুস্কুম! তুমি মাত্র এক দিবস আমার বাসায় রহিলে; যাবার সময় দেখা করিয়া যাইও।"

দেই দিবদ কুস্থমকে কলিকাতা মিউজিয়ম দেখাইলাম। তৎপর
দিবদ সোদামিনীর বাদাতে আহারাদি করিয়া বেলা ১১টার সময়
চিড়িয়াখানায় গোলাম। সেখানে সমস্ত প্রাণী দর্শন করিয়া অপরায়
চারিটার সময় আমরা পুনরায় চক্রমাধন বাবুর বাদায় উপস্থিত হইলাম।
কুস্থম তখন ছই জন কি তিন জনের রূপনর্গনা করিল। চক্রমাধন বাবু
নিজ হাতে তাহা লিখিয়া আমাকে দেখাইলেন এবং অতীব আনন্দ
প্রকাশ করিলেন। আমরা যখন আহারাদি করিলাম, চক্রমাধন বাবু
আমাদের সম্মুখে দণ্ডায়মান রহিলেন এবং নানাবিধ স্থাল আহারীয়
ক্রম্য আরপ্ত থাওয়ার জন্ম যত্ন করিলেন। সন্ধার সময় কুস্থমকে গাড়ীতে
উঠাইয়া দিয়া তিনি বলিলেন, "কুস্থম! কলিকাতা আদিলে, অবশ্র
আমার সঙ্গে দেখা করিও।" কুস্থম বলিল "আমি আপেনার
জীবনচরিত লিখিব, আপেনার জন্মতারিখ ও স্থান
আমাকে অনুগ্রহ করিয়া লিখিয়া দিন।" তিনি তৎক্ষণাৎ
তাহা লিখিয়া কুস্থমের হস্তে দিলেন।

আমর। দিয়ালদহে পোঁছিলাম। কুস্থম বলিল, "দেখ বাবা, চন্দ্রমাধব বাবু এত বড়লোক, তবু তাঁহার কেমন

অমায়িক স্বভাব। আমাদের কত যত্ন ক'রলেন। ইঁহার স্ত্রী ও কন্মা আমাকে এত আদর, যত্ন ও স্নেহ করেছেন যে, আমার আপন মামী ও মামাত ভগ্নীও কখন এত যত্ন করেন নাই। যত্ন ও স্নেহ করাই যেন ইঁহাদের স্বভাব। আমি ইহাদের স্নেহ ও যত্ন কখনও ভুলিতে পারিব না। আক্ষেপ রহিল, স্বর্ণ দিদির সঙ্গে দেখা করিতে পারিলাম না, আর আনন্দমোহন বাবুকেও চিনিতে পারিলাম না।" আমি বলিলাম, "এবার আমার বিদায় মাত্র আট দিন, তাহাদিগকে দেখাইতে সময় পাইলাম না। আর একবার আসিলে তোমাকে সব দেখাইব।" তাহার পর কুস্থম বলিল, "দৌদামিনী দিদি আমাকে পেয়ে যেন হাতে চাঁদ পেলেন। তিনি আমার পেট চিরে খাওয়াইয়াছেন। কত মাছ যে এনেছিলেন! আর পোলাও মাংস কত রকম করেছিলেন। দিদি वर्ताहरून, जिनि शंकांत्रवांश यारवन। यनि जिनि এकवांत হাজারিবাগ যান, তবে দিদিকে মনের মত খাওয়াব।"

আমি কুস্তমকে বলিলাম, "ক'ল্কাতা কেমন স্থন্দর!" কুস্তম বলিল, "হাজারিবাগের মত নয়, এখানে কয়েক খানা ইটের দালান মানুষে বানায়েছে, আর হাজারিবাগে কত পাহাড় এবং কেমন প্রকৃতির শোভা!" রাজধাড়া ষ্টেমনে পূর্ণ বাবুর লোক ছিল না। আমি কুস্থমকে
নিয়া কামারগাঁ গেলাম। আমাদের বাড়ী দোল হয়। সে দিবস
দোলযাত্রা। কুস্থম বৃদ্ধি হওয়ার পর আর কখনও আমাদের বাড়ীর
দোল দেখে নাই। এবার দোল দেখিয়া কুস্থমের আনন্দের সীমা রহিল
না। অনেক সমবয়য়া বালিকা কুস্থমের সঙ্গে খেলায় ঘোগ দিল।
ভাহার পর দিবস আবিধারা হইতে লোক আসিল। কুস্থম বলিল,
"আমি আজ যাব না, আজ হুলি; আমি এখানে হুলি
দেখ্ব।" আমি বলিলাম, "আজ নাগেলে তোমার
শ্বশুর অসস্তুষ্ট হ'বেন।" কুস্থম আর দ্বিক্তিক করিল না,
তখনই যাওয়ার জন্য প্রস্তুত হুইল।

পিতা স্বর্গঃ পিতা ধর্মঃ পিতা হি পরমন্তপঃ। পিতরি প্রীতিমাপরে প্রীরন্তে সর্বদেবতাঃ॥

এই শ্লোকটির মর্ম কুস্থম হৃদরের সহিত কার্য্যে পরিণত করিয়াছিল। তাহার জীবনে কখনও সে আমার কথা অবহেলা করে নাই। আমি তাহার সঙ্গেই হাজারিবাগ যাত্রা করিয়াছিলাম। কুস্থম আবিধারা গেল, আমি হাজারিবাগ পৌছিলাম।

কুস্ব আবিধারা যাইয়া চক্রমাধব বাবু কোন্ কোন্ বিভালয়ে অধ্যয়ন করিয়াছেন, তাহা জানিবার জন্ম তাঁহার নিকট চিঠি লিথিয়া, ছিল। তিনি প্রত্যুত্তরে লিথিয়াছিলেন—

করসিয়ং। ৪ঠা এপ্রিল।

কল্যানীয়াস্থ—

তোমার পত্র পাইয়া বিশেষ আনন্দিত হইয়াছি। এই পত্র পাও-য়ার পরেই আমি কলিকাতা হইতে উপরের লিখিত স্থানের উদ্দেশে যাত্র। করি, তাহাতেই উত্তর লিখিতে বিলম্ব হইরাছে, তাহাতে কিছু মনে করিবা না। তোমার পত্রের বিবরণ সকলকে জ্ঞাপন করিয়াছি। আমি হাইকোর্ট কয়েকদিন বন্ধ থাকা উপলক্ষে এথানে জল বায়ু পরি-বর্ত্তনের জন্ম আসিয়াছি, আগত মঙ্গলবার কলিকাতা উদ্দেশে পুনরায় বাত্রা করিব।

আমার জন্ম বিক্রমপুর ষোলঘর গ্রামে হইয়াছিল। বিভাশিক্ষা কলিকাতা হিন্দুও প্রেসিডেন্সি কলেজে হইয়াছিল। আমি দেখিতে পাইতেছি বে, তুনি এক প্রকাণ্ড কবিতা রচনা করিতে প্রবৃত্ত হইয়াছ। আমরা একপ্রকার ভাল আছি। তুমি ও জামাতা কেমন আছ.ও আছেন ও তাঁহার সহিত সম্প্রতি সাক্ষাৎ হইয়াছিল কি না, লিখিবা ইতি।

আং--- শ্রীচক্রমাধব ঘোষ।

এই সময় বোগেশ এফ্ এ পাশ করিয়াছিল। জ্যৈষ্ঠমানের বন্ধে আমি বাড়ী যাব না স্থির করিয়াছিলাম। কিন্তু জ্যৈষ্ঠমানেই বৈবাহিক মহাশয় জানাইলেন, কুস্থমের তিন মাস অস্তরাপত্য। পত্র পাঠ করিয়াই শরীর সিহরিয়া উঠিল। সেই জ্যৈষ্ঠমাসে কুস্থমের মাত্র বার বৎসর দশ মাস বয়স। সে বৎসর হাজারিবাগে অনেক বালিকা প্রথম প্রসম্ব প্রাণত্যাগ করে এবং অনেক দূর রেল পুষপুষে চাপিলে যদি কোন অনিষ্ঠ হয়, এই আশঙ্কায় কুস্থমকে স্থানাস্তর করিব না স্থির করিয়া তাহার প্রস্তিকে তাহার নিকট পাঠাইয়া দিলাম।

শ্রাবণ মাদে কুস্থমের জর হইল, তাহা সামান্ত কবিরাজি ঔষধে সারিয়া গেল। পুনরায় ভাজ মাদে মাজার বেদনা, জর এবং আমু-সঙ্গিক অনেক উপদ্রব দেখা দিল। কুস্থমের প্রস্থতি তাহাকে নিয়া চাকাতে গেল। সেখানে একটুকু সুস্থ হইলে ডাক্তার কুস্থমকে গ্রামে নিয়া যাইতে পরামর্শ দিল। তাহার প্রস্তি তাহাকে নিয়া পুনরায়
আবিধারা গেল। পথেই কুস্থমের জর ও মাজার বেদনা আরম্ভ হইল।
আবিধারা যাইয়া কুস্থম আশ্বিন মাদে একটি কন্তাসস্তান প্রসব করিল।
কন্তাটি মাত্র এক দিবদ জীবিত ছিল। কুস্থম অত্যস্ত হুর্বল হইয়া
পড়িল; কিন্তু কাতরতা প্রকাশ করিল না।

আখিন মাদের শেষ ভূপতি সহ আমি আবিধারা গেলাম।
সকলে কুস্থাকে জাহাজে কামারগাও নিয়া বাইতে পরামর্শ দিল।
কিন্তু তথন কুস্থানের জাহাজে উঠিবার শক্তি ছিল না। ছই দাঁড়ের
নৌকাতে চারিদাঁড় লাগাইয়া কুস্থাম সহ আমি ২রা কার্ত্তিক বাড়ী
গেলাম। পূর্ণবাবু কুস্থামের সঙ্গে ছোডাওয়াটার এবং ব্রাণ্ডি দিলেন।
বার্টীতে বাইবার সময় কুস্থামের অত্যন্ত রক্তশ্রাব হইল। তাহার পর
দিবস কুস্থামের জর হইল। জর একশত ছই ডিগ্রী হইয়াছিল।

জরাস্তে আমি কুইনাইন দিতে চাহিলাম; কিন্তু ডাক্তার দিলেন না। ছই দিবস পরে কুস্থমের এক শত ছয় ডিগ্রী জর হইল। আমরা সকলেই অত্যন্ত আশঙ্কিত হইলাম। আমি ডাক্তারকে বলিলাম, "কুস্থম অত্যন্ত ছর্মল। এই জর ছাড়িবার সময় শরীর ঠাণ্ডা হইয়া যাইতে পারে। অতএব ইহাকে কন্তরী দেন। ডাক্তার তাহাই করিলেন। সেই দিবস জর ছাড়িল না, এক শত ডিগ্রী পর্যন্ত নামিল; কিন্তু কুইনাইন দিতে পারিলাম না। তাহার পর দিবস পুনঃ এক শত ছয় ডিগ্রী জর হইল। কুস্থমের কথন প্রাণ বাহির হয়, সকলেরই এই আশঙ্কা হইল। ফুইজন ডাক্তার দেখিতেছিল, তথাপি আমি মেদনীমণ্ডল হইতে চক্তকান্ত সেন কবিরাজকে আনাইলাম। তিনি কুস্থমের দিবস করিতে সাহস করিলেন না এবং বলিলেন এই সময় ডাক্তার দারা চিকিৎসা করান উচিত।" পূর্ম্ব দিবস হইতেই কুস্থমের প্রস্তি,

তাহার পিগীমা, তাহার ছই খুলতাত লালমোহন ও রাসমোহন এবং একটি জ্যেষ্ঠতাত ভাতা, জলদা ও আমি দিনরাত্রি কুস্থমের নিকটে ' থাকিতাম।

খ্রামাচরণ ডাক্তার দিনের মধ্যে অনেকবার এবং রাজমোহন ডাক্তার কোন কোন সময় কুস্থমকে দেখিতে আসিত। কুস্থমের জিহবা গোজিহবার মত, পিপাসা অত্যন্ত, শরীর প্রায় রক্তশুল এবং জব প্রায় এক শত ছয় ডিগ্রী। কথন তাহার প্রাণ বাহির হইবে. আমরা তাহাই ভাবিতেছি। রাত্রি বারটার সময় জর এক শত তিন ডিগ্রী হইল। ডাক্তার মিশ্রিত কুইনাইন পূর্বেই দিয়াছিলেন, তাহাই সেবন করাইলাম। কুস্কম যাহা আহার করিয়াছিল, বমি হুইয়া পড়িয়া গেল। রাত্রি পাঁচটার সময় কুন্থম বলিল, "আমায় কেমন করে।" আমি ভাবিলাম কুধায় কাতর হইয়াছে। অমনি আমি বিশ্বজননীর নাম স্বরণ করিয়া গৃহ হইতে বহির্গত হইলাম এবং আমার একটি ভ্রাতু-পুত্র সতীক্রকে ডাকিলাম ও তাহাকে গাভী দোহন করিতে বলিলাম। নে নক্ষত্রবেগে একটি ঘটী হস্তে গৃহ হইতে বহির্গত হইল এবং বংসটি স্বব্ধে করিয়া গাভীর নিকট গেল। মুহুর্ত্ত মধ্যে গাভী দোহন করিয়া সতীক্র ছগ্ধ আমার হত্তে দিল। সেই ছগ্ধ কুস্কমের প্রস্থৃতি গ্রম করিয়া তাহাকে থাওয়াইল। কুন্মম স্বস্থ হইল। সেই দিবদ কুন্মমের জর একশত হুই ডিগ্রী পর্যান্ত নামিল। তাহার পর বাড়িয়া একশত তিন ডিগ্রী হইল। তাখার পর দিবদ একশত এক হইল। ক্রমে এই প্রকার জার কমিতে লাগিল। জ্বর ছাড়িবার ছুই দিবস পরেই অন্নপথ্য দেওয়া হইল। জ্বর পুনঃ বৃদ্ধি পাইল। তৎপর আর বন্ধ করিয়া ছুপ, পোর্ট, হ্রন্ধ, সাপ্ত ও মধ্যে মধ্যে বেদানা এবং পানের জন্ম ছোডাওয়াটার দেওয়া হইত। কোষ্ঠ পরিষ্কার হইত না, সেজভা মিসারিন এবং কেস-

কারা দেওয়া হইত, তাহাতেও সকল সময় কোর্চ পরিকার হইত না। রক্তস্রাব নিবারণ জন্ত হেজেলিন দেওয়া হইত। কুস্থমকে এই অব-স্থায় রাখিয়া আমি হাজারিবাগ রওনা হইলাম।

আমি হাজারিবাগ পৌছিয়া চারি দিবস পরে বাটীর পত্তে জানিলাম. কুমুমের ভয়ানক রক্তপ্রাব আরম্ভ হইয়া হাত পা শীতল হইয়াছে। ঢাকাতে অভয় ডাক্তার চিকিৎসা করিয়াছিল। তাহার প্রতি কুস্থমের বিশ্বাস ছিল; এজন্ত তাহাকে আনিতে ঢাকাতে লোক গিয়াছে। আমি পত্র পাইয়া তৎক্ষণাৎ হাজারিবাগের সিবিল সার্জন ডিয়ার সাহেবের নিকট গেলাম এবং সমস্ত অবস্থা বর্ণনা করিলাম। তিনি আর্গট আর কি কি ঔষধ ব্যবস্থা করিলেন এবং আমাকে বলিলেন, 'এই প্রেসক্রিপ-সন থানা ডাকে পাঠাইয়া দিন এবং আর্জেণ্ট টেলিগ্রাম করুন যে. রোগীর অন্ন বন্ধ করিয়া তাহাকে সাগু, হ্রগ্ধ, পোর্ট ও স্থপ আহার দেওয়া হয় এবং কোন প্রকার শরীর সঞ্চালন না করে। শ্রীর সঞ্চালন করিলেই রক্তস্রাব হইবে।' আমি তাহাই করিলাম। তাহার ছই দিবস পরে চিঠিতে জানিলাম, অভয় ডাক্তার কোন মোকদমার জন্ম আঁদিতে পারে নাই। কয়েক জন এদিষ্ট্যাণ্ট সার্জন কুমুমকে ঢাকাতে নিতে বলিয়াছে। তথন আমার চকু স্থির হইল, ভাবিলাম কুস্থমের প্রাণ গিয়াছে। কিন্তু চিঠিতে লিখা ছিল, ষাইবার পূর্ব্বে আমার নিকট টেলিগ্রাম করিবে। তথনও আমি টেলিগ্রাম পাই নাই। আমি অমনি টেলিগ্রাম করিলাম, "কুস্থমকে কিছুতেই ঢাকা নিওনা।" তাহার পর বুধবার চিঠি পাইলাম—শনিবার কুস্থমকে ঢাকাতে নিবার কথা ছিল। কিন্তু শুক্রবার রাজি হইতে রবিবার পর্যান্ত এত ভয়ানক ঝড বৃষ্টি হইয়াছিল যে, কিছুতেই কুস্ত্রমকে ঢাকাতে নিতে পারি নাই। কুম্বম অনেক মুক্ত হইয়াছে। আমি জগদীখরকে ধ্রুবাদ দিলাম।

তিনি ঝড় রাষ্টি দারা কুস্থমের প্রাণ রক্ষা করিলেন। এথানকার মিশ হেজার্ডের পরামর্শমত আমি বাড়ীতে টেলিগ্রাম করিয়াছিলাম। কুস্থমের শয়নের থাট যেন মাথার দিক হইতে পায়ের দিক সামান্ত উচু থাকে। এরূপ অবস্থাতে কুস্থমকে পালকিতে, নৌকাতে, রেলে ও ঘোড়-গাড়ীতে ঢাকায় নেওয়ার চেষ্টা করিলে পথেই কুস্থমের প্রাণাস্ত হইত। ভগবান্ অলৌকিক উপায়ে তাহার জীবন রক্ষা করিয়াছিলেন। ডিয়ার সাহে-বের ব্যবস্থাপত্র পৌছিবার পূর্বেই তাহাকে আর্গট দেওয়া হইয়াছিল। তাহার কোষ্ঠ পরিষ্কার ও শরীরে রক্ত সঞ্চারের জন্ত ডিয়ার সাহেব

কুস্থমের যথন অত্যস্ত রক্তপ্রাব হইয়া হাত পা শীতল হইয়াছিল, তথন কুস্থম বলিয়াছিল, "মা ! আমাকে তুধ দাও।'' কুস্থম হগ্ধ পান করিল এবং অনেকে কুস্থমের হাতে পায়ে তাপিন মালিষ করিতে আরম্ভ করিল। ক্রমে কুস্থম স্বস্থ হইল।

কুস্থমের এত অস্থপ, কিন্তু এক দিনও সে ব্যস্ত হয় নাই, কিম্বা কোন প্রকার তৃঃথ প্রকাশ করে নাই। পীড়িতাবস্থায়ও সকলের সঙ্গে সহাস্থবদনে কথা বলিয়াছে।

যোগেশ আষাঢ় মাস হইতে ঢাকাতে ছিল। তাহার প্রতিমাসে একবার জর হইত। নবেম্বর মাসে তাহার ছইবার জর হইল। তথন তাহাকে কলেজ হইতে নাম উঠাইতে লিখিলাম। সে বাড়ী যাওয়ার সময় কুস্থমের সঙ্গে দেখা করিয়া গিয়াছিল। মাঘ মাসের প্রথম ভাগে যোগেশ ও পূর্ণ বাবু হাজারিবাগে আসিয়াছিলেন।

কুস্থমকে পীড়িতাবস্থায় দেখিবার জন্ম তাহার মাতৃল বাড়ী হইতে অনেকে অনেক বার আসিয়াছিল। কিন্তু তাহাতে তাহাদের তৃপ্তি হয় নাই। যথন কুস্থম একটুকু স্কুম্ব হইল, তাহার মাতৃল বাড়ীর সক-

লেই তাহাকে দেখিবার জন্ম ব্যগ্র হইল। তাহাকে সকলেই অত্যস্ত ভাল বাসিত। কুসুম তাহার মাতৃল বাড়ী প্রায় বার তের দিবদ ছিল। মাঘ মাসের শেষভাগে জলদা, কুসুম, তাহার প্রস্থতি এবং মোহিনী হাজারিবাগ আসিল। যোগেশের জর তথন ছাড়িয়াছিল। কুসুম ও তথন অনেকটা স্কস্থ। আমরা তথন আনন্দ সাগরে ভাসিলাম।

এই সময়ে গিরীক্রবাবু পেন্দন্ নিয়া একটুকু দ্রে বাদা করিয়া ছিলেন। পূর্ণবাব্ ফাল্পন মাদের প্রথম যোগেই হাজারিবাগ হইতে গিয়াছিলেন। গিরীক্রবাবু যোগেশকে নিমন্ত্রণ করিয়া কাপড় দিয়াছিলেন। নিমন্ত্রণের দিবদ কুস্থমের জলবসন্ত ছিল। দে নিমন্ত্রণে না যাইতে পারাতে গিরীক্রবাবু ও তাহার স্ত্রী উভয়েই অত্যন্ত হৃঃথিত হইয়াছিলেন। কুস্থম ভাল হইয়া মধ্যে মধ্যে তাঁহাদের সঙ্গে দেখা করিতে যাইত। গিরীক্র বাবুর মৃত্যু সময়ে তিনি অত্যন্ত যাতনা পাইয়াছিলেন; কিন্তু দে জন্তা একটুকুও হৃঃথ প্রকাশ করেন নাই। কেহ তাঁহাকে যাতনার বিষয় জিজ্ঞানা করিলে তিনি বলিতেন, "যীভগুই যে যাতনা ভোগ করিয়াছিলেন, তাহার সহিত তুলনা করিলে, এ যাতনা কিছুই নহে।" কুস্থম সেই কথা শুনিয়াছিল এবং তাহার প্রস্থতিকে অনেক সময় বলিত, "যাভগুইকে পাপী লোকেরা কত কন্ত দিয়া কুশে চাপিয়া মারিয়াছিল। কিন্তু তিনি অকাতরে তাহা সহু করিয়াছিলেন এবং সেই পাপীদের মুক্তির জন্ত ঈশ্বরের নিকট প্রার্থনা করিয়াছিলেন।"

বোগেশের এখানে বাস সময়ে কুস্থম তাহার জন্ম কি কাজ করিবে তাহা অন্ধুসন্ধান করিত। মাংস পাক শিক্ষা করা উপলক্ষ করিয়া মাংস পাক করিত, তাহার পছন্দ মত কুটনা কুটিত এবং তাহার পাঠের কোঠার চিমনি, টেবল ও চেয়ার পরিষ্কার করিত।

বর্ষা সময়ে তাহার দক্ষিণ হস্তের মধ্যমার অগ্রভাগ পাকিয়াছিল। এখানকার নেটিব ডাক্তার বসন্তবাবু অন্ত্র করিয়া সমস্ত পিক বাহির করিয়া লিণ্ট ভরিয়া দিলেন। কুস্থম অশ্রুপাত না করিয়া ডাক্টার যাওয়ার পর থাটের উপর শুইয়া রহিল। আমি জিজ্ঞাসা করিলাম. "কুস্থম তুমি শুয়ে র'লে কেন ?" সে উত্তর করিল, "আঙ্গুলে বড় বেদনা ও জালা।"

কুম্বনের হাতের লেখা খুব পরিষ্কার এবং অক্ষর গুলি ঠিক ছাপার অক্ষরের মত ছিল। সে অতি ক্রত লিখিতে পারিত। পুস্তক কিম্বা পত্রিকা অতি স্থন্দর পাঠ করিত।

১৯শে চৈত্র শৈবলিনীকে লিথিয়াছিল-

হাজারিবাগ। ১৯শে চৈত্র।

অভিন্নহৃদয়াম্ব—

প্রাণের দিদি! গত পরশ্ব তোমার মধুমাথা চিঠি-খানা পাইয়া যে কতদূর স্থগী হইলাম, তাহা আর এই ক্ষুদ্র পত্রে কত লিখিব। আশা করি মধ্যে মধ্যে এই-প্রকার ছুই এক খানা পত্র লিখিয়া তোমার স্লেহের কুস্থমকে স্থা করিবা।

দিদি মণি! আমি মনে করিয়াছিলাম যে, তুমি বুঝি আমাকে ভুলিয়া গেলে। এখনও আমাকে দেখিতে তোমার এত আগ্রহ দেখিয়া বড়ই স্থখী হইলাম। তোমার সঙ্গে বোধ হয় আর দেখা হইবে না। এবার

বড় আশা করিয়াছিলাম যে, তোমার সঙ্গে বুঝি দেখা হইবে। কিন্তু সে আশায় ছাই পড়িল। সতীশবাবু তোমাকে ছাড়িয়া দিলেন না।

দিদি! সতীশবাবুকে বলিও আমার কাছে পত্র লিখিতে। তিনি কি এতই বড়মানুষ হইয়াছেন যে. আমাদের কাছে চিঠি লিখিতে অপমান বোধ হয় ? আমি তাঁহার কাছে পত্র লিখিলাম। যদি উত্তর না পাই, তবে বড় চুঃখিত হইব এবং বোধ হয় তাহা হইলে এই শেষ লেখা। অধিক আরু কি লিখিব। তোমার শ্বশ্রমাতাকে আমার প্রণাম জানাইবা। বিয়াইনেরা কেহ এখানে থাকিলে তাঁহাদিগকে আমার সাদর সম্ভাষণ জানাইবা। তুমি আমার ভালবাদা গ্রহণ করিবা। আমার শরীর বড় ভাল নয়। মাঝে মাঝে জ্বর হয়; বড় ছুর্বল। তোমার ও তোমার সতীশবাবুর কুশল চাই। দাদা ভাল আছে। সে তোমার চিঠির উত্তর এখন দিবে না বলিল: বোধ হয় শেষে দিতে পারে ইতি।

তোমার স্নেহের কুস্থম।

পুং—

मिनि ।

তোমার ভগ্নিপতি এখানে আছেন। ভালই আছেন। বৈশাথ মাদের শেষভাগে যোগেশ বাড়ী গেল। জ্যৈষ্ঠ মাদে কুস্ক- মের শরীর কিছু স্বস্থ হইল; কিন্তু আম জাম খাওয়াতে কিছু কফের
সঞ্চার হইল। ডাক্তার হারন্ সাহেব তাহাকে পরীক্ষা করিয়া ঔষধ
ব্যবস্থা করিলেন। তাহাতেই অস্থ্য সারিয়া গেল। তাহার পেটে বেদনা
হইয়াছিল। হারন্ সাহেবের ব্যবস্থীকৃত ঔষধে তাহা দূর হইল। এবং
তাঁহারই ব্যবস্থামত তাহাকে আখিন মাস পর্যান্ত কড্লিভার অয়েল
এবং মধ্যে মধ্যে কুইনাইন দেওয়া হইয়াছিল।

জৈষ্ঠ মাসে কুস্থম এক দিবস বলিল, "বাবা, আমি শিল্প কাজ শিখ্ব, মিসবিলকে আনিয়া দেও।" আমি মিসবিলকে অনুরোধ করাতে তিনি প্রতি সপ্তাহে ছই তিন দিন কুস্থমকে নানাবিধ শিল্পকাজ শিক্ষা দিতে আরম্ভ করিলেন। তিনি আমাকে বলিতেন, "আপনার কন্তা অতি বৃদ্ধিমতী; যে কাজ এক দিবস শিক্ষা দেই, তাহা অমনি শিথিতে পারে।" কুস্থম আমার জন্ত একযোড়া ও তাহার ননদের ভাবী সন্তানের জন্ত একযোড়া উলের মুজা প্রস্তুত করিয়াছিল। লেইচ্ ও নানাবিধ কমাল ও টেবল ক্ষাল প্রস্তুত করিতে আরম্ভ করিল। দেলাই কাজ আপনিই শিক্ষা করিয়াছিল। আমার চাপকান কোট প্রভৃতির বুতাম নিজেই লাগাইয়া রাখিত।

কুস্থমের চিত্র বিভায় বিশেষ অন্থরাগ ছিল। বিনা উপদেশে কুস্থম নানাপ্রকার চিত্র আঁকিয়াছিল। রেট্রে নামক একটি সাহেব পূর্বের পুলিষের স্থপারিণ্টেগু ছিলেন। তিনি পেন্সন্ নিয়া পরিবার সহ হাজারিবাগে বাস করিতেছেন। আমি তাঁহাকে ও তাঁহার কভা দিগকে এক দিবস হ্রদের পাড়ে বৃক্ষাদি চিত্র করিতে দেখিয়া বলিলাম, "আমার কভার চিত্র বিভাতে বিশেষ অন্থরাগ। সে বিনা উপদেশে মন্থ্য, পশু, পক্ষী, লতা ও ছোট ছোট বৃক্ষ চিত্র করে। তাহাকে কেহ এ বিষয়ে উপদেশ দিলে, বিশেষ অন্থগ্হীত হইতাম।" তিনি বলিলেন,

"মিদ হোরাইট ভাল চিত্র বিভা জানেন, আপনি তাঁহাকে অমুরোধ করিলে, তিনি অতি আনন্দের সহিত আপনার কন্তাকে চিত্রবিভা শিক্ষা দিবেন।" আমি কুস্কুমকে দমস্ত বিষয় বলাতে তাহার আনন্দের অবধি রহিল না।

পূর্ণবাবু বাড়ী যাইয়। কুস্থমের নিকট চিঠি লিখিলেন, "এখন আমি তোমাদিগকে রাখিয়া যাইতে পারিলেই হয়।" এই চিঠি শুনিয়া কুস্থমের প্রস্থাত বলিল, "পূর্ণবাবু কুস্থমকে খুব ভাল বাসেন। শ্বশুর সাধারণতঃ পুত্রবধ্কে এমন ভাল বাসেনা। আমি যখন আবিধারা ছিলাম, পূর্ণবাবু এক দিবস একটি ভাল পাকা ভালিম আনিয়া তাহা কেটে প্রথমে কুস্থমকে এক অংশ দিলেন, পরে অবশিষ্ট অংশ তাহার স্ত্রীর হাতে দিলেন।"

বৈশাথ জৈ ছি মানে হাজারিবাগে প্রচণ্ড রৌদ্র হয়। সমস্ত জিনিষ শুক্ষ হয়। গুবাক শুক্ষ হওয়াতে অত্যন্ত কঠিন হয়। কুস্থ-মের প্রস্তাতি এক দিবস বলিল, "স্থপারিগুল এত শক্ত যে কাটিতে পারি না।" কুস্থম বলিল, "মা! জলে ভিজাইয়া রাখ, কাট্তে স্থবিধা হইবে।" কুস্থম বেশ স্থপারি কাটিতে পারিত।

চৈত্র মাস হইতে হুর্গাপূকা পর্যান্ত কুর্ম্বম প্রায়ই একদিন অন্তর এক
দিন মাংস পাক করিত। সে মাংস অতি স্কন্ত্রাদ হইত। পূর্ণবাবু
কুর্ম্বমকে একখানা পাকপ্রণালী দিয়াছিলেন। কুর্ম সেই গ্রন্থ দর্শন
করিয়া অনেক দিন নানাবিধ সন্দেশ, রসগোল্লা, পলান্ন, চপ, কুর্মা
প্রভৃতি পাক করিত এবং তাহার প্রস্থৃতিকে বলিত, "মা! এই
বেলা সব পাক করা শিখে রাখ।"

এক দিবদ দিজেন্দ্র কুস্থমকে একটি স্তব শুনাইল। কুস্থমও একটি স্তব পাঠ করিল। দিজেন্দ্র বিলিল, তোমার স্তবটি অত্যস্ত বড়; আমার মনে থাকিবে না। তুমি লিখিয়া দেও।" কুস্থম তখন লিখিয়াদিল।—

नमत्छ मर्कानी, जेगानी, हेलानी, जेग्नती जेग्नत-जाग्ना, অপর্ণে অভয়া, অন্নপূর্ণাজায়া, মহেশ্বরী মহামায়া, উগ্রচণ্ডা উমে, আশুতোষি ধূমে, অপরাজিতা উর্ব্বশী রাজরাজেশ্বরী, রামা রণকরি, শঙ্করী, শিবে যোড়শী, মাতঙ্গী বগলে, কল্যাণী কমলে, ভবানী ভুবনেশ্বরী, সর্ব্ববিশ্বোদরী, শুভে শুভঙ্করী, ক্ষতি ক্ষেত ক্ষেমঙ্করী, সহস্রসহস্তে, ভামে ছিন্নমস্তে, মাতা মহিষমর্দিনী, নিস্তারকারিণী, নরকবারিণী, নিশুম্ভশুম্ভ ঘাতিনী, দৈত্য নিকুন্তিনী, শিবসীমন্তিনী, শৈলস্থতা স্থবদনী, वितिक्षि-विक्ति, क्रुके निक्किनिनी, िंगश्रदत्रत घत्री, (प्तरी फिशचती, जूर्ग जूर्ग जाति, कालिएक कत्रालएकी, শিবে শবার্ক্যা, চণ্ডী চকুচুড়া, ঘোররূপা এলোকেশী, मर्क्यप्रशां जिनी, दिलाकारमाहिनी, नमर्ख लालवमना, দিকবিবর্ণনা, সর্ব্বপরসনা, বিশ্বা বিকটদশনা, সারদা, স্থুখনা, বরদা, শুভদা, অন্নদা মোক্ষদায়িনী, मूर्णभवाहिनी, मर्ह्भाविनी, अर्त्नभ-विमनी वामा, কামাক্ষা রুদ্রাণী, হরাষড়াননী, মহামায়া, কাত্যায়নী,

হের মা পার্ব্বতী,আমি দীনা অতি,আপদে পড়েছি বড়, সর্ব্বদা চঞ্চল, পদ্মপত্রজল, ভয়ে ভীতা জড়সড়।

শ্রীমতী কুস্থমকামিনী।

কুষ্ণ বৃথা সময় নষ্ট করে নাই। কোন সময়ে গ্রন্থ অধ্যয়ন করিত, কথন সঙ্গীত লিখিত, কথনও গৃহকার্য্য সম্পাদন করিত কথন বা অন্তের চিঠি লিখিত। এক দিবস যাহার সঙ্গে আলাপ হইয়াছে, এমন লোকের নিকটেও কুষ্ণম চিঠি লিখিয়াছে। লোকের সঙ্গে দেখা সাক্ষাৎ করাও বেড়ান তাহার বড়ই প্রিয় কার্য্য ছিল। এখানে অনেক পাহাড় দেখাইবার জন্ম সে আমাকে অনুরোধ করিয়াছিল। কিন্তু আমি তাহার সে বাসনা পূর্ণ করিতে পারি নাই। কি কারণে তাহার কৌতৃহল নিবৃত্তি করিতে পারি নাই, তাহাকে বলাতেই সে সন্তুষ্ট রহিয়াছে, আর কথনও সে বিষয়ে দিকুক্তি করে নাই।

কুস্থম এক দিবস চঞ্চলাদের বাটী যাইয়া দেখে, তাহারা সকলে উপোসনা করিতেছে। উপাসনাস্তে কুস্থম বলিল, "মামী মা! আমরা যাহা ইচ্ছা ঈশ্বরের নিকট প্রার্থনা করিতে পারি। কিন্তু আমাদের এরূপ আশা করা উচিত নহে যে, যাহা আমরা প্রার্থনা করিব, তাহাই তিনি দিবেন। আমরা কাজ করিয়া যাহার জন্ম উপযুক্ত হইব, তাহাই তিনি দেন।"

একদা শান্তি, কালজাম প্রভৃতি আমাদের বাসায় বেড়াইতে আসি-য়াছিল। শান্তিকে ভীমকলে দংশন করাতে তাহার মূর্ছ্য ও শরীর ক্ষীত হইল। কুসুম দংশন স্থলে তামাক দিয়া তাহার মস্তকে বাতাস করিতে আরম্ভ করিল। সে কিঞ্চিৎ স্কুস্থ হইয়া বাসায় গেল। সে যে পর্য্যন্ত আরাম না হইয়াছিল, তাহাকে দেখিবার জন্ম কুসুম আমাকে তাহার বাদায় প্রত্যহই পাঠাইয়াছিল।

কুষ্ম দলীত প্রিয় ছিল; কিন্তু অল্লীল গান কথনও করে নাই কিম্বা শোনে নাই। তাহার গানের একথানা থাতা আছে। তাহা তিন ভাগে বিভক্ত। ১ম ধর্মদলীত, ২য় অল্লান্ত বিবিধ গান এবং ৩য় হাসি ও থেলা। যথন যে গানটি ভাল বোধ হইত, তাহাই সেই খাতায় লিখিয়া রাখিত। রাত্রিতে আহারের পর যথন শয়ন করিত, তথন প্রায়ই ধর্ম বিষয়ে গান করিত। তাহার প্রস্তি ও তাহার সঙ্গে গান করিত। তাহার প্রস্তি ও তাহার সঙ্গে গান করিত। তাহার প্রস্তির কোন সময় তাল মান ঠিক না হইলে, তাহা বলিয়া দিত। কোন গান একবার শুনিলেই তাহার তাল হ্রর ঠিক করিতে পারিত। এক দিবস একটি শ্লোক পাঠ করিয়া আমাকে বলিল, "বাবা, সা রে গামা নি ধা পা, ইহার প্রত্যেক অক্ষর একএকটি হ্রেরর প্রথম অক্ষর।" আমার আর কোনটি মনে নাই, কেবল গান্ধারের গা, এই মাত্র মনে আছে।

বর্ধার সময় পূর্ণবাব্ চিঠি লিখিলেন,—তাঁহার কনিষ্ঠ পুত্র ষতীশের কোন সংবাদ পান নাই। বোধ হয় সে জীবিত নাই। এই আশঙ্কার তাঁহার বহুমৃত্র রোগ হইয়াছে এবং মাথা ঘোরে। কুসুমকে ষতীশ "আমার বধ্ঠাকুরাণী" বলিয়া সম্বোধন করিত। কুসুমও তাহাকে খুব ভাল বাসিত। একবার তাহার জন্ত এক বোড়া উলের মুজা প্রস্তুত্ত করিয়াছিল। যতীশের আরোগ্য সংবাদ পূর্ণবাব্ পাইলেন; কিছ তাঁহার রোগ কিছুকাল স্থায়ী হইল। পূর্ণবাব্ কুসুমকে অত্যন্ত ভালবাসিতেন। এমন কি তাঁহার আপন কন্তা অপেক্ষাও তিনি কুসুমকে অধিক স্নেহের চক্ষে দেখিতেন। যথন তাঁহার বাগানে আম, লিচু, ভালিম কিছা অন্ত কোন ফল প্রথম পাকিয়াছে,পূর্ণ বাবু আপন হস্তে

সেই ফল নিয়া প্রথমেই কুস্থমকে দিয়াছেন। পার্শি সাড়া কিষা অন্থ কোন প্রকার বদন যথন পূর্ণবাবু তাঁহার কলা ও কুস্থমকে দিয়াছেন, তথন তিনি ভাল খানা কুস্থমকে দিয়াছেন। পূর্ণবাবু তুইটি রূপার দিন্দুরের কোটা কিনিয়া তাহার ভালটি কুস্থমকে দিয়াছিলেন। কুস্থম তাহার শ্বন্ধর শান্তড়ীকে বিশেষ ভক্তি শ্রদ্ধা করিত। গলছলে কেহ তাহার শ্বন্ধর শান্তড়ীর নিন্দা করিলে, সে তাহাতে অসন্তোষ প্রকাশ করিত। তাহার প্রস্থিতি কি কথা উপলক্ষে এক দিবস তাহার শান্ত-ড়ীকে বিজ্ঞপ করিয়াছিল। কুস্থম বলিল, "তুমি আমার শান্তড়ীকে একুপ ভাবে ঠাট্টা করিও না। গুরুজনের নিন্দা শুনিলেও পাপ হয়়।" এ সংস্কার তাহার শিশুকাল হইতে ছিল।

এক দিবদ একটি গর্ত্তবতী কুকুরী অনাহারে কাতর হইয়া আমাদের বাসায় আসিল। কুস্থম তাহার শীর্ণতা দেখিয়া স্বহস্তে তাহাকে আহার দিতে আরম্ভ করিল। সে কুকুরী এখনও আমার বাসায় আছে।

ভাদ্র মাসে হঠাৎ এক দিবস আমার মাথা ঘুরিল। হারণ্ সাহেবকে দেখাইলাম। তাঁহার ব্যবস্থীকৃত ঔষধে ভালরপ ব্যারাম দূর হইল না। ভাবিলাম, কলিকাতা হইতে কবিরাজি ঔষধ আনিয়া সেবন করিব। আমার জর কিছু কমিয়াছিল; কিন্তু সময় সময় মাথা ঘুরিত। আমার শরীর যেন ভগ্ন হইয়া পড়িল।

পূর্ণ বাব্র ব্যারামের কথা শুনিয়া কুস্থম তাঁহাকে দেখিবার ও সেবাশুশ্রমা করিবার জন্ম আগ্রহ প্রকাশ করিল। সে আবিধারা বাইবার
জন্ম জিনিষ পত্র গুছাইতে আরম্ভ করিল। আমার ইচ্ছা ছিল না যে, সে
পূজার সময়ে আবিধারা যায়। ভয়ানক পীড়া হইতে উদ্ধার পাইয়াছে,
তথনও ওবধ সেবন করে, শরীর ভাল করিয়া স্পৃত্ত হয় নাই, এ অবস্থায় স্বাস্থ্যকর স্থানে আমার নিকট থাকাই ভাল। সেই জন্ম আমি

এক দিবদ কুস্থমকে বলিলাম, "তোমার শৃশুর যদি তোমাকে পাঠাইতে না লিখেন ?" কুস্থম বলিল, "তবে কেমন হবে ?" আমি ইহাতেই বুঝিতে পারিলাম, কুস্থমের যেমন আগ্রহ দেখিতেছি, তাহাতে ইহাকে আবিধারা যাইতে বাধা দেওয়া উচিত নয়। কয়েক দিবদ পরে পূর্ণবাবু লিখিলেন, "কুস্থমকে শারদীয়া পূজার সময় দিয়া গেলে স্থী হইব"। কুস্থম আনন্দে পুলকিত হইল এবং আমাকে বলিল, "বাবা, গত বার যথন চন্দ্রমাধব বাবুর বাসায় যাই, তথন পথে আমাদের চা খাওয়ার বন্দোবস্ত ছিল না। তোমার ও আমার মাথা ধরে ছিল। তুমি মাথার বেদনায় অস্থির ইইয়াছিলে। আমরা চা খাওয়া ক্রমে ছেড়ে দিব। প্রতিদিন কুস্থম গরম জলে কম চা দিয়া এক দিবস কিছুমাত্র চা দিলে না। তদবধি আমাদের চা খাওয়ার অভ্যাস দূর ইইল।

৩রা ভাদ্র কুস্কম জলদার স্ত্রীকে লিখিয়াছিল.—

হাজারিবাগ।

৩রা ভাদ্র।

শ্রীহরিসহায়।

প্রাণের ভগিনি!

এই মাত্র তোমার পত্রখানা পাইলাম। আমি তোমার পত্র পাইলে স্থাইই; কিন্তু তোমার এই পত্র পাইয়া স্থাধর পরিবর্ত্তে ছুঃখিত হইলাম। ভাগিনি! তুমি এই বয়দেই সাংসারিক যত রকমের কন্ট আছে, তাহা ভোগ করিলে। প্রিয়তমে! সংসারে কেইই স্থানয়, ইহা স্থির জানিও। তবে পূর্বজন্মের ফলাফল

অনুসারে কারো ফুংথের মাত্রা গুরু, কারো লঘু, এই মাত্র ব্যতিক্রম। নচেৎ ছুঃখ সকলেরই আছে। তুমি অস্থির আছ, ইহা আমি খুব বুঝি। তথাপি ভগিনি! কফ পাইয়া মৃত্যু আকাজ্ঞা করা বুদ্ধির কার্য্য নহে। সহিষ্ণুতাই স্ত্রীলোকের একমাত্র অবলম্বন। সহিষ্ণু হও। মনে করিও না বোন ! যে আমিই বড় স্থথে আছি। আমিও দারুণ মনঃকটে আছি। তোমাদের যোগেশ বাবু আমার কাছে চিঠি লিখা একরূপ বন্ধ করিয়াছেন। বোন্! গতবার চারি খানি চিঠি লিখিয়া এক খানির উত্তর মাত্র পাইয়াছিলাম। এবার তিনথানা লিখিয়াছি, কিন্তু একখানিরও উত্তর,পাই নাই। মন কত সময় কত রূপ বলে; কিন্তু বিশ্বাস হয় না। তথাপি সরোজ! তিনি বিনা দোষে আমাকে এত কফ ভোগ করাই-তেছেন, ইহা ভাবিয়া বড় কফ্ট পাই। আমার অপরাধ কি, তাহা কত পত্ৰে জানিতে চাহিয়াছিলাম। কিন্তু তিনি তাহাও লিখেন না। ভগিনি! স্ত্রীলোকের ইহা অপেক্ষা কষ্ট আর কি আছে ? তিনি স্লস্থ শরীরে ও শান্তিতে থাকুন, ঈশ্বরের কাছে ইহাই প্রার্থনা। বাবার কাছে একখানা কার্ড লিখিয়াছেন। তাহাতে জানিয়াছি, তিনি ভাল আছেন। ইহাই আমার পরম স্থথ।

আমি তোমার কাছে কামারগাঁর ঠিকানায় প্র লিখিয়াছি। তুমি বোধ হয় পাও নাই। তোমার সহিত দেখা করিবার আশা আমার তুরাশা মাত্র। আমি বোধ হয় ৮ পূজার সময় আবিধারা যাইব। বাটী হইয়া (যদি ভগবানের কুপায়) যাইতে পারি, তবে ত দেখা হইবে ? ঠাকুর ভাইর পত্র পাইয়াছি। তিনি ভাল আছেন। প্রাণাধিকে! তোমার বধূঠাকুরাণীকে যখন পাক করিয়া দিবার লোক নাই, তখন তুমি কিছু দিন থাকিলে তিনি যে রাগ করিতেন, ইহা আমার বোধ হয় না। তোমার বধূঠাকুরাণী কাজ কর্ম্মে কেমন ? পরিশ্রমী না আমারই মত অকর্মা? স্থন্দরী বধু আনিয়াছ, শুনিয়া স্থা হইলাম। তাঁহার নাম "প্রফুল্লকুমারী" দদা হাস্তমুখী তো ? আমি হাস্তমুখী স্ত্রীলোক বড় ভালবাসি। ভাঁহাকে আমার সাদরসম্ভাষণ জানাইও। আশা করি তুমি ও আমি যেমন অকৃত্রিম প্রেমডোরে বাঁধা আছি, সেইরূপ তোমরা উভয়ে থাকিবে। কিন্তু ভগিনি! সকলের সঙ্গে মনের মিল একরূপ হয় না। ঈশ্বর করুন, তোমার সঙ্গে যেন আমার দেখা হয়। তাহা হইলে জানিতে ও জানাইতে পারিব।

আমার শ্বশুর বহুমূত্র রোগে আক্রান্ত হইয়াছেন।

শেল্প দিনের মধ্যেই অত্যন্ত কাতর হইয়া পড়িয়াছেন। আমার দেবর জ্যোতিষের বড় ব্যারাম। ছোট খুড়ী কোথায় আছেন ও কেমন আছেন, জানকি ? যদি জানিয়া থাক, তবে আমাকে জানাইও। চুণী মরিয়াছে। মৃত্যু কাহারও হাতধরা নহে। চিনি দাদার উচিত হয় নাই, চুণীকে না দেখিয়া আসা। তিনি যখন পোড়ার চিকিৎসা জানেন, তখন শেষ পর্য্যন্ত দেখিয়া আসা উচিত ছিল। যাহোক গতস্ত শোচনা নাস্তি। গত বিষয়ের আক্ষেপ করিয়া কোন ফল নাই। তুমি কেমন আছ ? আমরা ভাল আছি। ইতি।

তোমারই কুস্থম।

১৭ই ভাদ্র কুস্থম জলদার স্ত্রীকে লিখিয়াছিল—

হাজারিবাগ।

১৭ই ভাদ্র।

প্রিয়তমে ভগিনি।

এই মাত্র তোমার স্থকোমল হস্তের মধুমাখা লিপি প্রাপ্তে অপরিসীম স্থাই ইলাম। প্রাণের বোন্! সর্বাদা এই প্রকার পত্রাদি দানে তোমার স্নেহের ভণিনীকে স্থাকরিতে অন্যথাকরিও না। ভণিনি! ভূমি কি মনে কর যে, আমি তোমার সহিত বিশ্বাস্থাতকতা করিব ? কখনও না। বোন্! তুমি আমাকে বিশ্বাস করিয়া যে গোপনীয় কথা বলিবে, আমি প্রাণ থাকিতে সে সব কথা কাহারো নিকট প্রকাশ করিব না। ইহা তুমি জান। স্থতরাং তোমার নিকট বেশী লিখা বাহুল্যমাত্র।

প্রিয়তমে! তোমার মন কিপ্রকার করে? কিছুই কি বুঝিতে পার না ? তবে কি তুমি সত্য সত্যই পাগল হইলে ? ঠাকুর ভাই জানেন কি ? তাঁহাকে বিশেষ করিয়া দাব কথা বলিও। সরোজ! আমার ইচ্ছা হয়, পাথা হইয়া উড়িয়া গিয়া তোমাকে সব কথা বলি ও শুনি। আমি ৮ পূজার সময় বাড়ী গিয়া তোমার সহিত দেখা করিতে যথাসাধ্য চেফা করিব। তোমার সহিত কথা বলিয়া আমার মন যত ভাল বোধ হয়, এমন আর কাহারও সঙ্গে কথা বলিয়া হয় না। আমি যদি ভগ-বানের কুপায় কামারগাঁ তোমার নিকট যাইতে পারি. তবে এক বার সব কথা বলিতে পারিব। ভাই! তোমা-দের যোগেশ বাবু অভ্য সাত আট দিন হয়, আমার নিকট পত্র লিখিয়াছেন। তিনি লিখিয়াছেন যে, 'আমার পত্র অনেক দিন হয় পান না; সে জন্ম তিনি অত্যন্ত চিন্তিত আছেন। আর আমি তাঁহাকে ভুলিয়া গিয়াছি। আমার দয়া মায়া নাই।' ইত্যাদি লিখিয়াছেন। কিন্তু আমি

তাঁহাকে চারিখানা পত্র লিখিয়াছিলাম। শেষ পত্র খানিতে একটুকু অনুযোগ লিখিয়াছিলাম। ভগিনি! আমি আমার ব্যবহারে কোন ত্রুটি করিয়াছি বলিয়। স্মরণ হয় না। তিনিও আর কোন দিন এইরূপ ব্যব-হার করেন নাই। এবার যদি সত্য সত্যই আমার পত্র না পাইয়া থাকেন. তবে তাঁহার দোষ রুথা দিয়াছি। আমারই তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করা উচিত। কারণ তিনি দাদার পত্রে জানিয়াছেন যে, আমি ভাল আছি। আমি ভাল থাকিয়াও তাঁহার সংবাদ লই না, ইহা জানিয়াও যে তিনি চিঠি লিখিয়াছেন, ইহা তাঁহার পক্ষে আশ্চর্য্য বটে। কিন্তু তিনি বোধ হয় আমার সব চিঠি পাইয়াছেন। কারণ আমি যে ঠিকানায় চিঠি লিখিয়াছি, তাহাতে নাপাইবার কোন কারণ নাই। বোধ হয় তিনি নিজে অনুযোগের হাত এড়াইয়া আমাকে উল্টা অনুযোগ দিবার অভিপ্রায়ে এরূপ লিখিয়াছেন। সে যাহা হোক এখন নিয়ম মত চিঠি পত্ৰ পাইলেই হয়।

তোমার বধূঠাকুরাণী কর্মা, শুনিয়া স্থা হইলাম। লেখা পড়া জানেন কেমন? তাঁহার বাপ কি কাজ করেন? ভাই বোন কয়টি?

সোণা বধুর ও ছোট বধুর কয় মাস ? ভগিনি ! তুমি

যে তোমার দব জিনিষপত্র নিতে লিখিয়াছ, ঠাকুর ভাই কি আর এখানে আদিবেন না ? রাঙ্গা দাদাকে ঠাকুর ভাইর টাকার বিষয় বলিয়াছি। কিন্তু রাঙ্গা দাদার টাকা হইতে দাহেব ৩০১ টাকা কাটিয়া নিয়াছে। সেই কারণে রাঙ্গাদাদা বড় মনক্ষুগ্গ আছেন। তোমার অলঙ্কার আমি নিব। কিন্তু ঠাকুর ভাইর জিনিষ নিব কি ? ৮ পূজার কি হইল জানাইবা। কাঠাম দেওয়া হইয়াছে কি ?

আমার দেবরের ব্যারাম সারিয়াছে; কিন্তু ভালরূপ আরোগ্য হয় নাই। আমার শশুর এখন পূর্ব্বাপেক্ষা অনেক ভাল আছেন। তোমার শরীরের প্রতি সর্ব্বদা দৃষ্টি রাখিবা। ঔষধ পত্র ব্যবহার না করিলে, বোধ হয় সারিবে না। ছোড় দাদা এখন কিছু পায় কি? প্রীমতী বিনোদিনী এখন কোথায়? চারু চিঠি পত্র লিথে কি? আহা! চারুর কথা মনে হইলে, বুক ফাটিয়া যায়। অভাগিনীর শেষ সম্বল কয়খানি অলঙ্কার, তাহাও ছোড় দাদার কল্যাণে গেল। আর যে কবে পাইবে, তাহা ভগবানই জানেন। শ্রীমতী দলীর বড় ব্যারাম হইয়াছিল। সে যে বাঁচিয়াছে, সে কেবল ভগবানের ক্রপায়। সোণা বধুকে আমার ভালবাসা দিও। ধন

ভাই সর্বাদা বলিত, "আমার সন্তান হইবে না।" এখন কি বলে, শুনিতে পাইলে স্বখী হইতাম। এখন বিদায়। ঠাকুর ভাইকে আমাদের পত্রের উত্তর দিতে বলিও। সর্বাদা তোমাদের কুশল চাই। অত্রস্থ কুশল। ইতি তোমার কুস্কম।

কুস্থনের হাতের লেখা অতি স্থান্দর ছিল এবং চিঠি পত্র অতি ত্রস্ত লিখিত। সামান্য চিঠি লিখিতে ও বর্ণাশুদ্ধি যায় নাই। যেখানে যে চিহ্ন আবশ্যক তাহাই সেথানে দিয়াছে। চিঠি নকল করিতে কোন স্থলে আমার ভূল হইতে পারে; কিন্তু তাহার চিঠিতে, কমা, সেমিকোলেন, সংখান্ধন, উদ্তিচিত্ন প্রভৃতি ঠিক দেওয়া আছে।

কুস্থমের গৃহ সাজাইবার স্পৃহা অতি বলবতী ছিল। দেওয়ালে কোন স্থানে ছবি, কোন স্থানে স্বহস্ত-নির্মিত বিবিধবর্ণের কাগজের ফুল, কোন স্থানে আয়না বদাইয়া রাখিত।

এ দেশে ঘাদ ও থেজুর পাতা দারা এক প্রকার ডালা প্রস্তুত হয়।
কুইম তাহা দেখিয়া নিজে এক খানা ডালা প্রস্তুত করিতে আরম্ভ করিল। এক দিবদ তাহার প্রস্তুতিকে বলিল, 'মা! আমি এই ডালায় করিয়া মুড়ি খাব।'

আখিন মাসে আমাদের বাড়ী যাইতে হইবে; সে জন্ম কুস্থম তাহার প্রস্থতির সহিত অনেক বাসায় বেড়াইতে গিয়াছিল। বালিকাবিতা-লয়ের শিক্ষয়িত্রীর জর হইয়া প্রায় আটাইস দিন ছিল। কুস্থমের বাড়ী যাওয়ার হুই এক দিন পূর্ব্বেও তিনি বসিতে পারেন নাই, তথাপি কুস্থমকে আহার করাইয়া নৃতন বস্ত্র পরিধান করাইয়া দিলেন। কুস্থম তাঁহাদের বাড়ী হইতে আদিবার সময় তাঁহার প্রথম কন্তা ইন্মুমতীকে সঙ্গে করিয়। আনিয়াছিল। ইন্দুমতীর প্রচলিত নাম কালজাম। কুস্থম সেই রজনীতে কালজামের সহিত একত্র ভোজন করিয়া একত্র শয়ন করিল। তাহার পর দিবদ কালজামের মাতা তাহাকে নিবার জন্ম লোক পাঠাইল। জননীর অস্থ এইজন্ম অনিচ্ছা সত্বেও কালজাম কিছু বেলা থাকিতে বাদায় গেল। ইন্দুমতীর বয়দ দশ বৎসর এবং কুস্থমের চৌদ্বৎসর তুই মাদ আঠার দিবদ। ইন্দুমতী পরে আমাকে বলিয়াছে, "কুস্থম বিদায় হইবার সময় আমাকে বলিল" 'ভাই! আর দেখা হবে কি না কে জানে ?' আমি বলিলাম, "কেন ভাই ? তুমি আদিলেই আবার দেখা হবে।" কুস্থম বলিল, "মরণ বাঁচনের কথা কি ভাই বলা যায় ?"

যবনিকা পতন।

কুষ্ম পূজার সময় কামারগাঁ অনেকের মঙ্গে দেখা করিবার বাসনায় তাহাদের নিকট পত্র লিথিয়াছিল। শৈবলিনীকে কুষ্ম বড়ই
ভাল বাসিত। শৈবলিনীর স্বভাব অতি নিরীহ এবং পবিত্র। ইন্দ্মতী ও শৈবলিনীকে কুষ্ম এক ভাবেই দেখিত। পূর্ণবারু কুষ্মকে
রাজ্থাড়া নামাইয়া দিতে অনুরোধ করিলেন। জলদা ও তাহার স্ত্রী,
শৈবলিনী ও তাহার স্বামী, বিনোদিনী ও তাহার স্বামী, হেমাঙ্গিনী ও
তাহার স্বামী, শনী ঘোষের কন্তা ও মহিম ঘোষের দৌহিত্রী প্রভৃতি
অনেকে কুষ্মকে দেখিবার জন্ত কামারগাঁ উপস্থিত ছিল। কুষ্ম
শ্বভ্রের মনরক্ষার জন্ত কামারগাঁ গেল না। কুষ্মের মাতুল কুম্দিনী
বাবু ও তাহার মাতুলানী এবং বিপিন কুষ্মকে হাওড়াতে তাহাদের
সঙ্গে দেখা করিয়া যাইতে অনুরোধ করিয়াছিল। তাহাদের সে বাসনাও পূর্ণ হয় নাই।

উনিশে আশ্বিন রবিবার বেলা নয়টার সময় আমি ও কুস্কম বাড়ী

রওয়ানা হইলাম। দিনের বেলায় এখান হইতে যাত্রা করাতে সদ্দিহিত পাহাড় সকল স্থান হইল। কুস্থম আমাকে জিজ্ঞানা
করিল, "এই সকল কোন্ পাহাড়?" আমি বলিলাম "কেনারি ও সীতাগড় পাহাড়। এই ছই পাহাড়ই তুমি দেখিতে চাহিয়াছিলে।" উহাদের
উপরে আমি উঠিতে পারিতাম না। এখান হইতে পাহাড় গুলি যত
স্থানর দেখায়, উহাদের উপরে উঠিলে তত স্থানর দেখায় না, কিন্তু
উচ্চতা হেতু নিম্নভূমি অতি মনোহর দেখায়। এইরূপে প্রকৃতির শোভা
দর্শন করিতে করিতে আমরা ২২শে আশ্বিন বুধবার সপ্তমী পূজার দিবস
বেলা আট ঘটিকার সময় জালালদি প্রেসনে উপত্থিত হইলাম। পূর্ণ
বারু ছইজন ভৃত্য ও একটি পরিচারিকা প্রেসনে রাখিয়াছিলেন। কুস্থম
আবিধারা গেল। আমি বেলা প্রায় ১২ ঘটকার সময় কামারগাঁ আমার
বাটাতে উপস্থিত হইলাম। বাটার অনেকেই কুস্থমকে না দেখিয়া
অত্যন্ত বিষয় হইল এবং আমার নিকট ছঃখ প্রকাশ করিল।

আমি বাটীতে কয়েক দিবস থাকিয়া বিজয়া দশমীর পর আবিধারা গেলাম। আমার জালতে বেদনা হওয়াতে আমার তিন চারি দিবস তথায় থাকিতে হইল। পূর্ণবাবু কুস্থমকে পূজার সময় একটা স্থাস্থরী দিয়াছিলেন। কুস্থম আমাকে তাহা দেথাইল এবং বলিল, "আমার শশুর আমাকে খুব স্থলর একথানা কাপড় দিয়াছেন।" আমি যে দিবস আবিধারা হইতে কলিকাতা যাই, সেই দিবস কুস্থম স্থহস্তে মাংস পাক এবং সন্দেশ প্রস্তুত করিয়াছিল। পূর্ণবাবু এবং আমি এক স্থানে আহার করিতে বিসয়াছিলাম। কুস্থম আমাকে জিজ্ঞাসা করিল, "মাংস কেমন হয়েছে ?" আমি বলিলাম, "আমি ত তোমার পাক করা মাংস অনেক দিন থেয়েছি, তোমার শশুরকে জিজ্ঞাসা কর। পূর্ণবাবু বলিলন, "বেশ হয়েছে, খুব ভাল হয়েছে।" কুস্থম আনল বিক্ষারিত-

নম্বনে গৃহ হইতে বহির্গত হইল। তাহার পর সন্দেশ আনিয়া বলিল, "এ সন্দেশ আমি তৈয়ের করেছি।" আমি বলিলাম, "কুস্থম নানা-প্রকার মাংস, পোলাও, বাদসাহি লুচি, নিম্কি, সন্দেশ, রসগোলা, নারিকেলপুর প্রভৃতি অনেক জিনিষ প্রস্তুত করিতে শিথেছে।"

আমি কলিকাতা যাইয়া কুস্থমের জন্ম খুব বড় এবং স্থানর একটি ছিল টুঙ্ক ক্রর করিলাম। কুস্থমকে বিবাহে যে টুঙ্কটি দিয়াছিলাম, তাহাতে তাহার কাপড় ধরিল না। এই জন্ম কুস্থম তাহার সঙ্গে কড্-লিভার অয়েল, কুইনাইন এবং তাহার পুতুলটি নিতে পারে নাই। সেতাহার পুতুলটির জন্ম নিজে ঘাগরা, টুপি ও মুজা তৈয়ার করিয়াছিল।

হাজারিবাগ পৌছিবার ছই দিবস পরেই আমার জর হইল। কয়েক
দিবস বেশী জর ছিল। তাহার পর অয় অয় জর জনেক দিন ছিল।
কুম্ম আমার জরের সংবাদ পাইয়া বড়ই চিস্তায় রহিল। আমি স্বস্থ
হইয়া তাহাকে লিখিলাম, "আমার এখন জর হয় না।"

১৫ই কার্ত্তিক কুস্কম শৈবলিনীকে লিখিয়াছিল—

আবিধারা। ১৫ই কার্ভিক।

প্রিয়বরাম্ব—

প্রিয় দিদি!

তোমার পত্র পাইলাম। সব্ব দা এই প্রকার পত্রাদি
লিখিও। তোমার সহিত দেখা না হওয়াতে আমিও
অত্যন্ত তুঃখিত আছি। কি করিব দিদি! সকলই
ভগবানের ইচ্ছা। দিদি! আমি ঘৈ জ্যৈষ্ঠ মাসের আগে
কামারগাঁ যাইতে পারি, এমন সম্ভব নাই। জ্যৈষ্ঠ মাসে

করেক দিনের জন্ম যাইতে পারি। দিদি! তোমাদের যোগেশ বাবু ঢাকা গিয়াছেন। তাঁহার পত্রাদি পাই। ভালই আছেন। তোমার শাশুড়ী কেমন হইয়াছেন? আর অধিক কি লিখিব। বাবা আমার সঙ্গে দেখা করিয়া গিয়াছেন। তিনি বোধ হয় ভালই আছেন। দাদার পত্র পাইয়াছি। তাঁহারা সকলেই ভাল আছেন। আমার ননদের আজ ৬ দিন হয় একটি মেয়ে হইয়াছে। তাহারা ভাল আছে। আমার শরীর বড় ভাল নয়। সদা স্বর্বদা তোমাদের মঙ্গল চাই। ইতি।

তোমার স্নেহের বোন কুস্কম।

১৫ কার্ত্তিক কুস্কম হাজারিবাগে নিম্নলিখিত চিঠিগুলি লিখিয়াছিল।

আবিধারা।

১৫ই কার্ত্তিক।

শনিবার।

শ্রীচরণ কমলেযু—

পূজনীয়া মামীমা আমার ভক্তিপূর্ণ প্রণাম গ্রহণ করুন। আমি এখানে আমার পর আর আপনার কাছে চিঠি পত্র লিখি নাই; তজ্জ্জ্য আমি যার পর নাই লজ্জ্ব্তা আছি। এখানে আমার পর সর্ব্বদা আপনাদের কথা মনে হয়। কিছুই ভাল লাগে না। কারো কাছে চিঠি পত্র লিখ্তেও ইচ্ছা হয় না। মামী

মা ! আমি আপনার স্নেহ কখনও ভুলিতে পারিব না। আর কত দিন পর যে আপনাদের দেখতে পাব তা জানি না। বেঁচে থাক্লে অবশ্যই দেখা হবে। আপনি এখন ভাল হ'য়ে হাঁট্তে পারেন ত ? আপনার জন্ম বড় চিন্তায় আছি। শান্তি কি কলিকাতায় গিয়াছে ? তাহার মাতাকে আমার প্রণাম দিবেন। মাঝে মাঝে মার সঙ্গে দেখা কর বার জন্ম কালজামকে পাঠিয়ে দিবেন। আপনি যথন ভাল হ'বেন, তথন আপনিও যাবেন। আজ ৬ দিন হয়, আমার ননদ সরোজিনীর একটি মেয়ে হ'য়েছে। তারা মায়ে ঝিয়ে ভালই আছে। আর বেশী কি লিখিব। মামা বাবুকে আমার শ্রদ্ধাপূর্ণ প্রণাম দিবেন। আমরা ভাল আছি। আগতে শ্রীচরণ কুশল সহ বাসার সকলের কুশল প্রার্থনীয়। ইতি।

আপনার স্নেহের কুস্কম।

আবিধারা।
১৫ই কার্ত্তিক।
শনিবার।

শ্রীমতী শান্তিস্থধা দাসী—
সমীপেযু—

প্রিয় শান্তি! আমি এখানে এসে তোমাদের কাছে

চিঠিপত্র লিখি নাই বলে, তোমরা হয়তো আমার উপর রাগ করেছ। কিন্তু ভাই! আমার যেন এখানে এসে কারো কাছে চিঠি লিখতে ইচ্ছা হয় না। মনটা যেন কেমন উদাসহ বোধ হয়। তোমরা সর্বাদা আমার কাছে চিঠি দিও। আমার ঠিকানা লিখে দিলাম, এই ঠিকানায় চিঠি লিখ্বে। তোমার মাকে আমার প্রণাম দাও, তুমি আমার ভাল বাদা লও ও মৈত্রেয়ীকে দাও। আমি ভাল আছি, সর্বাদা তোমাদের কুশল চাই। ইতি। তোমাদের স্বেহাকাজ্ফিনী কুস্কম।

ঠিকানা—

পোঃ রাজখাড়া, গ্রাম আবিধারা, জ্রীযুক্ত বাবু পূর্ণ-চন্দ্র রায় মহাশয়ের বাড়ী। ঢাকা।

> আবিধারা। ১৫ই কার্ত্তিক।

স্বেহাস্পদায়—

প্রিয় কালোজাম! আমি আদিবার সময় বলিয়া আদিয়াছিলাম, "যেয়েই তোমাদের কাছে চিঠি লিখ্ব"। কিন্তু আমি তা লিখি নাই; সে জন্ম রাগ ক'রোনা। পূজার ক দিন কাজ কর্মের গোলমালে কারে। কাছে চিঠি লিখি নাই। তারপর এখানে আসার পর মনটা যেন বড় খারাপ বোধ হয়, কারো কাছে চিঠি পত্র লিখতে ইচ্ছা হয় না; মার কাছেও এসে অবধি মাত্র একখানা কার্ড লিখেছি।

আজ ৬ ছয় দিন হয়, আমার ননদের একটি মেয়ে হয়েছে। মেয়েটি দেখতে বেশ হয়েছে। মেয়ে আর মেয়ের মা, তুজনেই ভাল আছে। চিঠি খানা পাওয়া মাত্র উত্তর দিও। শান্তিকে আমার ভালবাসা দিও । খোক্না, বুড়, মণ্টু ও মৈত্রেয়ীকে আমার স্নেহাশীষ দিও। তুমি আমার ভালবাসা লও। মামীমা এখন কেমন আছেন ? আমি মার কাছে তোমাদের সংবাদ জান্তে চেয়েছি। কিন্তু মা তার উত্তর দেন নাই। কালোজাম! কতদিনে আবার তোমাদের দেখতে পার, কে জানে ? এখন তোমাদের বড় দেখতে ইচ্ছা করে। যদি সকলে প্রাণে২ বাঁচিয়া থাকে, তবে আবার দেখা হবে, নইলে তো সেই শেষ দেখা। আর বেশী কি লিখ্ব। আমার শরীর এক রকম আছে। বড় তাড়া-তাড়ি, তোমরা ভাল আছ ত? এখন তবে বিদায়। মঙ্গলময় পরমেশ্বর তোমাদের মঙ্গল করুন। ইতি। তোমার ভালবাসার কুস্থম দিদি।

কার্ত্তিক মাদে কুস্থমের জর হইল। আমি জলদার নিকট পাঁচ টাকা পাঠাইয়া লিখিলাম, তুমি আবিধারা যাইয়া কুস্থমকে দেখিবা এবং আবশুক হইলে চিকিৎসার বন্দোবস্ত করিবা। জলদা তাহার কনিষ্ঠ ভাতা জ্ঞানেন্দ্র ও একজন প্রতিবাসী হরিচরণ দেকে পাঠাইয়াছিল। কুস্থমের জর তথন সারিয়াছিল। জ্ঞানেন্দ্র কুস্থমকে বলিয়াছিল, "এত আদরের মেয়ে, বাপ পেন্দন্ নিয়া মেয়ের কাছে থাক্লেই পারে।" কুস্থম তাহাতে মর্মাহত হইয়া আমাকে লিখিল, "আমার অস্থ হইলে আমিই আপনাকে লিখিব। আপনি বাস্ত হইয়া লোক পাঠাইবেন না।" আ,মি পূর্ণ বাবুকে লিখিলাম, কুস্থম এখানে থাকিতে কড্লিভার অয়েল এবং ময়েহ কুইনাইন সেবন করিত। তিনি লিখিলেন, "সর্ম্বদা ওষধ ব্যবহার করা কি ভাল ?"

৮ই অগ্রহায়ণ পরের লিখিত চিঠি ছইখানা কুস্থম হাজারিবাগ পাঠাইয়াছিল।

আবিধারা। ৮ই অগ্রহায়ণ।

মান্তবরাস্থ—

মাননীয়া মামী মা! আজ সাত আট দিন হয় আপনার স্নেহপূর্ণ পত্রথানা পাইয়াছি, আপনার স্নেহাকাজ্জিণী কুস্থমকে স্মরণ করিয়া মধ্যে২ পত্র লিথিবেন।
শান্তি কলিকাতা কাহার নিকট আছে, জানাইবেন।
কালোজামকে সর্ব্বেদা পত্র লিথিতে বলিবেন। আপনি
ব্যারাম থেকে উঠেই স্কুলের কাজ আরম্ভ ক'রে ভাল
করেন নাই, আরো কিছু দিন গেলে পর বোধ হয় ভাল
(১১)

হইত। বাবার অস্ত্রখ দেরেছে, শুনে নিশ্চিন্ত হ'লেম। আপনার দোকানে কি বাপ্তা আদে নাই? বাপ্তার বডির কথা বাবা আমাকে লিখেছেন যে, "তোমার বাপ্তার বডির ইচ্ছা থাকিলে লিখিও"। মামী মা! আমার জ্বর হয়েছিল, ৫ দিন ছিল; তারপর সেরে গেছে। এখন একরূপ ভালই আছি। যদি আপনি ঝিলের দিকে বেড়াতে আসেন, তবে যেন বাবার সঙ্গে ও মার সঙ্গে দেখা ক'রে যান। তাঁরা আপনাকে দেখ্লে বড় আহলাদিত হন। আমার ননদ ভাল আছে। শুঞ্চ মাতা ঠাকুরাণী ভাল আছেন, আপনার পত্তের কথা তাঁকে জানিয়েছি। শান্তির মার—পরিবর্ত্তে এখন স্কুলে কে কাজ করেন ? আমার জন্য চিন্তা করিবেন না। কালোজামদের পরীক্ষার ফল বাহির হইয়াছে কিনা লিখিবেন। যদি বাহির হইয়া থাকে, তবে শান্তি ও কালোজাম পাস হইয়াছে কিনা জানিবার জন্ম ইচ্ছুক রহিলাম। থোক্না, বুড় ও মণ্টু কেমন আছে ? মামা বাবুকে আমার ভক্তিপূর্ণ প্রণাম দিবেন ও আপনি লইবেন। আমরা ভাল আছি আগতে আপনাদের কুশল চাই। ইতি।

আপনার স্নেহের কুস্থম।

কল্যাণীয়াস্থ—

মেহের কালোজাম! তোমার চিঠি পেয়েছি, সর্বাদা এইরূপ চিঠি লিখিও। শান্তি যে কলিকাতায়, তা আমি জানি না। সে কার কাছে আছে? তার মা কিশোর-গঞ্জে গেছেন, তবে তাঁর পরিবর্ত্তে কে কাজ করে ? তুমি পরীক্ষায় পাদ হয়েছ ত? বিহারী বাবুর মেয়েরা কে কে এখানে আছে, যদি জান, তবে লিখো। আমার শরীর এখন ভাল আছে; কিন্তু জ্বর হয়েছিল। তোমরা সর্বাদা চিঠি লিখো, খোক্না, মণ্টু ও বুড় কেমন আছে? তুমি আমার ভালবাদা নেও। মামী মা, তুমি, মামাবারু ও সারদা দিদি কেমন আছ ও আছেন লিখ্বে। ইতি। আশীর্কাদিকা—তোমার কুস্কুম দিদি।

• অগ্রহারণ মাসে পূর্ণবাবু লিখিলেন, "কুস্থমের শরীর ভার ভার বোধ হয়, তাহার বেতো শরীর।" কুস্থম আমার নিকট থাকিতে রাত্রিতে প্রায়ই লুচি কিম্বা রুটি আহার করিত। আমি পূর্ণবাবুকে লিখিলাম, "কুস্থমকে রাত্রিতে রুটি আহার করিতে দিবেন।" পূর্ণবাবু

তাহার উত্তরে লিথিলেন, কুস্থমকে জিজ্ঞাদ্যা করাতে সে রুটি থাইতে অনিচ্ছা প্রকাশ করিল।

অগ্রহারণ মাসে জলদা কুস্কমকে কামারগাঁ নিবার প্রস্তাব করিল।
কুস্কম তথন কামারগাঁ বাইতে স্বীকার পাইল না। তাহার পর বৈবাহিকা
মহাশ্রা কুস্কমের গর্ত্তদঞ্চারের সংবাদ লিথেন। এই সংবাদ শ্রবণে

কুম্বনের প্রস্থৃতির হুদ্কম্প উপস্থিত হইল। সে আমাকে বলিল, "গত সন কুম্বনের এই ভয়ানক অবস্থা গিয়াছে। এখনও শরীর ভাল করিয়া সারে নাই; এবার আর কুম্বনের প্রাণের আশা নাই।"

২০শে অগ্রহায়ণ কুস্কম জলদার স্ত্রীকে লিথিয়াছিল।

শ্রীহরিদহায়।

আবিধারা। ২০শে অগ্রহায়ণ।

প্রাণের সরোজ! এইমাত্র তোমার মধুমাথা লিপিকা প্রাপ্তে অপরিসীম স্থুখী হইলাম। সর্বাদা এই প্রকার পত্রাদি লিখিবা।

তোমাদের যোগেশবাবু ভাগলপুর গিয়াছেন।
তাঁহার পোঁছ সংবাদ আসিয়াছে। আমি পোই কার্ডে
বলিয়া সে সব খবর লিখি নাই। তোমার পূর্ব্বের পত্র
আমি যে দিন কার্ড লিখিয়াছি, সেই দিনই পাইয়াছি।
আমার চিঠিখানা বোধ হয় ছুই দিন ঘরে ছিল। কিন্তু
তোমার এই চিঠিখানা কত দিন ঘরে ছিল? ঠাকুর
ভাই কলিকাতা গিয়াছেন কি ? তাঁহার শরীর কেমন ?

হারাণীকে তুমি আমার হইয়া একটি চুম্বন দিও। কত দিনে তাহাকে দেখিব কে জানে ?

শ্রীমান্ কুটকুটের ব্যারামের বিষয় শুনিয়া অত্যন্ত চিন্তিত রহিলাম। তাহার সংবাদ জানিয়া থাকিলে,

তুমি সম্বর আমাকে লিখিবা। চিঠির উত্তর কি কারণে দেরীতে দিয়াছিলাম, স্মরণ নাই। বোধ হয় কোন কারণ ছিল না। কয়েক দিন যাবৎ ডান হাতের বুড় আঙ্গুলটাতে বড় বেদনা হইয়াছে। বোধ হয় পাকিবে।

তোমাদের যোগেশবাবু বলিয়াছিলেন যে, "বড় বৌ ঠাক্রুণের কাছে শীঘ্রই চিঠি লিখিব।" লিখিয়াছেন কি না জানি না।

- সরোজ! ভগিনি! এ জীবনে বোধ হয় আর আমাদের সাক্ষাৎ হইবে না। এ অভ্পু আশার ভৃপ্তি সাধন কবে হইবে, ভগবান্ জানেন। শরীর বড় ভাল নয়; যেন দিন দিন তুর্বল বোধ হইতেছে। কাহাকেও জানাইও না।
- ্ আমাকে নিতে আসিলে এখন দিবে না। যখন
 সময় হয়, তখন আমিই জানাইব। আমার ননদের
 মাঝে মাঝে "হিষ্টিরিয়া" হয়। মেয়েটিরও অস্থা।
 তোমার শরীরের প্রতি দৃষ্টি রাখিবা। মাখনের মাতাকে
 আমার ভালবাসা দিও। সতীন্দ্র দাদার বিবাহের কথা
 লিখিয়া আবার কাটিয়া দিয়াছ কেন? বিস্তারিত
 করিয়া জানাইও। বিবাহ কে দিতেছে ? সম্বন্ধ কোথায়
 আসিয়াছে ? আর অধিক কি লিখিব। সক্র্বদা

তোমাদের কুশল লিখিবা। আমাদের এখানে একরূপ মঙ্গল। বাবার পত্র অনেক দিন হয় পাই না। সে কারণ চিন্তায় আছি। ঠাকুর ভাইর ঠিকানা কি ? ইতি। তোমার স্লেহের ভগিনী কুস্তম।

৫ই পৌষ কুস্থম জলদার দ্রীকে লিখিয়াছিল— প্রাণের সরোজ!

আজ ৫ দিন হয় তোমার মধুমাখা লিপিখানা পাইয়াছি। সর্বাদা এইরূপ পত্র লিখিয়া তোমার কুস্থমকে স্থা করিতে অন্যথা করিও না। তোমার চিটিখানা ঘরে না থাকিলেও আমি দেরীতে পাইয়া-ছিলাম।

ঠাকুর ভাইর গত মাসে যাইবার সম্ভাবনা ছিল বলিয়া লিখিয়াছিলে। সেই জন্ম আমি তাঁহার পত্রের উত্তর দিলাম না। এ বিষয় তাঁহাকে জানাইও।

বাবার ও মার পত্র পাইয়াছি। তাঁহারা ভাল আছেন। আমি বোধ হয় মাঘ মাদে হাজারিবাগ যাইব।

আমার আঙ্গুল পাকিয়া মুখ বাহির হইয়া সারিয়া গিয়াছে। চিন্তা করিবা না। আমার শারীরিক সংবাদ * আমি সর্বাদা তোমাকে জানাই। হারাণীকে

বোধ হয় আমি জীবনে নাও দেখিতে পারি। কেননা আমার কোন আশাই সফল হয় না। আমার ননদ ভাল আছে। কিন্ত শিশুটি বাঁচে কিন। সন্দেহ। সমস্ত গায়(·····) । যা হইয়াছে এবং নাক দিয়া রক্ত পড়ে।

তোমাদের যোগেশ বাবু ভাল আছেন। সতীব্রু দাদার বিবাহ সম্বন্ধ কোথায় আসিয়াছিল? আর কিছু লিখিতে পারিলাম না। আমার শরীর বড় খারাপ। যেন স্কুৰ্বল বোধ হয়। সৰ্ব্বদা তোমাদের কুশল চাই। ইতি।

তোমার কুস্থম।

৫ই পৌষ কুস্থম শৈবলিনীকে লিখিয়াছিল। আবিধারা। ৫ই পৌষ।

श्रिय मिनि।

অদ্য ৪া৫ দিন হয় তোমাদের উভয়ের পত্র পাই-য়াছি। সর্বাদা এইরূপ পত্রাদি লিখিও। চিনি খুড়ীমার ' ঔষজ পড়ার সময় তুমি না থাকিলে চলিবে না স্নতরাং তাঁহার উচিত যে, তোমার শাশুড়ীর নিকট এবিষয় বিনয় করিয়া লিখেন। দিদি! আর আমাদের দেখা বোধ হয় কোন দিনই হইবে না। আমি বোধ হয় মাঘ মাদে হাজারিবাগ যাইব। পচির মেয়ে হইয়াছে। ধনবধূর ছেলে হইয়াছে। তোমাদের যোগেশবারু ভাল আছেন। তাঁহার চিঠি তোমাকে দেখাইব; কিন্তু এখন দিলে ভারি হ'ইবে। হাজারিবাগ গিয়া পাঠাইয়া দিব। তুমিও সতীশ বাবুর একখানা চিঠি আমাকে দেখাইও। অধিক কি লিখিব। আমার শরীর বড় খারাপ তোমাদের মঙ্গল চাই। ইতি

তোমার স্নেহের কুস্থম।

বীরতারার ঠিকানা।

পোঃ কোলা, বীরতারা গ্রামে নাজিরের বাড়ী। ঢাকা।
পৌষ মাদের প্রথম ভাগেই কুস্থম লিখিল, "আমার শরীর ভাল
নয়।" তাহার কয়েক দিন পরেই পূর্ণবাবু সংবাদ দিলেন—"কুস্থনের
সামান্ত জর, ৻প্রাদর ও কোমর বেদনা হইয়াছে। ভবিষ্যৎ শুভ বলিয়া
বোধ হয় না। কবিরাজি মতে চিকিৎসা করিতেছি।" কুস্থম লিখিল,
"আমার জর বৈকাল বেলা একশত ডিগ্রীর উপর হয়। কবিরাজ
বলিয়াছে, ভাত সহু হইবে; স্নান সহু হইবে না।" আমি এখানে কোন
ডাক্তারকে কিছু না জিজ্ঞাসা করিয়া আমাদের স্কুলের কয়েক জন
শিক্ষককে সমস্ত বিবরণ জানাইলাম। তাঁহারা বলিলেন, গর্ভাবস্থায়
এরপ জর হয়। কবিরাজি ঔষধে সারিয়া যায়। ১২ই পৌষ কুস্থম
লিখিল, "আমার জর বৈকাল বেলা ১০০ কিয়া তাহার উপর হয়।

আমাকে সম্বর এথান হইতে নিবেন। পৌষ মাস হইয়াই অস্থবিধা रुहेब्राइ। याप गारमत अथम ভाগেই आमारक निर्वत। १ हे. ५ हे মাঘের জेদিকে যেন না যায়।" পূর্ণবাবুর পত্তও সেই দিন পাইলাম-"আমি ভারি মশান্তিতে আছি। কুমুমকে পাচন ইত্যাদি দিরাছি। কোন ফল পাইতেছি না। সরোজিনীর ক্লাটি বোধ হয় বাঁচিবে না। আমার খণ্ডরের মৃত্যু হইয়াছে। এ সংবাদ এখন পর্য্যন্ত আমার পরি-वातरक खनाई नाई। शांठिकां विनाय नियार । थानमामा इटेक्टनत জর। টাকা দিয়াও চাকর পাইতেছি না। ভগবান আমাকে বড়ই অশান্তিতে রাধিয়াছেন।" আমি ১৬ই পৌষ এই পত্র পাইয়াছিলাম। আমি সেই দিবসই হারণ সাহেবের নিকট যাইয়া সমস্ত অবস্থা विनाम। जिनि कुछरमत त्रारांत व्यवश वहरक त्रार्थन नाहे, তথাপি এমন ভাবে প্রেসক্রিপুসন করিলেন যে, যদি তাহার গর্ভধারণ করিবার শক্তি থাকে, তাহা হইলে গর্ভস্রাব হইবে না। আর যদি গর্ভ-ধারণ করিবার শক্তি না থাকে. তাহা হইলে গর্ত্তমন্তান পতিত হইবে। ডাকে श्वेष भाष्ट्रांहेत्न भार्मन आविधाताम आतक विनय शौहित এবং ঔষধের শিশি ভাঙ্গিয়াও ঘাইতে পারে; এইজন্ম হারণ সাহেবের প্রেদক্রিপ্দন্ ১৬ই পৌষ জলদার নামে কামারগাঁয়ে পাঠাইলাম। মনে मत्न ভाविलाम, जनमा ১৯मा পৌষ প্রেস্ক্রিপ্সন পাইবে, এবং ১৯শা किश्वा २०मा (शीव खेवध निया आविधाता याहेटव। किन्छ जनना त्य হঠাৎ কলিকাতা গিয়াছিল, তাহা আমি জানিতাম না। আমি কুস্থমকে ১७ই পৌষ निथिनाम, তোমার জন্ম হারণ্ সাহেবের ব্যবস্থাপত জলদার निक्रे পाठीहेनाम। त्म जामात्र छेयथ जागाकून इटें जिल्ला यादा। ভূমি সকাল বেলা পাঁচ গ্ৰেইন এবং বিকাল বেলা পাঁচ গ্ৰেইন কুইনাইন খাইবা। ভাত কথনও খাইবা না। নাপিত কবিরাজের ব্যবস্থামত ভাত (১২)

খাওয়াতে তোমার জর বৃদ্ধি পাইয়াছে। হারণ্ সাহেব তোমাকে সকাল বেলা হৃগ্ধকটি এবং রাত্রিতে হৃগ্ধবালি কিম্বা হৃগ্ধসাপ্ত আহার করিতে বলিয়াছেন। তিনি জর থাকিতে তোমাকে এথানে আনিতে নিষেধ করিয়াছেন। জর সারিয়া গেলে, এথানে আনিতে বলিয়াছেন। এই ঔষধ পাঠাইলাম। যদি ইহাতে জর সারিয়া যায়, তবে ৪ঠা মাঘ তোমাকে এখানে আনিব।

কুষ্ম এক পত্রে লিখিয়াছিল, "খণ্ডর মহাশরের নিকট জানিতে পারিলাম, আপনার জ্ব হয়, তাই ভাবি, আমাকে হাজারিবাগে নিয়া বাবে কে ?" তছত্তরে আমি লিখিয়াছিলাম, "আমার অস্থখ সারিয়াছে; কিন্তু বদি বাতায়াতের দরুণ পুনরায় জর হয়, এই জন্ত বিজেল্রকে বাড়ী পাঠাইব। বিজেল্র এবং লোহা এক গাড়ীতে থাকিবে এবং তুমি ও বিজেল্রের স্ত্রী অন্ত এক গাড়ীতে থাকিবে। হায়ণ্ সাহেব যথন জর সত্ত্বে তোমাকে এথানে আনিতে নিষেধ করেন, তথন আমি ২৬শা পৌষ পর্যান্ত অপেক্ষা করিব। যদি ২৬শা পৌষের মধ্যে তোমার জর দারিয়া বায়, তবে তোমাকে এথানে আনিতে বিজেল্রকে বাড়ী পাঠাইব। নচেৎ ২৭শা পৌষ বিজেল্র এবং তোমার প্রস্থৃতিকে বাড়ী পাঠাইব। ০৮শা পৌষ তাহারা রাজখাড়া পৌছিবে এবং তথা হইতে তোমার জন্ত পাওয়ার্কটি, বিস্কৃট ও বেদানা পাঠাইবে। ১লা মাঘ অল্লেষা, ২রা মাঘ মঘা, ৩রা মাঘ তোমাকে আনিতে বিজেল্র যাইবে, ৪ঠা মাঘ সে তোমাকে নিয়া কামারগাঁ যাবে।

পূর্ণবাবু এবং কুস্থম ঔষধের জন্ম উৎকণ্টিত রহিলেন। ১৬ই পৌষ হইতে ২২শা পৌষ পর্যান্ত তাঁহাদের কোন পত্র না পাইয়া আমরা কুস্থমের জীবন সম্বন্ধে সন্দিগ্ধ হইলাম। ২৩শা পৌষ কুস্থমের পত্র পাইলাম—"যথন ভাত থাইতাম, তখন আমার জ্বর ১০৩°। ১০৩॥ ডিগ্রী হইত। ভাত বন্ধ করাতে ১০২° জর হয়। কুইনাইন খাওয়াতে জরের বিশেষ কিছুই হইতেছে না। আমার শরীর ক্রমে হর্বল হই-তেছে। ঠাকুর ভাই ঔষধ নিয়া এখনও আইদেন নাই—।"

ইতি মধ্যে জলদার চিঠি পাইলাম— "আমি হঠাৎ কলিকাতা আসিরাছি, এজস্থ আপনার নিকট পুর্বে পত্র লিখিতে পারি নাই।" আমি ব্যস্ত হইরা তাহাকে লিখিলাম,— "কুস্থমের জন্ত হারণ্ সাহেবের প্রেস্-ক্রিপ্সন্ তোমার নামে কামারগাঁরে পাঠাইরাছি। তুমি বাড়ীতে লিখিরা দেও, জ্ঞানেক্র কিম্বা অন্ত কেহ শীত্র কুস্থমের ঔষধ নিরা আবিধারা বারু। জলদা জ্ঞানেক্রকে ঔষধ নিরা যাওয়ার জন্ত বাটীতে চিঠি লিখিল। জ্ঞানেক্র বাড়ী ছিল না, সে মাণিকগঞ্জ গিয়াছিল। সে বাটীতে আসিরা দীনবন্ধু দত্তকে ঔষধ সহ ২৭শা পৌষ আবিধারার পাঠাইরাছিল।

২৫শে পৌষ কুস্থম আমাকে লিখিয়াছিল—

শ্রীশ্রীচরণ কমলেযু=

বাবা! আপনার ছই খানা পত্র গত কল্য একত্র পাইলাম। একখানা ১৬ই তারিখের ও একখানা ১৭ই তারিখের। আমি প্রত্যহ ১০ গ্রেইন করিয়া কুইনাইন খাইতাম; কিন্তু হারণ্ সাহেবের ব্যবস্থামত এক শত ডিগ্রীর বেশী জুর হইলে, কুইনাইন খাওয়া নিষেধ। আমার জুর ৮০৯ টার সময়তেই ১০০ হয়। সমস্ত দিনে জুর একবারও ছাড়েনা। খুব প্রাতে ৯৯॥ থাকে, তাহার পর ১০০, আবার কিছুক্ষণ পর ১০১। বৈকালে এখন ১০২ হয়। ভাত খাইয়া ১০৩, ১০৩॥ হইত। কুইনাইন দিনে একবার পড়ে। আমার জন্য কামারগাঁ হইতে জুরের ঔষধ আনে নাই। কবে যে আনিবে, ঈশ্বর জানেন। · · · · · ১৬ই পৌষ পাঠাইয়া দিয়াছেন। ১৯শে তারিখে অবশ্য পাইয়াছে। ২০শে তারিখে ঔষধ লইয়া ২১শে কি ২২শে তারিখে নিশ্চয়ই আসিতে পারিত। আজপর্য্যন্ত যখন আসিল না, তখন তাহার আশা সম্বন্ধে আমি নিরাশ হইয়াছি।

দেবিকা---কুস্থম।

২৬শে পৌষ কুস্থম পূর্ণবাবুর চিঠির সঙ্গে পরবর্তী
চিঠি দিয়াছিল।

পরম পূজনীয় শ্রীযুক্ত পিতৃদেব মহাশয়ের শ্রীশ্রীচরণ কমলেযু—

গত কল্য আপনার নিকট একখানা পত্র লিখিয়াছি।
বোধ হয় এই পত্র আর পূর্ব্ব পত্র এক সঙ্গে পাইবেন।
আমার, জুর এখন বৈকাল বেলা ১০২ হয়, রাত্রিতে
খুব মাথা ধরে এবং শীত বোধ হয়, সে সময়তে জ্বর
আরোও বাড়ে কিনা বলিতে পারি না। কেননা তখন

আর নিজে উঠিয়া দেখিতে পারি না। কোমরে বেদনা আছে। আর পূর্বের যে যে অস্তথ ছিল, তাহাও আছে। গত পরশ্ব কিছু রক্তন্তাব হইয়াছিল। দেই দিনই কি উষধ দেওয়াতে বন্ধ হইয়া যায়। কুইনাইন খাওয়াতে জ্বের বিশেষ কোনই উপকার বুঝি না। দিনে কি রাত্রে একবারও জ্বর ছাড়ে না। খুব ভোরে ৯৯॥ থাকে, তাহার পর ১০০ হয়, আবার অল্লক্ষণ পরই ১০১ হয়। ইহার পর ক্রমশঃই বাড়িতে থাকে। পিঠে বেদনা আছে। শরীর আজ কাল অত্যন্ত ত্র্বল। কাশীও খুব হইয়াছে। কফের সঙ্গে সময় সময় রক্তপড়ে। বোধ হয় সেটা ক্রুর কফের দোষ। কাশীতে কাশীতে বুকে একটু বেদনা হইয়াছে।

হজম শক্তি একেবারে নাই। যাহা খাই, ৰাহ্য বোধ হয় তাহা অপেক্ষা অনেক বেশী হয়। বাহ্যির রং শাদা; কিছু পাতলা রকমের হয়। দিনে কোন দিন এক বার যাই, কোন দিন ছুই বার যাই। বৈকালে যাহা খাই, তাহাই বমি হয়। আপনি যে প্রেস্ক্রিপ্সন্ ঠাকুর ভাইর নিকট পাঠাইয়াছেন, তিনি আজ পর্যন্তও আদিলেন না। আর অধিক কি লিখিব। এখানকার প্রাণগতিক মঙ্গল; সর্বাদা আপনাদের মঙ্গল চাই। ইতি।

কুস্থমের ২৫শা পৌষের পত্র এবং পূর্ণবাবুর ২৬শা পৌষের পত্রের সঙ্গে কুস্থমের ২৬শা পৌষের পত্র একত্র ২৯শা পৌষ পাইয়াছিলাম। পূর্ণ-বাবু লিথিয়াছিলেন,—"কুস্থমের ব্যারামের বিস্তারিত বিবরণ তাহার পত্রে অবগত হইবেন। সে দিন দিন অত্যন্ত হর্মল হইয়া পড়িতেছে। আমি কুম্বমের জন্ত ভারি অশান্তিতে আছি।" রাত্রিতে চিঠি পাইয়া তাহার পর দিবদ প্রাতে আমি হারণ্ দাহেবকে কুস্থমের পত্র পড়িয়া ক্ষনাইলাম। তিনি সমস্ত অবস্থা অবগত হইয়া সকল রোগের ঔষধ ব্যবস্থা করিলেন। আমি প্রেস্ক্রিপ্সন্ থানা কুস্থমের নামে কামারগাঁয়ে পাঠাইয়া দিলাম। চিঠিতে লিথিলাম, এই ঔষধ সেবন করিলে তোমার বুকের কফ, পিঠের বেদনা, বুকের বেদনা ও জ্বর সারিবে, হজমশক্তি বুদ্ধি হইবে এবং বাহের রং ভাল হইবে। যদি কোন কারণে কুস্তম ৪ঠা মাৰ কামারগাঁ না যাইতে পারে, এই সন্দেহ করিয়া আবিধারার ঠিকানায় কুস্তমের ও পূর্ণবাবুর নিকট ঐ মর্ম্মে পত্র লিথিয়াছিলাম। এবং হারণ্ সাহেবের প্রেস্ক্রিপ্সন যে কামারগাঁয়ে পাঠাইলাম, সে সংবাদও দিয়াছিলাম। কুস্কম গর্ত্তাবস্থায় রক্তস্রাবের বিষয় লিখিয়াছিল। এই জন্ম লিখিয়াছিলাম,—"যদি গর্ডাবস্থায় রক্তস্রাব হয়, তবে হারণ্ সাহেবের হেমিমেলিদ নামক যে ঔষধের ব্যবস্থা পত্র আমি পূজার পূর্বে তোমাকে দিয়াছি, সেই ঔষধ ডাক্তার খানা হইতে নিয়া সেবন করিবা।

২০শে পৌষ কুন্থমের চিঠি পাইয়া তাহার প্রস্থতিকে ২৭শা তারিথে বাড়ী পাঠান স্বস্থির করিয়াছিলাম। ইহার পূর্ব্বে আমি কুন্থমের প্রস্থ-তিকে আবিধারা যাইতে অন্থরোধ করিয়াছিলাম। লোকে নিন্দা করে বলিয়া সে তথন আবিধারা যাইতে স্বীকার পায় নাই। ২৭শে পৌষ কুন্থমের জন্ত পাওয়ারুটি ও বিস্কৃট কিনিয়া দিলাম। দিজেন্ত্রকে বলিয়া দিলাম, "তুমি নৈহাটি হইতে কুস্থমের জন্ম বেদানা কিনিয়া নিও।" " Coming events cast their shadows before." আমি কুস্থমের জন্ম পরিবার বাটী পাঠাইবার বন্দোবস্ত করিতেছিলাম: কিন্তু আমার মন যেন কেমন কেমন করিতেছিল। কুস্কুম যেন আর বাঁচিবে না. আমার মনে এই ভাবের উদয় হইতে লাগিল। আমার পরিবারকে বলিয়া দিলাম—"শ্রামাচরণ এবং রাজমোহন হুই ডাক্তারকেই' ডাকাইবা। ভাহারা ছইজনে কুস্কুমকে দেখিয়া যে ঔষধ ব্যবস্থা করে, সেই ঔষধ খ্রামাচরণকে দিতে বলিবা। খ্রামাচরণ প্রত্যহ আসিয়া দেখিবে। वाकरभारनरक मर्सा मर्सा छाकिया। जानानि रहेमन रहेरा ठावि আনা পর্মা দিয়া কুস্কমের কটি, বিস্কৃট ইত্যাদি আবিধারা পাঠাইয়া দিবা। কুম্বমের সেবা শুশ্রষা করিবার জন্ম এক জন চাকরাণী এখান হইতে পাঠাইয়াছিলাম। রাত্রি আট ঘটিকার সময় আমার পরিবার এখান হইতে যাত্রা করিল এবং আমাকে বলিল, "বোধ হয় আমার আবিধারাও যাইতে হইবে।" আমি বলিলাম, "কুম্বমের যদি কোন হুৰ্ঘটনা ঘটে, তবে তুমি বিচলিত হইও না। এথানে চলিয়া আসিও। পাওয়ারুটি বিস্কৃট গুলি বিতরণ করিয়া দিও।"

নৈহাটিতে বেদানা কিনিবার সময় দিজেক্র পাইল না। ৩০শে পৌষ বেলা ১১টার সময় জালালদি ষ্টেসনে পৌছিয়া দিজেক্র একটি লোক দারা পাওয়ারুটি ইত্যাদি আবিধারায় পাঠাইয়া দিল। কুস্থমের প্রস্থতি ৩০শে পৌষ বাটীতে পৌছছিয়া গৃহাদি সমস্ত পরিক্ষার করাইল। ৩য়া মাঘ দিজেক্র আবিধারা গেল। ৪ঠা মাঘ কুস্থমের প্রস্থতি কুস্থমের আগমন প্রতীক্ষায় পথপানে চাহিয়া রহিল। জাহাজের সময় হইল। কুস্থম আসে না, তথন সে নিতান্ত উৎক্টিতা হইল। এমন সময় আমা-দের একটি প্রতিবাসী প্রসন্ধ ঘোষ তাহাকে সম্বোধন করিয়া বলিল, "সোণাবধ্ঠাকুরাণি! কুস্থমদের বাড়ীর দেওয়াঞ্জি মহাশয় আসিরাছেন।" এই কথা শুনিরা তাহার শরীর কম্পিত হইল। কিছুক্ষণ কোন কথা বলিতে পারিল না। তাহার পর জিজ্ঞাসা করিল, "কুস্থম কোথার ?" কুস্থমদের দেওয়াঞ্জি তারকচল্র বস্থ উত্তর করিল, "তাঁহার রক্তশ্রাব আরম্ভ হইয়াছে। কোমরে বেদনা, পেটে বেদনা, ও জর; এই জন্ম তিনি আসিতে পারিলেন না। আপনাকে নিবার জন্ম আমাকে পাঠাইয়াছেন, আপনি ব্যস্ত হইবেন না।" এই কথা বলিবার সময় তারকবস্থর মুখ কালিমাময় হইয়াছিল।

क्स्र कामात्रगाँदि (शौष्टियाष्ट्र, ভाविया क्स्र स्व मार्गीमाण विम्वािमनी, ताष्ट्रीयां हरेट जारात सामी ताष्ट्रकच्छ वस् व्यव श्व ভागानाथिक कामात्रगाँदि शांठारेयाष्ट्रिम। गज्ञन त्रक्ट्याव रहेया क्स्र म्या मत्राश्व हरेयाष्ट्रिम। वह बज क्स्र स्व बन्नी निभाराता रहेया ताष्ट्रक्ष वस्र निक्षे चामात ०००म शोर्यत किंठि उ रात्रम् गार्ट्रद्व एत्रम्-क्विश्मन् निम्ना विन्न, "त्रक्रव्यक्त उप्य निम्ना चास्न।" ताष्ट्रक्ष वस्र श्रूर्व छाक्ताति कत्रिज। या छाक्तात्रथाना रहेट उपय निम्ना चामिन। क्स्र स्व गर्ड्यातिमी किष्टामा कतिन, "त्रक्रव्यक्त उपय व्यन्तिम् श्रुर्य व्यन्ति क्षेत्रमा किंत्रमा चामात्र श्रुर्य ह्यात्रम् चामात्र श्रुर्व ह्यात्रम् चामात्र श्रुर्व ह्या ह्या वािम् स्व ह्या ह्या चामात्र श्रुर्व ह्या ह्या चामात्र श्रुर्व ह्या ह्या चामात्र श्रुर्व ह्या ह्या चामात्र श्रुर्व ह्या चामात्र श्रुर्व ह्या ह्या चामात्र श्रुर्व ह्या ह्या चामात्र श्रुर्व ह्या चामात्र ह्या ह्या चामात्र ह

কুয়াশার জন্ম জাহাজ গোয়ালন হইতে ঠিক সময়ে কামারগাঁরে পৌছিতে পারে নাই। সেই জন্ম কুমুমের জননী ৪ঠা মাঘ আবিধারা যাইবার জাহাজ পাইল না। তৎপর দিবস সকাল বেলা সে বলিল, "আমি শ্রামাচরণ ডাক্তারকে সঙ্গে করিয়া নিব।" তারক বস্থ বলিল, "আমরা পাসকরা ডাক্তার আনিয়াছি। কেন এখান হইতে ডাক্তার নিবেন ?" জ্ঞানেক্র বলিল, "সেই পাসকরা ডাক্তার হইতে এই পাসকরা ডাক্তার ভাল।" তারকবস্থ বলিল, "আমরাও পাসকরা ডাক্তারই এনেছি।"

কুমুম শুশুর শাশুডীর সম্ভোষার্থে অমুম্ভাবস্থায়ও অনেক গুহকর্ম সম্পাদন করিত। যে সময় তাহার ১০৩°।১০৩॥ ডিগ্রি জর হইত. তথনও সকাল বেলা নিদ্রা হইতে উঠিয়া শুশুরের জন্ম চা প্রস্তুত করিত. গৃহপরিষ্কার করিত, ত্রগ্ধ গ্রম করিত, নিজের পরিধান বসন ধৌত করিত, নিজে একটুকু জল আনিয়া হস্ত পদাদি প্রকালন করিত, খণ্ড-রের আহারের সময় তাঁহার নিকট উপস্থিত থাকিত, তাঁহার আহার হইলে আহারের থালাথানা পাকগৃহে রাখিত. (যথন স্বস্থ শরীরে ছিল তথন খন্তরের ভোজনাবশিষ্ট অনব্যঞ্জনাদি নিজে আহার করিত এবং শক্তরও সুখাত আহারীয়ের অনেক অংশ তাহার জন্ম রাখিয়া দিতেন). শাশুড়ীর আহারের স্থান করিত। তাঁহার আহার হইলে প্রথম কতক দিবদ অন্ন এবং অন্নবন্ধের চিঠি পাওয়ার পর ছগ্ধকটি আহার করিত। বৈকাল বেলা গৃহপরিষার করিত, শ্যা করিত, তাহার পর সরলতার নিকট বসিয়া থার্ম্মমিটার দারা শরীরের তাপ দেখিত এবং সন্ধ্যাপ্রদীপ জালিয়া শয়ন করিত। রাত্রিতে উঠিয়া আর থার্মমিটার দিতে পারিত না এবং জ্বর কত হইত, তাহাও জানিতে পারিত না। কখন তাহার দিদি শাশুড়ীকে বলিত "ঠাকুর মা! আমাদের এদিন থাকুবে না ; পাচিকাও আস্বে, চাকর-(एत् ও ব্যারাম সার্বে।" कार्य यथन भनीत कुर्सन हहेन, ज्थन কম্ম আর তাহার রাত্রিবাস কাপড় ধৌত করিতে পারে নাই। সর-লতা এক দিবস বলিল. "কুস্কম! তুমি এক কাপড় পরে থাক ?" কুস্কম উত্তর করিল, "আমি আর এখন কাপড় ধুইতে পারি না, আমার কাপড়

धहेब्रा मिरव रक ? এই मकन विवतन आमात खी शूर्नवावूत वांगैत खीरनाक দিগের নিকট শুনিয়াছে। এই ভাবে ২৬শা পৌষ গত হইল। সেই জারিখে কুস্কুম আমার নিকট পত্র লিখিয়াছিল। ইহাই তাহার স্বহ-স্তের শেষ পত্র। ইহার পর আর তাহার পত্র লিখিবার শক্তি ছিল না। ক্রমশঃ শরীর অত্যন্ত হুর্বল হইয়া পড়িল। ২৭শা পৌষ পর্য্যন্ত কুস্থম হাটিতে পারিত। সেই দিবস রাত্রিতে দীনবন্ধু দত্ত হারণ্ সাহেবের ঔষধ নিয়া আবিধারা গিয়াছিল এবং কুস্কুম এক দাগ মাত্র ঔষধ সেবন করিয়াছিল। ২৮শা পৌষ কুস্কমের দাড়াইবার শক্তি ছিল না। আহা-রের পর প্রতিদিন তিন বার ঔষধ সেবনের নিয়ম ছিল। কিন্তু ২৮শা পৌষ ছই বার মাত্র ঔষধ সেবন করিয়াছিল। ২৮শা পৌষ পূর্ণবাবু আমাকে লিখিলেন. "গত কল্য দীনবন্ধু দত্ত ঔষধ দিয়া গিয়াছে। ইহা বাছের কি জ্বরের ঔষধ, তাহা জানিতে পারিলাম না। ছই দিবদ কুই-নাইন দেই নাই। অন্ত পুনরায় কুইনাইন দিতে আরম্ভ করিলাম। আমি ভারি অশান্তিতে আছি, কুসুম ক্রমশঃ হর্কল হইতেছে। আর কালবিলম্ব না করিয়া কুস্থমকে ২রা কি ৩রা মাম নিয়া যাইবেন। সরোজিনীর ক্সাটি বোধ হয় বাঁচিবে না। আমার শুগুরের মৃত্যু সংবাদ এখনও আমার পরিবারকে জানাই নাই।"

৩০শা পৌষ সন্ধ্যার পর কুস্থম তাহার শাশুড়ীকে বলিল, "আমার মা বাড়ী এসেছেন।" তিনি বলিলেন, "তুমি কেমন করে জান্লে ?" কুস্থম বলিল, "এই ত আমার জন্ম পাওয়াকটি ও বিস্কৃট পাঠিয়ে দিয়েছেন।"

কুস্থম যে কোঠার থাটের উপর শগ্নন করিত, সেই কোঠার অপ-রাংশে সরোজিনী, তাহার রুগা ক্যাটিও তাহার প্রস্থৃতি শগ্নন করিত। সরোজিনীর ক্যাটির গায়ে ঘা হইয়াছিল। সে যাতনায় সমস্ত দিনরাত্রি ক্রন্দন করিত। সরোজিনী তাহার মৃতপ্রায় ক্যাটির জন্ম সর্বাদ। বিলাপ করিত। তাহার মাতা ও পিতামহী সেই রুগ্না বালিকাটিকে ক্রোড়ে করিয়া যথাসাধ্য সাস্থনা দিবার চেষ্টা করিত। রাজিতে কুস্থমের দিনিশাশুড়ী পরবর্তী এক কোঠায় শয়ন করিত। ছর্বল শরীর, বুকে কফের বেদনা, শ্বাস প্রশ্বাসে দারুণ কষ্ট, এরূপ অবস্থায় কুস্থম কাশিতে কাশিতে অস্থির হইত, কিন্তু কেহ অসন্তুষ্ট হইবে ভয়ে কাহাকেও নিকটে বিদতে অমুরোধ করিত না, নীরবে এই কঠোর যাতনা সহ্থ করিত। বিধাতার কেমন বিধান, যাহার অমুথ হইলে প্রতিদিন চিকিৎসক উপস্থিত রহিয়াছে, যাহার অমুথ হইলে পিতা, মাতা, জ্যেষ্ঠতাত ভ্রাতা, পিত্বাগণ, খুল্যতাতভ্রাতা, পিসী, মাসী ও অস্থাস্থ আত্মীয়স্বজন সদা শুশ্রুষা করিয়াছে, এত দীর্ঘকাল সে একাকিনী রুগ্রশ্যায় শায়িত।

২৭শা পৌষ হইতে ২রা মাঘ পর্যাস্ত কুস্থমের জর কত হইত, আমি জানিতে পারি নাই। ২রা মাঘ রাত্রিতে কুস্থমের দিদিশাশুড়ী এবং ৩রা ও ৪ঠা মাঘ রাত্রিতে তাহার শাশুড়ী তাহার নিকট শয়ন করিয়াছিলেন।

তরা মাথ রাত্রি ১১ ঘটিকার সময় হিজেক্র পূর্ণবাব্র বাটাতে উপস্থিত হইল। তাহাকে দেখিয়া কুস্থম হাতে আকাশ পাইল এবং জিজ্ঞাসা
করিল, "বাবা, মা, দাদা আর বাটীর আর সকলে কেমন আছেন ?"
"আপনার কাজে কত টাকা লাভ হয়েছে?" এইরপ বছবিধ প্রশ্ন করিল। হিজেক্র তাহাকে পরদিবস কামারগায়ে নিয়া য়াইবার প্রস্তাব করিল। সে বলিল "অগ্ন অত্যন্ত রক্তপ্রাব হইয়াছে, পেটে ও কোমরে বেদনা, শরীর অত্যন্ত হর্বল, আমি বেতে পার্ক কি?" হিজেক্র বলিল, "কেন? তোমাকে নৌকা করিয়া নিয়া য়াব।" তথন কুস্থম তাহার শ্রশ্রমাতাকে বলিল, "মা রাজাদাদা আমাকে কাল কামারগায়ে নিতে চান।" তিনি বলিলেন, "না, তোমার এমন হর্বলশরীর, তুনি কি কাইল ঘাইতে পার ? তোমার ভাইকে পাঠাইয়া দিয়া তোমার মাকে এখানে নিয়া এস।" কুস্কম বলিল, "রাঙ্গাদাদা আজ এই হেটে এসে-ছেন, তাঁহার আবার কাল যেতে কফ হবে, দেওয়া-ঞ্জিকে ডেকে পাঠিয়ে দিন।" তিনি দেওয়াঞ্জিকে ডাকিয়া বলিলেন, "কুস্কমের মাকে কা'ল নিয়ে এস।"

৪ঠা মাঘ বেলা আট ঘটিকার সময় কুস্থম পঞ্চম মাসে একটি পুত্র সন্তান প্রসব করিল। সন্তানটি অর্দ্ধ ঘণ্টাকাল জীবিত ছিল। (Man proposes God disposes) মহুব্যে কল্পনা করে, ভগবান্ বিধান করেন। আমি ওরা মাঘ কুস্থমকে আনিবার জন্ম লোক পাঠাইব লিখিয়াছিলাম। সেই দিবস তাহার রক্তস্রাব আরম্ভ হইল। ৪ঠা মাঘ কামারগাঁয়ে নিবার কথা ছিল। সেই দিবস তাহার প্রসব হইল। প্রস-বের পর কুস্থমের শুশ্রমাভা কুস্থমকে পরিশ্বার করিয়া তাহার পরিধেয় বস্ত্র পরিবর্ত্তন করিয়া দিলেন। কুস্থম তাহার শাশুড়ীকে বলিল "মা আপনার অদুষ্টে এত ক্ষণ্ড ছিল।"

পুত্র সন্তানটি নট হওয়ার পর বাটীর সকলে বিষয় হইল এবং বলিতে আরম্ভ করিল, "বাপ কি ঔষধ পাঠাইয়াছে, তাহাতেই এই সর্কানাশ হইল। হারণ্ সাহেব ঔষধ ব্যবস্থা করিয়াছিলেন। তিনি বিলাতের চিকিৎসা শাস্ত্রের সর্কোচ্চ পরীক্ষার উত্তীর্ণ হইয়া বছকাল যাবৎ চিকিৎসা কার্য্য করিতেছেন। হাজারিবাগ, র্ঁাচি, গিরিডি ও চাত্রা প্রভৃতি স্থানের চিকিৎসালয় সমূহ পরিদর্শন করেন। হাজারিবাগে যখন কাহারও কোন কঠিন ব্যারাম হয়, তখনই তিনি তাঁহার আশ্রয় গ্রহণ করেন। তিনি ধনী দরিদ্র সকলকেই সমভাবে দেখেন। কাহারও নিকট হইতে অর্থ গ্রহণ করেন না। তাঁহার প্রতি সকলেরই অটল

বিশাস। ১২ই পৌষ তারিথের চিঠিতে যে অবস্থা লিখিত ছিল, সেই অবস্থান্দ্রসারে তিনি ঔষধ ব্যবস্থা করিয়াছিলেন। ২৭শে পৌষ হইতে সেই ঔষধ সেবন করান হয়।

৪ঠা মাঘ রবিবার মামুদপুর ডাক্রোরের জন্ত লোক পাঠান হইরাছিল।
তথা হইতে কালাচাঁদ সাহা ডাক্রার সেই দিবস বেলা ১১ এগার ঘটিকার সময় আবিধারা উপস্থিত হইল। সে কুস্কমের প্রসব হইয়াছে
দেখিয়া সম্ভষ্ট হইল এবং বলিল, "এখন আর কোন ভয়ের কারণ নাই।
এখন রোগী সহজে আরাম করা ঘাইবে। প্রসব না হইলে আমারই
এই কার্য্য করিতে হইত। আপনারা এজন্ত এত বিষণ্ণ হইলেন কেন ?"
তিনি ঔষধ দিলেন এবং তৃপ্পবার্লি পথ্য ব্যবস্থা করিলেন। তাঁহাকে
৮ই মাঘ বৃহস্পতি বার আসিবার জন্ত অনুরোধ করা হইল। ঔষধে
কিরপ ফল হয়, তাহা জানাইতে বলিয়া তিনি মামুদপুর চলিয়া গেলেন।

৪ঠা মাঘ দ্বিজেন্দ্র আমাকে লিখিয়াছিল, "প্রসবের পর কুস্থম তাহার শরীর অনেক পাতলা বোধ করে। গত কল্য বেলা ১১টার সময় তাহার জুর ১০১ ছিল, রাত্রে কিম্বা বৈকালে আর থার্শমিটার দেওয়া হয় নাই। অন্ত সকাল বেলা ১০১° ডিগ্রী দেখা গেল।"

৫ই মাঘ সন্ধার পর কুস্থমের প্রস্থতি আবিধারা উপস্থিত হইল।
পূর্ণবাব্র একটি ভৃত্য সেই দিবদ এবং পাচিকাটি তাহার পূর্ব দিবদ
স্বীয় কার্য্যে উপস্থিত হইয়াছিল। কুস্তম পূর্বেই বলিয়াছিল,
"ঠাকুরমা! আমাদের এ দিন থাক্বে না।" সেই দিবদ
সকালবেলা তাহার জর ১০১ ডিগ্রী ছিল, বেলা ১২টা হইতে সমস্ত
দিনরাত্রি ১০২ ডিক্রী জর ছিল। ৪ঠা ও ৫ই মাঘ কুস্থম কালাচাদ
সাহার ঔষধ সেবন করিয়াছিল।

কুস্থমের নিকট তাহার প্রস্থতি উপস্থিত হইলে, সে তাহার খঞ্জ-

মাতাকে বলিল, "আমার মা এসেছেন।" তাহার পর তাহার প্রস্তির সঙ্গের পরিচারিকাকে বাটার সকল স্ত্রীলোকের সহিত পরিচয় করাইয়া দিয়া পরিচারিকার ছেলের সহিত আলাপ আরম্ভ করিল। তাহার প্রস্তির হস্তে ঔষধ দেখিয়া জিজ্ঞাসা করিল, "ও কি ?" তাহার প্রস্তি উত্তর করিল, "এ রক্ত বন্ধের ঔষধ"। কুস্থম বলিল, "আমার আর রক্তস্রাব হয় না।" সে ঔষধ আর সেবন করান হইল না, ঔষধের শিশি ছইটি কুস্থমের খাটের নীচে রাখিয়া দেওয়া হইল। বিধাতার বিধান বুঝা ভার। গত বার ব্যারামের সময় ঝড়বুটি ছারা কুস্থমের ঢাকা যাওয়া ক্ষান্ত হইয়াছিল। এবার ব্যারামের সময় তাহার স্বহস্তু-লিখিত রোগের প্রকৃত অবস্থা শুনিয়া হারণ্ সাহেব জর, কফ, লিভার, এবং বুকের ও পিঠের বেদনার জন্ম যে ঔষধ ব্যবস্থা করিয়াছিলেন, ভাহা রক্তবন্ধের ঔষধ ধারণায় সেবন করান হইল না।

৪ঠা মাঘ কুস্থম বলিয়াছিল, "রাঙ্গাদাদা! আমিও কামারগাঁ গেলাম না, আপনিও কামারগাঁ গেলেন না। মা অস্থির হবেন।" ৫ই মাঘ যথন তাহার প্রস্থতি তাহাকে আহার করায়, তথন সে বলিল, "রাঙ্গাদাদা! মার মাথা এখনও ঠিক হয় নাই। মা তেবেছেন আমার কতই না কি হয়েছে।" আহারের পর সে তাহার প্রসূতিকে বলিল, "মা! আমার ননদের মেয়েটি দেখে এদ।" সেই সময় দিজেজ বলিল, "হারণ্ সাহেবের ঔষধ থেয়েই কুস্থমের জয় বেড়েছে।" তথন কুস্থম বলিল, 'হারণ্ সাহেবের ঔষধ থেয়ে আমার জয় বাড়বে কেন ? আমার জয় তাহার পুর্কেই বেড়েছে।'

৬ই মাঘ সকাল বেলা হইতে কুস্কমের জর বাড়িতে আরম্ভ করিল। তথন সে তাহার প্রস্থৃতিকে বলিল, ''মা! রাঙ্গাদাদা আমার অবস্থা ডাক্তারকে ভাল করিয়া বুঝাইয়া বলিতে পারেন না, শ্যামাচরণ ডাক্তারকে ভাগ্যকুল হইতে আনাও, আমি নিজে তাঁহাকে সমস্ত অবস্থা বলিব। তুমি টাকা এনেছ ?" সে বলিল, "এনেছি। দ্বিজেন্দ্র তথন পূর্ণবাবুর নিকট শ্রামাচরণ ডাক্তারকে আনাইবার প্রস্তাব করিল। পূর্ণবাবু বলিলেন, "থৈর্য্য ধরুন"। দ্বিজেন্দ্র বলিল, "ধৈৰ্য্য ধরি কি করে ? উপকার দেখলে ত ধৈৰ্য্য ধৰ্ব ?" দিজেন্দ্র বারমার বলাতেও তিনি স্বীকার পাইলেন না। দিজেন্দ্র কুস্কমের নিকট এই मक्न कथा वनारा, तम वनिन, "जरव कवित्राक्षरक हे डाकून।" তথ্ন পূর্ণবাবু ভীমা কবিরাজকে বলিলেন, "মনোযোগ ক'রে চিকিৎসা কর, ভাল ঔষধ পত্র দেও।" ভীমা কবিরাজ জাতিতে নাপিত। গ্রামে কবিরাজি ব্যবসা করে। সেই ঐ গ্রামে একমাত্র চিকিৎসক। পূর্ণবাবুর বাটীতে যথন কাহারও কোন সামান্ত ব্যারাম হয়, তথন সেই চিকিৎসা করে। কুস্তুমের এই রোগের প্রথম অবস্থায় কতক দিবস ভীমা কবি-রাজই চিকিৎসা করিয়াছিল; কিন্তু কোন স্থফল দেখাইতে পারে নাই। পূর্ণবাব দিজেন্দ্রকে বলিলেন, "ভীমা আমার আপন লোক। বাড়ীর निक्टेष्ट ; ও थात्राथ छेष्ध मिटल शांतित्व ना, आत मत्नात्यां क'तत চিকিৎসা কর্বে।" দ্বিজেব্রু ভীমা কবিরাজকে বাটীর মধ্যে ডাকিয়া নিয়া জিজ্ঞাদা করিল, "দেখ তুমি চিকিংদা করিতে দাহদ পাও ত ?" দে বলিল, "আরাম কর্ত্তে পার্ব্ব ক'রে ত সাহস করি, এখন ঈশ্বর ইচ্ছা।"

সেই দিবসই পূর্ণবাবু তাঁহার শ্বশুরের মৃত্যুসংবাদ তাঁহার স্ত্রীকে জানাইয়াছিলেন। পূর্ণবাবুর স্ত্রী পিতৃশোকে রোদন করিতে আরম্ভ করিলেন। কফ, কাশী ও লিভারের জ্বন্ত কুস্থমের প্রস্থতি তাহার বুকে ঔষধ মালিস করিতেছিল। শাশুড়ীর ক্রন্দন শুনিয়া কুসুম

তাহার জননীকে বলিল "মা! আমার শাশুড়ীর নিকট যাও।" তথন সে তাহার শাশুড়ীর নিকটে গেল।

শেষ বেলাতে কুস্থমের জর ১০৪° হইল। জর দেখিবার সময় তাহার প্রস্থাতি তাহার পথ্যাদি প্রস্তুত জন্ম অন্তর ছিল। সে দিজেলকে বলিল "রাঙ্গাদাদা! আমার যে জ্বর বেড়েছে একথা মাকে ধেন বলেন না।" রাত্রিতে তাহার জর ১০৫° হইল।

৭ই মাথ প্রভাতে কুস্থমের গর্ত্তধারিণী ডাক্তার আনিবার জন্ম ব্যপ্র হইয়া দিজেন্দ্রক পূর্ণবাবুর নিকট পাঠাইয়া দিল। দিজেন্দ্র পূর্ণবাবুর নিকট হইতে ফিরিয়া আদিয়া বলিল—"তায়ৈ মহাশয় বলিলেন, আমার বাটাতে থাকিয়া স্বাধীনতা চলিবে না। আপনাদের বাটাতে নিয়া দিবিলসার্জন আমুন।" আমার বোধ হয় তাঁহার ধারণা ছিল, কবিরাজের ঔষধেই কুস্থম আরাম হইবে। কুস্থম এই কথা শুনিয়া নীরব রহিল। কিছু পরে কুস্থমের জর ১০২° ডিগ্রী হইল।

আবিধারা গ্রামে একটি ভদ্রমহিলা ধাত্রীবিছা শিক্ষা করিয়াছিলেন।
তিনি বলিয়াছিলেন, "অসময়ে সস্তান হওয়ার পর প্রস্থাতিকে বেশী হুগ্ধ
দিলে নাড়ী পাক্বে।" কবিরাজ হুগ্ধ একেবারে বন্ধ করিল। কুস্কম বালিসাপ্ত আহার করিতে পারিত না, তাহার শরীরও হুর্জন এবং প্রায় রক্ত
শৃষ্ঠ। সেই জন্ঠ সে বলিল, "যদি চুধ দিয়া একটু সাদা করিয়া
দেওয়া হয় তবে বার্লি খেতে পারি।" কুস্কমকে কখন
শুদ্ধ বার্লি এবং কখন বা মুগের যুস দেওয়া হইত। রাত্রি তিনটার সময়
সরোজিনীর কন্তাটি পঞ্চত্বপ্রাপ্ত হইল। সরোজিনীও তাহার প্রস্থৃতি মৃত
কন্তাটি নিয়া রোদন করিতে করিতে গৃহ হইতে বহির্গত হইল। ক্রন্দন
শুনিয়া কুস্কম জিজ্ঞানা করিল "মা! মেয়েটি কি গিয়েছে ?" তাহার

জননী বলিল, "মেরেটি গিরেছে, তোমার ভর কি ? আমি তোমার নিকটে আছি।"

৮ই মাঘ বৃহস্পতিবার নিশি প্রভাত হইল, পূর্ণবাবু মামুদপুরের ডাক্তারকে সেদিন আবিধারা আসিতে নিষেধ করিয়া পাঠাইলেন। কুস্কমের প্রস্থৃতি গৃহ হইতে বহির্গত হইবে, এমন সময় কুস্কমের দিদি-শাশুড়ীর হাঁচি হইল; সে কিঞ্চিৎ কাল উপবেশন করিয়া অন্ত দার দারা বহির্গত হইল। তৎপর দে কুস্থমের মৃত্র বাহিরে নিক্ষেপ করিয়া পূর্ণবাবুর বাহিরের চাকরাণীকে মুগডাইল প্রস্তুত করিতে বলিল এবং কুস্থমের মুথ্ প্রকালন করিল। রাত্রিতে কুস্কম যে মূত্রত্যাগ করিয়াছিল, তাহা ফেলিয়া দিবার সময় তাহার প্রস্থৃতি দেখিল যে, সে গুল যেন শুদ্ধ চুণগোলা। কুস্থমের জননী তাহার দাইকে কুস্থমের নিকট রাথিয়া মুগের যুদ প্রস্তুত করিতে গেল। ইতিমধ্যে কুস্থম পুনরায় চূণের মত প্রস্রাব করিতে আরম্ভ করিল। তথন কুস্কম দাইকে বলিল, "মাকে ডাক্।" কুস্থমের মাতা আদিয়া তাহাকে প্রস্রাব করাইল। তাহার পর দিজেন্দ্র, পূর্ণবাবু ও ভীমা কবিরাজ আসিয়া কুস্থমকে দেখিল। দিজেন্দ্র ক্ষিরাজকে প্রস্রাব দেখাইল। ক্বিরাজ বলিল, "ইহার ঔষধ ত এখন দেওয়া যায় না; ইহার পরে দিব।" স্থারেশের মাতা আসিয়া জিজ্ঞাসা कतितन, "किरताज्ञरक প্रञात प्रशाह ?" विष्कृत तिन्, "हा," তাহার পর তিনি জিজ্ঞাসা করিলেন, "পূর্ণকে দেখাইয়াছ ?" কুস্থম উত্তর করিল, "তিনি দেখুলেন না।" এমন সময় দিজেন্দ্র ডাকিয়া বলিল, "গোণামামি! কুস্থমের দাঁত লেগেছে, শীঘ্রুস আফুন।" যুস খাও-য়ার পর কুস্তমের দাঁত কপাটি ছাড়িল। সে সময় তাহার জর ১০২ ডিগ্রী ছিল। তাহার পর তাহার হস্তপদ শীতল হইতে আরম্ভ হইল। তাহার মাতা কবৃতরের যুগ ও তিসির পুল্টিশ্ প্রস্তুত করিতে গেল,

তাহার দিদি শাশুড়ী তথন তাহার মাথার বাতাস করিতে আরম্ভ করিলেন। সে বলিল, "ঠাকুরমা! আপনি দাঁড়ায়ে দাঁড়ায়ে বাতাস করেন, আপনার কফ হয়, থাক্ বাতাস দিয়ে কাজ নাই।" তাঁহার পর কুয়মের শাশুড়ী কুয়মের প্রস্থতিকে জিজ্ঞানা করিলেন, "কুয়ম কেমন আছে?" সেবলিল, "আর কেমন?" তথন সরোজিনী বলিল, "চল মা, বৌঠাইরাইন্কে দেখি যেয়ে"। কুয়েমের তথন ঘন ঘন দাঁত কপাটি লাগিতেছিল। তাহার এই অথহা দর্শনে তাহার শাশুড়ী বলিলেন, "আপনারা ডাক্তার আনলেন্ন। কেন?" তাহার প্রস্থতি বলিল, "বিয়াই যে রাগারাগি করেন।" তাহার শাশুড়ী বলিলেন, "তাদের যাকে ইছা তাকে আরক।" কুয়মের প্রস্থতি নিঃশব্দ রহিল। কুয়ম অতি মৃত্র ও মধুরস্বরে বলিল, "রাগ ক'রে সেন বল্লেন।" কুয়মের শাশুড়ী বলিলেন, "রাগে কি যাইত?" কুয়ম নীরব রহিল।

বেলা দশটার সময় অনেকে কুস্থমের হাতে পায়ে তার্পিন তৈল মালিস করিতেছে, এমন সময় ছই এক চামিস কর্তরের যুস খাওয়ান, হইয়াছিল। ভীমা কবিরাজ বলিল, "ভাবের পরিবর্ত্তন হইয়াছে। আর কর্তরের যুস দিবেন না।" সেই সময় পূর্ণবাবুর প্রতিবাসী দারিক চক্রবর্তী মহাশয় কুস্থমের হাত দেখিয়া বলিলেন, "টাকার জন্মও নয় কড়ির জন্মও নয়।" এই কথা শুনিয়া বাটীর কেহ কেহ বলিল, "আর এক জন কবিরাজের জন্ম লোক পাঠান হইয়াছে।" তিনি বলিলেন, "তাহার আসা পর্যান্ত অপেক্ষা সহিবে না।" এই বলিয়া তিনি গৃহ হইতে বহির্গত হইলেন। তথন কুস্থমের শাশুড়ী জিজ্ঞাসা করিলেন, "কুস্থম,

তোমার হাত দেখ্ল কে ?'' কুস্বম উত্তর করিল, "দ্বারিক ঠাকুর।" তাহার পর বাড়ীর অস্তান্ত স্ত্রীলোক দিগকে দেখাইয়া জিজ্ঞানা করা হইল, ইনি কে ? কুস্বম বলিল, "থুড়ীমা"; ইনি কে ? কুস্বম বলিল, "বড় ঠাকুরমা"; ইনি কে ? "কবিরাজ ভীম।" তাহার পর কুস্বমের প্রস্থতি তাহার শাশুড়ীকে দেখাইয়া জিজ্ঞানা করিল, "এ, কে ?" কুস্বম ঈষ্থ হাসিয়া মুখ ফিরাইল।

দারিকা ঠাকুর বলিয়াছিলেন, "হাত পা ঠাণ্ডা হয়েছে; বালির সেক দিতে পারেন।" তথন কুস্থমকে বালির সেক দেওয়া আরম্ভ হইল। বেলা দশটা হইতে হুইটা পর্য্যন্ত অর্দ্ধ ঘণ্টা অন্তর কম্বরি ভৈরব, বসস্ত-তিলক প্রভৃতি ঔষধ কুস্থমকে সেবন করান হইল।

গত দন যথন কুস্থমের হস্ত পদ শীতল হইয়াছিল,তথন কুস্থম তাহার প্রস্থতিকে বলিল, "মা! এক টুকু তুধ দাও ?'' তাহার প্রস্তি গরম হয় দিল। কুস্থম তাহা পান করিল। জলদাও আমার স্ত্রী কুস্থমের হাতে পায়ে তার্পিন মালিদ করিল। কুস্থম স্বস্থ হইল। এবার কুস্থম বেলা তুইটার সময় বলিল, "আমাকে তুধ না দিলে আমি মর্বব ?'' ভীম কবিরাজ বলিল, "দুধ না দিলে মর্বেন না ?'' কুস্থম নারব রহিল। বিধাতা কোন্ দময়ে কি উদ্দেশ্যে কি বিধান করেন, তিমিরাচ্ছয় মানবগণতাহা কিছুই ব্বিতে পারে না। স্ত্রীলোকেরা যথন কুস্থমের আদরমৃত্যু আশঙ্কা করিয়া তাহার জ্ঞান ও দৃষ্টি শক্তির পরীক্ষা করিল, তথনও ভীমা কবিরাজ বলিল, "হুধ না দিলে মর্বেন না।" এই চিকিৎসকের হত্তে আমার অতি আদরের ধন, জীবনের একমাত্র লক্ষ্য, স্নেহের পুতুল, কুস্থমের চিকিৎসা গুন্ত ছিল।

বেলা আড়াইটার ৫। ৬ মিনিট পূর্ব্বে ছিজেন্দ্র থার্মামিটার দিল।
কুম্ম নিজে থার্মামিটার নিয়া দেখিল। কপাট বন্ধ থাকা হেতু একটুকু
অন্ধকার ছিল। কপাট খুলিতে বলিল। কপাট খোলা হইলে পর ১০২
ডিগ্রী জ্বর দেখিয়া ছিজেন্দ্রের হাতে থার্মামিটার দিল। মিনিট ছই
তিন পরে তাহার প্রস্তাহর দিকে দৃষ্টিপাত করিয়া কুম্ম বলিল, "টেলি-গ্রাম।" তাহার পর তাহার ছই নয়ন বিক্ফারিত হইল ও ললাট ঈবৎ
ঘর্মাক্ত হইল। কুম্মমের শাশুড়ী বলিলেন, "কপাল ত ঘাম্ছে!" এই
কথা শুনিয়া কুম্মের খুড় শশুর ম্পরেশ বাবু তারক বস্থ এবং পূর্ণবাব্র
একটি চাকর, একথানা কম্বল নীচে বিছাইয়া ধরাধরি করিয়া তাহাকে
সেই কম্বলের উপর নামাইয়া বাহিরে নিলেন। মহাশ্বাস এবং হিকা হয়
নাই দেখিয়া ছিজেন্দ্র বলিল, "কুম্মমেরে বাহির করে কেন ?" বেলা
আড়াইটার সময় কুম্ম আকাশ পানে চাহিয়া চক্ষু নিমিলিত করিল।
বাহির করিবার ছই তিন সেকেণ্ড মধ্যেই কুম্ম মানবদেহ পরিত্যাগ
করিল, চৌল বৎসর ছয় মাস সাত দিনে কুম্মমের অভিনয় শেষ হইল।

"মঙ্গল আলয় তুমি, করুণাসাগর বিভূ। তোমার মঙ্গল ইচ্ছা, হৌক সফল প্রভূ ॥ আমি কে যে জগতের, মঙ্গল আকাজ্ফা করি। তোমার জগত তুমি, যাহা ইচ্ছা কর হরি॥"

বোগেশের হত্তে কুস্থমকে সমর্পণ করিয়াছিলাম। সে তথন ভাগলপুর কলেজে পড়ে এবং হয় ত কুস্থমের ব্যারাম সম্বন্ধে কিছুই জানিত না এবং জানিলেও পিতামাতার অনুমতি ব্যতীত বাড়ী যাইতে পারিত না এবং বাড়ী থাকিলেও বোধ হয় লজ্জাবশতঃ কুস্থমের শুশ্রমা করিতে পারি-ত না । বাল্যবিবাহই এইরূপ শোচনীয় ঘটনার মূল। ভারতে হিন্দু-পরিবারে এইরূপ লক্ষ লক্ষ শোচনীয় ঘটনা ঘটিতেছে। রাজার ইছা হইলেই বাল্যবিবাহ প্রথার উচ্ছেদ সাধন অতি সহজে সাধিত হইতে পারে।

কুস্থম যথন অষ্টম বর্ষ বয়দে পদার্পন করিয়াছিল, তথনই সে লিথিয়াছিল।

> করুণা-সাগর পিতঃ অথিলের পতি। তোমার চরণ যুগে অসংখ্য প্রণতি॥ তোমার আদেশে প্রভু জনম ধারণ।

তব রাঙ্গা পদে আমি নিলাম শরণ ॥

সাতবৎসরের বালিকা মঙ্গলাচরণ করিয়া তাহার জীবনের কার্য্য আরম্ভ করিয়াছিল। ভগবন্! তুমি তাহাকে তোমার অভিপ্রায় সিদ্ধি-জন্ম জগতে প্রেরণ করিয়াছিলে। সে তোমার আদেশ পালন করিয়া তোমার নিকট গমন করিয়াছে! কুস্থম অনেক সময় বলিত. "যীশুখুষ্টের মত কেহ সহিষ্ণৃতা জগতে দেথাইতে পারে নাই। পাপী মানবদের উদ্ধারের জন্ম তিনি আত্মদেহ বিসর্জন করিয়াছিলেন এবং ন্ত্রীজাতির সহিষ্ণুতাই একমাত্র অবলম্বন।" সে নিজেও অপরিসীম সহি-ষ্ণুতা দেখাইয়াছে। ভগবন্। আমার বোধ হয় তুমি তাহাকে হিন্দুবালি-কাদের উদ্ধার সাধন জন্মই অবনীতে প্রেরণ করিয়াছিলে। সে অপার ষাতনা ভোগ করিয়া এবং সহিষ্ণুতার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া অবলা श्निप्तानिकारमत উদ্ধার সাধন জন্ম আত্মজীবন বিসর্জন করিয়াছে। জগদীশ ! এথনও কি হিন্দুবালিকাদের পাপের প্রায়শ্চিত্ত হয় নাই ? এক বার তাহাদের প্রতি করণাবলোকন কর, তাহাদের যাতনার শেষ কর, লোকের স্থমতি দান কর, রাজাকেও রাজপ্রতিনিধিকে স্থমতি দাও, বালিকাবিবাহ জগৎ হইতে তিরোহিত হউক। সমাট এডও-যার্ড! তোমার উপায়হীনা বালিকা প্রজাদের প্রতি একবার রূপাদৃষ্টি

কর। এক বার অমুসন্ধান করিয়া দেখ, কত অসংখ্য বালিকা স্বামীগৃহে কত অপার যাতনা ভোগ করিতেছে। লর্ড কুর্জ্জন। তোমার মত শিক্ষিত রাজপ্রতিনিধি এপর্যান্ত ভারতে আর কেহ আইসে নাই। তোমারই শাসন সময়ে কুস্কম হিন্দুবালিকাদের পাপের প্রায়শ্চিত্ত-স্বরূপ অপরিদীম সহিষ্ণুতার সহিত তাহাদের উদ্ধার সাধনে আত্মজীবন বলিদান করিয়াছে। তুমি একবার অনুসন্ধান করিয়া দেখ, ভারতে কত শত বালিকা কত যাতনা ভোগ করিতেছে। তুমি ভারতের মঙ্গল সাধন জন্ম বছবিধ উদ্যোগ চেষ্টা করিতেছ। বাল্যবিবাহের উচ্ছেদ সাধন করিয়া হিন্দুবালিকাদের যাতনা দূর কর। তোমার কীর্ন্তি চিরম্মরণীয় হইবে। গঙ্গাসাগরে পুত্রকন্তা ভাসান এবং সতীদাহ নিবারণ করিয়া তোমার পূর্ব্বর্ত্তিগণ বেমন অক্ষরকীর্ত্তি লাভ করিয়াছেন, তুমিও বাল্যবিবাহের বিনাশ সাধন করিয়া চিরস্থায়ী যশে যশস্বী হও; তোমার নাম অবলা বালিকাদের হৃদয়ে অঙ্কিত হইবে। আমাদের দেশে হিন্দুরাজাদের সময়ে সামাজিক নিয়ম রাজা কর্তৃকই বিধিবদ্ধ হইয়াছে। তথন রাজা স্বজা-তীয় এবং স্বীয়ধর্মালম্বী ছিলেন। এখন রাজা ভিন্ন ধর্মাবলম্বী ও ভিন্ন জাতীয় বলিয়া কি প্রজাকুল উৎসন্ন যাইবে ? ভারত যথন স্বাধীন এবং क्रांनात्नारक मीक्षिमान हिन, ज्यन এथारम वानाविवार अथा हिन ना।

তোমাদের অন্প্রহে যথন কিছু জ্ঞানালোক ভারতে পুনঃ প্রদীপ্ত হইয়াছে, অনেক লোক শিক্ষিত হইরাছে, তুমি একবার এই কার্য্যে প্রবৃত্ত

হও। অসংখ্য পৃষ্ঠপোষক পাইবে। ভগবান তোমার সাহায্য করিবেন,
তুমি সফলমনোরথ হইবে; স্বর্গীয় পিতা তোমাকে আশীর্কাদ করিবেন। হিন্দুলাত্গণ! তোমাদের কি এখনও চৈত্ত হয় নাই?
তোমাদের অনেকেরই ত কন্তা আছে। যাহার কন্তা আছে, তাহারই ত
এরপ যাত্না ভোগ করিতে হয়। আমার মত ভুক্তভোগী ভারতে

অসংখ্য। আমি আর কুস্থমকে ইহলোকে ফিরিয়া পাইব না; কিন্তু আমি তোমাদেরই মঙ্গল কামনার তোমাদের নিকট কর্যোড়ে প্রার্থনা করি, এক বার আপন আপন কস্থাগণের দারুণ যাতনার প্রতি দৃষ্টিপাত কর। তাহাদিগকে কঠোর যন্ত্রণা হইতে উদ্ধার কর। কুস্থমের দশা তোমাদের ঘরে ঘরে ঘটিতেছে। বদ্ধপরিকর হইয়া তোমাদের আত্মজাদের ছর্দ্দশা দূর কর। নিজেরা না পার আপন আপন প্রদেশের শাসনকর্ত্তাদিগের নিকট আবেদন কর; তাহারা তোমাদের দেশের মঙ্গল সাধন করিবেন। বঙ্গেশ্বর! একবার বঙ্গের সামাজিক ছর্দ্দশার প্রতি দৃষ্টিপাত কর। তুমি একবার অন্থস্কান করিয়া দেখ, বঙ্গীয় হিন্দুদের গৃহে গৃহে বালিকাদের কুস্থমের দশা ঘটে কি না। তুমি কুপা করিয়া একটুকু অন্থস্কান কর, তবেই জানিতে পারিবে, বাল্যবিবাহে তোমার প্রজাদের কত অনিষ্ঠ সাধন হইতেছে।

সহৃদয় পাঠকগণ! তোমাদের হৃদয় কি দ্রবীভূত ইইবেনা? তোমরা কি দেশের কুপ্রথা নিবারণের চেষ্টা করিবে না? তোমরা চেষ্টা করিয়া বাল্যবিবাহের উচ্ছেদ সাধন করিলে, ভারতের মঙ্গল ইইবে এবং শেকাভূরা কুস্থম-জননী শোক দূর করিয়া শান্তিলাভ করিবে।

পরিশিষ্ট।

আমার স্ত্রী যে দিবস বাটী হইতে হাজারিবাগ পুনঃ আসিয়াছে, সেই দিবস আমার ভাতুপুত্র ভূপতিমোহন আমাকে কতকগুলি কাগজ দেখাইয়া বলিল, এই কাগজগুলি কুস্থম লিখিয়াছিল। আমি বলিলাম, "রাথিয়া দেও।" পরে দিজেন্তের নিকট শুনিতে পাইলাম, কুস্থম "নিশীথ স্বপ্ন" নামক প্রবন্ধ লিখিতেছিল। এই কথা শুনিয়া সেই

কাগজগুলির জন্ম অনেক অনুসন্ধান করিলাম; কিন্তু কিছুতেই তাহা আর পাইলাম না। বাজে কাগজের মধ্যে তাহার হাতের পেন্সিলের লিখিত একথানা কাগজ পাইলাম। সেই কাগজখানা দৃষ্টে বোধ হইল, উহা "নিশীথ-স্বপ্লের একথানা থসরা কাগজ। তাহাতে লিথিয়াছিল, —"সে দিবস আমরা ফিরিয়া আসিলাম; মনে কেবল সেই শোভাই জাগিতে লাগিল; যেন একখানা ছবি। পরদিন অভ্যাদ অনুসারে খুব দকালে উঠিলাম: কি স্থন্দর শোভা! নবোদিত সূর্য্যকিরণ নদীতে পড়িয়া ঝক্ ঝক্ করিতেছে; অসংখ্য বিচীমালা কিরণের সঙ্গে ক্রীড়া করিতেছে। প্রভাত-সমীরণ-সংযোগে স্বরধুনীবক্ষ মৃত্র মৃত্র নৃত্য করিতেছে। উদয়োমুখ প্রাতঃ সূর্য্যের আরক্তিম কিরণমালা ততুপরি বিক্ষিপ্ত হইয়া কি অনুপম শোভার সঞ্চার হইয়াছে। আমি একেবারে মুগ্ধ হইয়া পড়িলাম। আর দেখিতে পর্ব্বতের দিকে দৃষ্টিপাত করিলাম। চাহিয়া চাহিয়া আমার মনে হইল, যেন পর্ব্ব-তের মধ্যদেশে শত শত ইন্দ্রধনুর স্মষ্টি হইয়াছে। শিরোদেশে শ্বেত বরফ রাশির উপর নবোদিত সূর্য্যকিরণ পতিত হওয়াতে সেগুলিও যেন একটি সূর্য্যের স্থায় দেখাইতেছিল। প্রকৃতির শোভার যে এত বৈচিত্র আছে, তাহা আমি পূর্ব্বে জানিতাম না। আজ দেখিয়া দেখিয়া আমার স্রফীর প্রতি"---

ধিজেন্দ্র বলে, "কুস্থম পরিষ্ণার করিয়া লিখিয়া এই প্রবন্ধ তাহার সঙ্গে আবিধারা নিয়ছিল। তাহার স্বর্গারোহণের পাঁচ দিবস পূর্ব্বে আবি-ধারায় আমার সঙ্গে এই সম্বন্ধে সে আলাপ করিয়াছিল।"

বাজে কাগজের মধ্যে অন্থ একথানা কাগজ পাওয়া গিয়াছে। তাহার শিরোভাগে লিখিত, "ইন্দুমতী শৈবালিনী" তাহার নীচে ময়ুয়ের মুখে একটি দর্পের ছবি অঙ্কিত, তাহার নীচে "আমার হৃদয়াকাশের একমাত্র ধ্রবতারা।"

रेन्प्रजी रेनवानिनी

ময়য়ের ছবি তাহার মুখে একটি সূর্প

R. K. R. আমার হৃদয় আকাশের একমাত্র ধ্রবতারা

আর একথানা কাগজে লিখিত আছে, "মাগো স্নেহময়ী, স্নেহময়ী বেশে" এবং "হে জগদীশ্বর অদ্য রজনীতে আমি যখন নিদ্রার জন্ত শন্তন করিব, তখন যদি আমার মৃত্যু হয় তবে"—

৪ঠা মাধ রাসমোহন যশোহর হইতে লিখিয়াছে,—

"যথন কোন স্থান হইতে কুস্থমের সংবাদ পাই না, তথনই ভাবিরা-ছিলাম, কুস্থম বোধ হয় নাই। অন্ত আপনার মর্মভেদী পত্রে সেই উদ্নিদ্ধ দুর হইল। এথন যথার্থ ই কুস্থমের জন্ত আমাদের আর ভাবিতে হইবে না।

কুস্থম এক দিন আমার নিকট আসিয়া বলিল, "চিনি কাকা! আমি এখন আনন্দের বাজারে যাই। সংসার বড়ই শোকড়ঃখের স্থান। বাবা আর মা সর্বাদাই আমার জন্ত চিস্তিত থাকেন। আমার এখন আর সংসার ভাবনা ভাবিতে হইবে না। আমার পিতা ও মাতা ঠাকুরাণী আমার শোকে বড়ই কাতর হইবেন। আমি ভিন্ন ইহাদের বাপ, মা বলিয়া ডাকিবার কেহ নাই। আপনি তাঁহাদিগকে প্রবোধ দিবেন, তাঁহারা বেন আমার জন্ত শোক করেন না। আমি এখন (১৫)

অতি আনন্দে থাকিব। এথানে রোগ শোকের কোন ভর নাই।" এই বলিয়া যেন কুস্থম চলিয়া গেল। ইহার পর আর সেই রাত্রিতে ঘুম হইল না। অদ্য আপনার মর্ম্মভেদী পত্র পাইয়া বুঝিলাম যে, সত্য সত্যই মা আমাদের ছাড়িয়া চলিয়া গিয়াছেন।

দাদা! কুস্থম বলিয়াছে যে, এই সংসার শোকের আবাস স্থান, তাহা কি সত্য নয় ? যথন কুস্থমের অস্থথ হইয়াছে, আমরা তাহার য়ন্ত্রণার লাঘব করিতে পারি নাই। এখন আমাদের কুস্থমের জন্ত আর ভাবিতে হবে না। তাহার ঔষধ ও পথ্যাদির জন্ত আমাদের দৌড়া-দৌড়ি করিতে হবে না। কুস্থমের অস্থথ হইলে, আমাদের দৌড়াদৌড়ি করিতে হয়, রাত্রি জাগিতে হয়, ইহা দেখিয়াই বোধ হয় কুস্থম আমাদিগকে ছাড়িয়া গেল। কৈ আমরা ত রাত্রি জাগিতে কি ঔষধ আনিতে, এক দিনও বিরক্ত হই নাই, তবে মা আমাদের মায়া ত্যাগ করিলেন কেন? কুস্থম পূজায় বাটাতে আদিবে বলিয়া সকলকে বাটীতে আনাইয়াছিল। কিন্তু রাস্তায় আসিয়া আবিধারা যাওয়াই স্থির করিয়াছিল। কামারগাঁও আর তাহার য়াইতে হবেনা বলিয়াই বোধ হয় আর গেল না।

দাদা! আমি আর আপনাকে কি প্রবোধ দিব ? কুস্থম এখন অতি স্থথে আছে। আমরা তাহার জন্ত শোক করিলে তাহার স্থথের লাঘব হইবে। কুস্থম কয়েক বৎসরের জন্ত আপনার ঘরে বাস করিতে আসিয়া ছিল। ১০১৪ বৎসরে তাহার সংসারের কাজ সমাধা করিয়া স্বর্গে চলিয়া গিয়াছে। অপিনার কুস্থমের জন্ত ভাবিবার আর কিছুই নাই।

তরা ফেব্রেয়ারি রঙ্গপুর নর্মাল স্ক্লের হেড্ মাষ্টার বাবু নলিনীকান্ত সাঞ্চাল লিথিয়াছেন।

Your post card has quite overwhelmed me. At first

when I read it I could not believe my senses. But a second and third reading convinced me of the stern reality. Alas your lives have been rendered miserable for the rest of your days. May God in his mercy give you strength to bear the shock. Such an accomplished and lovely creature was not meant for this world.......... আপনার পোঠকার্ড পাঠে আমি সম্পূর্ণ রূপে অভিভূত হইয়াছি। প্রথম বার পাঠ করিয়া আমার ইলিয়গণের প্রতি অবিশাস হইল। কিন্তু বিতীয় এবং তৃতীয়বার পাঠে বুঝিলাম, ঘটনা সত্য। অবশিষ্ট সময়ের জন্ম আপনাদের জীবন হঃখময় হইল। ঈশ্বরের নিক্ট প্রার্থনা করি, তিনি দয়া করিয়া এ আঘাত সহু করিবার শক্তি প্রদান কর্মন। এমন গুণসম্পন্না ও লাবণ্যময়ী প্রাণী ইহজগতের জন্ম নহে।

় ৬ই ফেব্রেয়ারি কলিকাতা হাইকোর্টের জব্ধ শ্রীযুক্ত চক্রমাধব বাবু লিথিয়াছেন—

I need hardly say how grieved we feel on hearing the very mournful intelligence conveyed in your letter of the 1st instant. The death of Kusum must have given you a terrible blow; she having been your only child and such a good and clever child she was. We deeply sympathise with you in your great sorrow. We trust and pray that our Heavenly Father will soon bring to you solace and comfort.

I regret I have not with me any of the verses which your good child composed extempore while she was here. I wish it so much that I had any of them. I shall, however, be so much pleased to read that you have got and which, you say, you are going to publish. Kindly send me a copy of the book when published.....

আপনার বর্ত্তমান মাসের ১লা তারিথের পত্রে লিখিত অতীব শোকজনকসংবাদে যে আমরা কত শোকার্ত্ত হইরাছি, তাহা বলা নিপ্রয়েজন।
কুস্কম আপনাদের একমাত্র সন্তান এবং এমন সচ্চরিত্রা ও গুণসম্পরা
সন্তান; তাহার মৃত্যুতে আপনাদের ভয়ানক আঘাত লাগিয়াছে।
আপনাদের ছরহ শোকে আমরা প্রগাঢ় সহামুভূতি প্রকাশ করিতেছি।
আমরা বিশ্বাস ও প্রার্থনা করি, আমাদের স্বর্গীয় পিতা অবিলম্বে আপনাদিগকে শান্তি প্রদান করিবেন। আপনার সচ্চরিত্রা কন্তা এখানে
আসিয়া যে সকল উপস্থিত কবিতা রচনা করিয়াছিল, তাহার একটিও
আমার নিকট নাই তজ্জ্ম আমার ছংখ হয়। আমার কতই ইচ্ছা হয়
যে, তাহার একটিও যদি আমার নিকট থাকিত। আপনি যে গুলি
পাইয়াছেন এবং মুদ্রিত করিবেন বলেন, সেই গুলি পড়িলে আমি অতীব
সম্ভোরলাভ করিব। মুদ্রিত হইলে অনুগ্রহপূর্ব্বক আমাকে একখানা
পুত্তক দিবেন।

২০শা মাঘ পূৰ্বাবু লিখিয়াছেন—

আপনার নিকট পত্র লিখিতে আর হাত সরে না। কি সংবাদ লিখিব ভাবিয়া আকুল। আপনার প্রাণাপেক্ষা আদরের ধন আমার গৃহলক্ষী করিয়া দিয়াছিলেন; কিন্তু আমি হতভাগা, আমার ভাগ্যে তাহা সহিবে কেন? সে পূর্ণ লক্ষী মা আমার তাই আমাদিগকে ত্যাগ করিয়া গিয়াছেন। আপনাদের কথা ভাবিতে প্রাণ অন্থির হইয়া উঠে। ভগবান্ আপনাদিগকে লক্ষ্যভ্রষ্ট করিলেন। আপনি বৃদ্ধিমান্ ব্যক্তি আপনাকে অধিক লিখা বাহল্য মাত্র। মনে কত আশা ছিল, আপনার স্থায় ব্যক্তিকে আত্মীয় পাইয়া কত স্থী হইয়াছিলাম। ভগবান্ সে স্থথে আমাকে বঞ্চিত করিলেন। এতদিন আপনাকে পত্র লিখিনাই। এ শেল আমাদ্বারা আপনার বৃক্তে দেওয়া সঙ্গত মনে করি নাই বলিয়াই পত্র লিথি নাই। গত রবিবার তারকচন্দ্র বহুকে শ্রীযুক্তা বৈবাহিকা মহাশয়ার সংবাদ জানার জন্ম কামারগ্রাম পাঠাইয়াছিলাম। তাহার বাচনিক অবগত হইলাম, বৈবাহিকা মহাশয়া ও দিজেন্দ্র গত শনিবার হাজারিবাগ রওয়ানা হইয়া গিয়াছেন এবং আপনিও এ সংবাদ জানিতে পারিয়াছেন। শ্রীমান্ যোগেশকেও এসংবাদ পূর্কে দেওয়া হয় নাই। এইক্ষণ বাধ্য হইয়া লিখিতে হইতেছে।

শ্বিরক ঘটনা যাহা ঘটিবার ঘটিরাছে। যাহার যাইবার সে
গিরাছে। আমরা এইক্ষণ কেবল তাহার শোকস্থতি লইরা জীবনের
অবশিষ্ট কাল কাটাইব। যেমন আপনার আদরের ধন ছিল, আমিও
আমার ক্যাপেক্ষা অধিক স্নেহে তাহাকে দেখিরাছি। কি করিব,
ঈশ্বর যাহা করিবেন, লোকের তাহাতে হাত নাই। ভগবান্ আপনাদের মনে শান্তিদান ক্রুন, এইমাত্র প্রার্থনা। আপনার ক্যার
মৃত্যুতে আমি যে প্রকার অশান্তিতে আছি, তাহা আমিই মাত্র জানি।
যাহা হউক যাহা হইবার হইরাছে, আর ফিরিরা পাইব না।

২৩শে মাঘ পূর্ণবাবু লিখিয়াছেন—

• আমি আপনার কন্সার স্থেপজ্বদের জন্ম আমার সাধ্য মত বস্থ চেন্তা করিতে ক্রটি করি নাই। কত আশা করিয়াছিলাম, আমার সকল আশা নাই হইল। আমার স্থেপর সংসারে অশান্তি প্রবেশ করিল। এখানে ডাক্তার কবিরাজ অভাবে বড়ই অশান্তি। কুস্থমের হঠাৎ এমন অবস্থা হইয়া দাঁড়াইল যে স্থানান্তর নেওয়ারও উপায় করিতে পারিলাম না। প্রাদ্ধকার্য্য শ্রীমান্ যোগেশ ভাগল পুরেই সম্পাদন করিবে। মৃত্যু ৮ই মাঘ বৃহস্পতিবার বেলা ২॥ আড়াইটার সময় ক্ষণা দশমী তিথিতে হইয়াছে। কুস্থমের অন্থি গঙ্গাতে দেওয়ার জন্ম রাখি-য়াছি। আমিই মার অস্থি গঙ্গাতে দেওয়ার জন্ম যাইব। ২৬শে ফেব্রয়ারি রঙ্গপুর হইতে তথাকার জজ সাহেবের স্ত্রী শ্রীযুক্তা কামিনী রায় লিথিয়াছেন—

স্নেহের কুস্কম আর ইহলোকে নাই শুনিয়া অত্যন্ত ব্যথিত হইলাম। ফুল ফুটিতে না ফুটিতে ঝড়িয়া পড়িল। বিধাতার বিধান আমরা ব্ঝিতে পারি না।

সস্তান শোক কি, তাহা জানিয়াছি। কুস্থম আপনার একমাত্র ধন। তাহার অকাল মৃত্যুতে আপনি কি বেদনা পাইয়াছেন, তাহা বুঝিতে পারি। আপনার এই হঃসহ শোকে আমার গভীর সহামূভূতি জানিবেন। যাহারা থাকে, ছঃথ কট যাহা কিছু কেবল তাহাদেরই জন্ম। যাহারা যায়, তাহারা রোগ শোক যন্ত্রণার অতীত স্থান লাভ করে। ইহাই আমাদের একমাত্র দাস্থনা। প্রার্থনা করি, বিশ্বজননী আপনার শোকসন্তপ্ত হ্লয়ে শান্তিবর্ধণ করুন।

১৮ই ফেব্রুয়ারি যোগেশ লিখিয়াছে—

··· ·· আপনি জীবনচরিত লিথিতেছেন জানিয়া কথঞ্চিৎ স্থী হইলাম। আমি যাহা কিছু জানি, লিথিতে আক্তা করিয়াছেন। আমি অধিক কিছু জানি না এবং লিথিতেও পারিব না।

আমি যতদ্র জানি, কুস্থমফুলের কত—তেমনি স্থলর, তেমনি পবিত্র ছিল। তরল দৌলব্য তাহাতে ছিল না; কিন্তু স্ত্রীজাতিকে যাহাতে স্থলর করে, তাহা তাহাতে পূর্ণমাত্রায় ছিল। সেই জ্ঞাই বোধ হয় পরম দয়াল ঈশ্বর তাহাকে পৃথিবীর অপবিত্র ধূলিরাশি হইতে আদর করিয়া লইয়া নিয়া নিজমেহময় ক্রোড়ে স্থান দিয়াছেন।

দয়ামায়া প্রভৃতি বঙ্গমহিলার স্বভাবসিদ্ধ গুণ রাশি তাহাতে বিরাজমান ছিল। ভালবাসা তাহার স্বভাব—পরকে আপনার করিতে বোধ হয় তাহার মত কেহ জানিত না। বোধ হইত যেন ভালবাসাই তাহার জীবনের উদ্দেশ্য—ভালবাসিয়াই সে চলিয়াগেল।

আমি তাহাকে কথনও মিথ্যা কথা বলিতে শুনি নাই। বোধ হয় সে মিথ্যা কথা বলিতে জানিত না। সে হয়ত ভাবিত, যাহার কথায় মানুষে বিশ্বাস করিতে পারে না, সে মনুষ্যনামের অযোগ্য।

আপনি লিখিয়াছেন, "তোমরা বোধ হয় তাহাকে ভাল করিয়া চিনিতে পার নাই।" বাস্তবিকই আমরা তাহাকে চিনিতে পারি নাই। মামুষের ধর্মই এই যে অভাব না হইলে জিনিষের মূল্য বুঝে না। একথা যে অক্ষরে অক্ষরে সত্য, তাহা এখন বেশ ব্ঝিতেছি। অধিক লিখিতে পারিতেছিনা। মন বড় থারাপ।

২রা ফাল্পণ কোলা হইতে কুস্থমের বড় মাসীমাতা মনোমোহিনী লিথিয়াছে—

... সংসারে সমস্তই একমাত্র কুস্থম সম্বল ছিল। সে স্বর্গের কুস্থম স্বর্গধামে চলিয়া গিয়াছে। এ পাপতাপ সংসারের যাতনা কি, তাহা কিছুই ভোগ করিল না। আদরের জিনিস আদরেই সংসারের খৈলা শেষ করিয়া গেল ··· ·· আমরাই কুস্থমের জ্ঞান, বৃদ্ধি ও কথা ভূনিতে পারি না, পিতা মাতায় এত গুণ কিপ্রকারে ভূলিতে পারে ?

১०ই ফাব্ধণ মনোমোহিনী লিখিয়াছে—

কুস্ম কেমন স্থী আত্মা; আদরে হাসিয়া থেলিয়া সংসারের থেলা শেষ করিয়া গেল; আর আমরা কত লাঞ্চনা পাইতেছি। এই ত কর্মফল; তবু শিক্ষা হয় না। ঈশ্বরে মন্দীতে পারি না, কেবল কুচিস্তায় কুভাবনায় দিনরাত্রি কাটাই।

১৯শে ফেব্রেয়ারি রাসমোহন আমার স্ত্রীর নিকট লিখিয়াছে—
আপনার নিকট পত্র লিখিব বলিয়া অনেক দিন যাবৎ চেষ্টা

করিতেছি: কিন্তু পারিতেছি না। কি লিখিব, লিখিবার আর কিছু দেখি না। মনুষ্যজাতি নির্বোধ, তাই মন কিছুতেই প্রবোধ মানে না। কুমুমকে যথার্থ আমরা এ জন্মের মত হারাইয়াছি। কিন্তু কুমুম এখন বড়ই স্থথে আছে। সংসারের তুঃথ তাহার আর ভোগ করিতে হবে না। কুস্থম আপনার ঘরে কয়েক বৎসরের জন্ত আসিয়াছিল। যে কয়দিন ছিল, কেবল রোগে কণ্ট পাইয়াছে। এখন আর তাহার রোগ শোকের ভয় নাই। বিবেচনা করিয়া দেখুন এই পৃথিবীতে আসিয়া কে কবে স্থথে কাল কাটাইয়াছে। কুস্থমের জন্ম আপনি শোক করিবেন না। শোক করিলে কুস্থমের স্বর্গস্থথের লাঘব হইবে। আপনার যাহা কর্ত্তর্য, তাহা আপনি করিয়াছেন। এখন যাহাতে সে স্বর্গে স্কথে বাস করিতে পারে, তাহাই জগদীখরের নিকট প্রার্থনা করিবেন। · · · · কুস্থমের সমস্তই অলৌকিক ছিল। বোধ হয় অকালে সে আমাদের মায়া মমতা ত্যাগ করিয়া যাইবে বলিয়াই এত অল্প বয়সে সংসারের নীলা শেষ করিয়াছে। নতুবা কুন্ম শৈবলিনীর অনেক ছোট। সে অল্ল বয়সেই ছুইটি স্স্তানের মা। আমার বোধ হয়, শাপে স্বর্গ হইতে আদিয়া কয়েক বংসরের জন্ম আপনার ঘরে জন্ম গ্রহণ করিয়াছিল। যথন অভিমন্থা বোল বৎসরের সময় প্রাণ ত্যাগ করে, তথন অর্জুন তাহার শোকে অশ্বির হইলে, স্বয়ং ঐক্নিষ্ণ অর্জ্জ্নকে কি বলিয়া প্রবোধ দিয়াছিলেন, তাহা আপনি জানেন। কুস্থমের আচারব্যবহার এবং ৰুদ্ধি যে প্ৰকার ছিল, তাহাতে আমার বোধ হয় কুম্বম শাপগ্ৰস্ত হইয়াই মানব-দেহ ধারণ করিয়া আপনার ঘরে জন্ম গ্রহণ করিয়াছিল। কোন্ অল্পবয়স্কা বালকবালিকাকে বলিবামাত্রেই শ্লোকরচনা করিতে দেখিয়াছেন ? রোগশোকে সংসার পরিপূর্ণ দেখিয়াই কুস্থম আমাদিগকে ছাড়িয়া চলিয়া গিয়াছে। ছোড়দাদা বোধ হয় জানিতেন যে, কুস্থম

অনেক দিন বাঁচিবে না। তাই কুস্থমের বিবাহ এত সাধ করিয়া দিয়াছেন। নতুবা বাই থেমটা ত আমাদের বংশে আর কোন মেয়ের বিবাহে আইনে নাই। কুস্থমের বিবাহে আমরা সমস্ত সাধই পুরাইয়াছি। পিতা মাতার যে কর্ত্তব্য কাজ, তাহা আপনারা যথাসাধ্য করিয়াছেন। মনের সাধ সমস্ত প্রকারেই পূরণ করিয়াছি। সংপাত্রে দান, বড় ঘর ইত্যাদি সমস্তই দেখিয়া দিয়াছিলাম। কুস্থম ত আপনার ঘরে কিংবা আমি-গৃহে কোন প্রকার কন্ত পায় নাই। যাহারা সন্তানকে মনের সাধ মিটাইয়া খাওয়াইতে না পারে, অথবা উপযুক্ত পাত্রে কন্তাদান না করিতে পারে, তাহাদেরই মনে চিরকাল কন্ত থাকে। কিন্তু কুস্থমকে কোন প্রকারেই আপনি কন্ত দেন নাই। কুস্থম এখন আপনার কাছে নাই বটে, কিন্তু যিনি সকলের স্পষ্টকর্ত্তা তাঁহার কোলে এখন আছে। এখন আমাদের আরে তার জন্ত ভাবিবার কিছুই নাই। ... কুস্থম কে এবং কি ছিল, দাদার পুস্তক ছাপা হইলে জানিতে পারিব। কুস্থমের কার্য্যকলাপ দেখিয়া পূর্ব্ধ হইতেই আমার কিছু বিধা ছিল যে কুস্থম অধিক দিন বাঁচিবে না।

• ইহার পর আর একদিন রাসমোহন লিথিয়াছে-

আপনার পত্র পাইয়া বিস্তারিত অবগত হইলাম। লিখিতে বসিলেই চক্ষের জলে পত্র ভিজিয়া যায়। মা আমাদের যে এত শীঘ্র ছাড়িয়া স্বর্গে যাইবে, তাহা আমরা স্বপ্নেও ভাবি নাই। শৈবালিনী লিখিয়াছে যে, কুস্থমের সহিত তাহার যে প্রকার ভালবাসা ছিল, তাহার মায়ের গেটের ভাইভয়ীর সহিতও সেই প্রকার ভালবাসা নাই। আর কুস্থমের পত্রগুলি যথন সে খুলিয়া পড়ে, তথন তাহার চক্ষের জলে বৃক্ ভাসিয়া যায় এবং ছোড় দাদা যে পূজার সময় তাহাকে বাড়ীতে নেন নাই, সেই জন্ম বড়ই হৃঃথিতা হইয়াছে। কুস্থমের জন্ম সকলেই শোক

করিতেছে। কুস্থমের নিকট পিতা, মাতা, খুড়া, খুড়ী, জ্যেঠা, জ্যেঠা এমন কি আপন পর সকলই সমান ছিল। আপনি যদি কাহারো উপর রাগ করিয়াছেন, কুস্কম তথনই আপনাকে মন্দ ব্লিয়াছে। কুস্কমের বৃদ্ধি ও বিবেচনা যে প্রকার ছিল, তাহাতে এপ্রকার মেয়ে আমাদের পাপ গৃহে থাকিবে কেন ? মা লক্ষ্মী আমাদের অধিক দিন বাঁচিবে না, ইহা দাদা জানিয়াছিলেন। সেই জন্ম তিনি মনের আকাজ্জা পূর্ণ করিয়া কুস্লমের বিবাহে এত আমোদ করিয়াছিলেন। কুস্থমের মত রত্ব হারাইয়া আপনারাও শীঘ্র প্রাণ হারাইবেন। আপনার ও দাদার क्रमरा य रमन विक्र श्रेशार्फ, रमरे रमनरे आपनारमत कान, जाश আমি বেশ বুঝি। কুস্থমের শোক সহু করা অতি কঠিন ব্যাপার, তাহাও আমি বুঝি। দাদার শরীর নিতান্ত থারাপ, তাহার কারণও সেই শেল। আমরা কুমুমকে একা হারাই নাই। তাহার পিতা মাতাকেও আমরা অকালে হারাইব। আপনারা মণি হারাইয়াছেন প্রাণের পাথী উড়ে গেছে; শৃত্য থাচা পড়ে আছে। তাই এত ভয়, কথন কি হয়। ... কুস্থম গত সনই আমাদের মায়া ত্যাগ করিত; কিন্তু ছোড় দাদা সম্মুখে ছিলেন, তাই প্রাণ ছিল।

২> ফেব্রয়ারি রাসমোহন লিখিয়াছে—

I shall be very glad to read the life of Kusum written by you and to learn therefrom who Kusum was and where she came from. I always marked from her childhood that Kusum was not an ordinary being. Her amiable character, her presence of mind, and specially her ability in filling up rhyming verses then and there always reminded me that she was not an ordinary being.

আপনি কুস্কমের জীবন চরিত লিখিলে তাহা পাঠ করিয়া এবং

কুস্থম কে ছিল ও কোণা হইতে আদিয়াছিল, তাহা জীবনচরিত পাঠে জানিয়া আমি অত্যন্ত আনন্দিত হইব। কুস্থমের শৈশব হইতে আমি লক্ষ্য করিয়াছিলাম যে, সে সামান্যা মানবী ছিল না। মনোহরস্বভাব, প্রত্যুৎপন্নমতিত্ব, বিশেষতঃ তাহার উপস্থিত মত কবিতার পাদপূরণ ক্ষমতা দেখিয়া আমার মনে সন্দেহ হইয়াছিল যে, সে সামান্ত প্রাণী নহে।

২৪শে ফেব্রেয়ারি ভাগলপুর জিলাস্কুলের একজন শিক্ষক সতীশবাবু লিখিয়াছেন—

We have been extremely sorry to receive the sad news of the untimely death of your dear daughter. The news shocked my wife so much that she was about to fall when she was cooking. We regret her loss the more as she did not live long to do justice to her natural gifts.

আপনার প্রিয়কন্যার অকাল মৃত্যুতে আমরা অত্যন্ত ছংথিত হইয়াছি। এই সংবাদ আমার পরিবারকে এত আঘাত দিয়াছিল যে, পাক করিবার সময় তাহার পতিত হইবার উপক্রম হইয়াছিল। তাহার মৃত্যুতে আমাদের অধিক আক্ষেপের কারণ এই যে, তাহার স্বাভাবিক শক্তিগুলির বিকাশ করিতে সে সময় পাইল না।

পূর্ণবাবু ২৩শে ফেব্রেয়ারি লিখিয়াছেন—

আমি শারীরিক, মানসিক ও বৈষয়িক নানাপ্রকার বিপদে জড়িত।

------ ভগধান আমাকে বড় অশান্তিতে রাথিয়াছেন। আপনার লিথিত
মত কুস্থমের হস্ত-লিথিত গানের পুস্তক খানা অন্ত বৃক্পোষ্টে পাঠাইলাম; প্রাপ্তি সংবাদে বাধিত করিবেন। কুস্থমের ফটো আপনার
নিক্ট আছে কি না জনি না, যদি থাকে, অন্ত্র্গ্রহ পূর্ব্বক একখানা
আমাকে পাঠাইয়া দিলে বাধিত হইব।

৭ই মার্চ্চ পূর্ণবাবু লিখিয়াছেন—

আপনার পত্র পাইয়াছি। অনেক অনুসন্ধানে কুস্থমের হস্তলিথিত পদ্য যাহা কিছু পাইলাম, তাহা অদ্য বুকপোষ্টে আপনার নিকট পাঠাইলাম। আর তাহার হস্ত-লিথিত পদ্য বা গদ্য কোন প্রবন্ধ নাই। আমি কি লিথিব ? কুস্থমের সঙ্গে সঙ্গে আমার এ জীবনের শাস্তিস্থ গিয়াছে। এ জীবনে আমি আর কোন আশা ভরসা রাখি না। আমার ভোগ শেষ না হইলে, প্রাণ বিয়োগ হইবে না জানি, যে কয়দিন বাঁচিয়া থাকা, কেবল অশাস্তিতেই কাটাইব। ভগবান্ আমাকে বড়ই বিপদে ফেলিয়াছেন। নানাপ্রকার পারিবারিক, বৈষয়িক ও শারীরিক অশাস্তিতে কাল কাটাইতেছি। আমার সে দিন আর নাই, হইবেও না।

> १ का इत क न न निथिया एक ---

আমাদের শ্রীমতী ধর্মোণার্জিত অশোচ্য দশা প্রাপ্ত হইয়াছে। তবে
কেন মা আমরা বুথা শোক করি ? যাহাতে তথায় উপস্থিত হইতে
পারি, বেলাবেলি তাহার পথ দেখি। তবে মা! এ কট্ট সঙ্গে থাকিবে
যে, অন্তিম কালে মনের সাথে শ্রীমতীকে একবার দেখিতে পারিলাম না। আর কি বলিব মা! বলিতে হৃদয় বিদীর্ণ হয় য়ে, অন্তিম
কালে একবার মনের সাথে শ্রীমতীকে চিকিৎসা করাইয়া শ্রীমতীর
শুশ্রবা করিয়া দেখিতে পারিলাম না। … … …

২৮শে ফেব্রয়ারি রঙ্গপুর জিলা স্কুলের হেড্মাষ্টার শ্রীযুত বাবু অঘোরনাথ ঘোষ লিথিয়াছেন—

......The sad bereavement, I should say the saddest bereavement of your only daughter, has inflicted a deep blow not only to my heart but to the heart of all your friends at Rangpur. The teachers of the school, who were acquainted with you, breathed a very deep sigh at the breaking of the sad news, and all of us prayed that Almighty Father might give you sufficient strength to bear up with fortitude the bereavement of your only daugnter—a daughter whom any man might have been proud of -- so meek, so lovely. so intelligent, so kind. I shed tears, and I cannot help shedding tears now at the recollection of her. When I was suffering from tooth-ache and the pain was so acute that I became restless and could not sit quiet and teach my boys, some how or other news of my restlessness caught her notice, she sent me at once a healing balm which acted like a magic on the acute pain,-all on a sudden it extenguished, as it were, a blazing fire.

It speaks volumes of the tenderness and sympathy of a girl of 12 years—for she was not more than twelve vears then—to send me the proper medicine although I did not ask for it. Whenever the teachers of your school sent the mali for fetching পান and তামাক from your house she ungrudgingly supplied them even when she was bed-ridden. She was a born poet, the effusion of her poetic genius has attracted the admiration of the most accomplished scholars. Whenever amongst us poetic genius becomes the subject of our conversation, the name of কুমুম shines brilliant in it. O কুমুম where are you now? you were a pride not to your parents only-but to our community. But brother, do not weep. Have strength to bear it up. Always turn your thought to the expression-Man proposes and God disposes. We mortal beings have nothing left to us except that it is not for us to understand the ways of God. We all perceive that this cruel blow—the cruelest of all that may befall a man in this vale of tears. will go deeper and deeper in the heart of you and your wife, vet I offer my heart-felt condolence to you and vour wife.

আপনার একমাত্র কন্তার শোচনীয়তম বিয়োগে যে কেবল আমার হৃদয়ে প্রগাঢ় আঘাত লাগিয়াছে এমত নহে, রঙ্গপুরে আপনার যে সকল বন্ধু আছেন, সকলের হৃদয়েই প্রবল আঘাত লাগিয়াছে। স্কুলের যে সকল শিক্ষকের সহিত আপনার পরিচয় ছিল, এই নিদারুণ সংবাদ শ্রবণে তাঁহারা সকলেই দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়াছেন এবং আমরা সকলেই প্রার্থনা করিয়াছি, সর্বশক্তিমান পিতা যেন আপনার একমাত্র

কন্তার বিয়োগ সহ্য করিতে শক্তি প্রদান করেন। কন্তা এমন স্থশীলা, এমন লাবণ্যমন্ত্রী, এমন বুদ্ধিমতী, এমন দ্য়ালু বে, বে ফোন লোক কেন না হৌক দে ই এমন কন্তাকে গৌরবের কারণ মনে করিত। আমি অশু বিসর্জন করিয়াছি এবং এখনও তাহার কথা স্মরণ করিয়া অশু বিদর্জন না করিয়া থাকিতে পারি না। যথন আমি দন্তশূলের যাতনা ভোগ করিতেছিলাম এবং দে শূল এতই কঠোর ছিল যে, আমি অধীর হইয়া পড়িলাম, স্বস্থির ভাবে বসিতে পারিলাম না এবং বালকদিগকে পডাইতে পারিলাম না: কি প্রকারে যেন সে আমার অন্তিরতার সংবাদ পাইয়া তৎক্ষণাৎ আমার জন্ত বেদনা নাশক একটা ঔবধ পাঠাইয়াছিল। সে ঔষধ আমার দারুণ বেদনায় যাত্রমন্ত্রের ভায় কাজ করিল-হঠাৎ বেন জলম্ভ অগ্নি নির্কাপিত হইল। তথন তাহার বয়স বারবংসরের অধিক হইবেনা এবং আমিও ঔষধ চাই নাই, এই অবস্থায় আমার জন্ম ঠিক ঔষধটি প্রেরণে তাহার হৃদয়ের কোমলত্ব ও সহাত্মভৃতি বহুল পরিমাণে প্রকাশিত হইয়াছে। যথন আপনার স্কুলের শিক্ষকগণ আপনার গৃহ হইতে পান তামাক আনিবার জন্ম মানীকে পাঠাইয়াছেন, দে শ্বাশাগ্রিনী থাকিলেও অমানবদনে তাহা দিয়াছে। দে কবি হই-য়াই জন্মগ্রহণ করিয়াছিল। স্থদক বিদ্বানগণও তাহার কবিতার প্রশংসা করিয়াছেন। আমাদের মধ্যে যথন কবিত্ব শক্তির বিষয় আলোচিত হয়, কুস্কমের নাম তথন উজ্জলভাবে দীপ্তিমান। হা কুস্কম! তুমি এখন কোথার? তুমি যে কেবল তোমার পিতা মাতার গৌরব ছিলে, এমন নহে, তুমি আমাদের সমাজের গৌরব ছিলে। যদিও কুল্প-মের নাম করিতে আমি চক্ষের জল নিবারণ করিতে পারিতেছি না. কিন্তু ভ্রাতঃ তুমি শোক করিওনা, ভ্রাতঃ তুমি অশ্রু বিসর্জ্জন করিওনা। ইহা সহা করিতে শক্ত হও। মহুষ্যে কল্পনা করে, ঈশ্বর বিধান করেন, এই বাক্য শ্বরণ কর। আমরা মরণশীল মন্থ্য; আমাদের ইহা বাতীত আর কিছুই নাই। বিধাতার বিধান আমরা বৃঝিতে পারি না। আমরা সকলেই বৃঝিতে পারি যে, এই নিদারুণতম আঘাত, এই শোক পূর্ণধরণী-মাঝারে ক্রমশঃ আপনার ও আপনার গৃহিণীর হৃদয়ে গভীর প্রবেশ সাধন করিবে; তথাপি আপনাকেও আপনার স্ত্রীকে সহানুভূতি প্রদান করিতেছি।

১৭ই ফাল্পণ কুস্কমের ছোট মাদীমাতা বিন্দুবাদিনী লিখিয়াছে—

আপনি এত আরাধনা করিয়া এমন রত্ন পাইয়াও এত শীঘ্র হারাইলেন, ইহা মনে হইলে বুক ফাটিয়া যায়। সেই মধুর হাসিমুথথানি,
সেই মধুর কথা, মধুর মাসীমা ডাক কোথায় শুনিব ?……এখন সর্বাদা
সেই দেবী মাতা, স্বেহের মাতা কুস্কুম সর্বাদা চক্ষের উপর ভাসিয়া মন
কাঁদাইতেছে।

৪ঠা মার্চ্চ পাবনা ছবজজকোর্টের পেদ্কার জ্যোতীক্রকুমার রায় বিৰিয়াছে—

.....Kusum's sweet at the same time significant words still ring in my ears. Her tender and intelligent image is still fresh in my mental view. But alas she is no longer on this earth to sweeten by her loving presence the small circle of her old parents.

কু স্থানের মধুর এবং জ্ঞানবিকাশক কথাগুলি এখনও আমার কর্ণে বাজিতেছে। তাহার কোমল এবং প্রতিভাশালী মূর্ত্তি এখনও আমার মানসপটে দেদীপামান। কিন্তু আহা! সে আর ইহলোকে নাই। তাহার বৃদ্ধ পিতা মাতা তাহার প্রিয়দর্শন স্থথ হইতে বঞ্চিত হইরাছে।

ভূপতি লিথিরাছে—
তথা হি পতিতং রামং জগত্যাং জগতীপতিম্।
কূলপাতপরিশ্রান্তং প্রস্থাধিব কুঞ্জরম্॥ ৪৯

ভাতরত্তে মহেশাসং সর্বতঃ শোক কর্ষিতম্। ক্লন্তঃ সহ বৈদেহাা সিষিচঃ সলিলেন বৈ॥ ৫০

উপরোক্ত শ্লোক ছইটি ব্ঝিবার জন্ম এক দিন সন্ধ্যার পরে যোগেশ বাব্র নিকট ধাই। তিনি আমাকে ব্রাইয়া দেন। কিন্তু ছুর্ভাগ্য বশতঃ ব্ঝিতে না পারিয়া নিজের চেয়ারে বসিয়া ভাবিতে থাকি। এমন সময় কুস্থম নিকটবর্ত্তী টেবিলের উপরে আসিয়া বসিল ও আমাকে বলিল, "দাদা! কি করিতেছেন ?" আমি বলিলাম, "এই শ্লোক ছইটি কিছুতেই ব্ঝিতে পারিলাম না।" সে আমাকে এম্নি ভাবে ব্ঝাইয়া দিয়াছে যে, আমি জীবনেও কথন ভূলিতে পারিব না।

> ভবন্ধবিধবা ভূমিঃ ব্য়া পত্যা সমন্বিতা। শশিনা বিমলেনৈব শার্দী রন্ধনী যথা॥ ২৬

উপরোক্ত শ্লোকটি ভালরপ ব্বিতে না পারিয়া কুস্থনকে বলিলাম, "কুস্থম তুমি ত অসংখ্য পুস্তক পড়িয়াছ; আমাকে এই শ্লোকটি ব্বিয়ে দেও।" সে আমাকে অতি স্থানর রূপে ব্যাখ্যা করিয়া দের।

এই শ্লোকটি বুঝাইবার পর আমি কখনও ইহা পড়ি নাই। পরীক্ষার পূর্বে আমার মন অত্যন্ত থারাপ ছিল; কারণ আমি রামায়ণ ভাল করিয়া পড়ি নাই। পরীক্ষা গৃহে গিয়া দেখি সৌভাগাক্রমে ঐ শ্লোকটিই পড়িয়াছে। আমি অতি উত্তম রূপে এই শ্লোকটির ব্যাথ্যা করিয়াছি। কুস্কম বোধ হয় ব্ঝিতে পারিয়াছিল যে, এই শ্লোকটি আমার পরীক্ষায় থাকিবে; সেই জন্মই আমাকে স্কাকরপে বুঝাইয়া দিয়াছিল। কুস্কম! আজ যদি তুমি জীবিত থাকিতে, তা হ'লে কতই আনল প্রকাশ করিতে।

১লা মার্চ্চ তারিথে হাজারিবাগ-বঙ্গবালিকা-বিদ্যালয়ের শিক্ষয়িত্রী শ্রীমতী চঞ্চলা নিমোগী লিথিয়াছেন।

শ্রদ্ধাম্পদেযু---

আপনার একমাত্র সন্তান এবং আমাদের অতিপ্রিয় শ্রীমতী কুস্কম কামিনীর অসময়ে অকস্মাৎ পরলোক গমনের সংবাদ আমাদের প্রাণকে যে কিরূপ আহত করিয়াছে, তাহা লিখিয়া প্রকাশ করা অসম্ভব। এত অল্প বন্ধনে যে, সে আমাদিগকে পরিত্যাগ করিয়া যাইবে, তাহা স্বপ্নেও ভাবি নাই। কিন্তু বিধাতার অনতিক্রমনীয় ব্যবস্থার অধীন হইয়া সেই স্বর্গের কুস্কম পৃথিবীর বাগানে অল্পদিনের জন্য ফুটিয়াছিল এবং নিজ চরিত্রদৌরতে সকলকে মুগ্ধ করিয়া সেই স্বর্গের কুস্কম পৃথিবীর বাগান পরিত্যাগ করিয়া সেথানে গিয়া ফুটিয়াছে।

আমি শোকসন্তথহনয়ে সেই জীবনের ত্ই একটি কথা সংক্ষেপে লিপিবদ্ধ করিয়া পাঠাইতেছি। কুস্থমের জীবন অভি পবিত্র ছিল। কুস্থমের জীবনের সেই ত্ই এক বংসর আমার সঙ্গে যাহা জানা শুনা হইয়াছিল, তাহারই সম্বন্ধে কিছু লিথিবার মনস্থ করিয়াছি।

প্রথম যথন কুস্থমকে দেখি, তথনই তাঁহার স্থমিট জীবন আমার প্রাণকে আরুষ্ট করিয়াছিল। প্রথম পরিচরে আমি জানিতাম না যে, দে আমার অতি নিকট আত্মীয়া; তথাপি আমি তাহাকে অত্যন্ত ভাগবাসিতাম এবং দেও আমাকে আন্তরিক শ্রদ্ধা ভক্তি করিত। ক্রমে ক্রমে তাহার সহিত যে সম্পর্ক, জানিতে পারিলাম এবং সর্বাদা সে আমাদের বাড়ীতে আসিবার খুব ইচ্ছা প্রকাশ করিত। এইরূপে মধ্যে মধ্যে আমাদের সঙ্গে উপাসনাদিতে যোগ দেওয়াতে আরও বিশেষরূপে সম্বন্ধ ঘনিট হইয়াছিল। ব্রাহ্মধর্ম্মে তাহার গভীর অন্থরাগ ছিল, তাহা আমি ব্রিতে পারিয়াছিলাম; কিন্তু সে স্পষ্ট করিয়া কথনও আমাকে কিছু বলে নাই। কয়েক দিন পরে এমন একটি ঘটনা ঘটিল, তাহাতেই তাহার মনের ভাব বাক্ত হইল।

একদিন কুস্থম আমাদের বাড়ীতে বেড়াইতে আইসে। সেই দিনই আর একটি হিন্দুস্থানী ভদ্রমহিলাও বেড়াইতে আইসেন। অনেক কথাবার্ত্তার পর সেই হিন্দুস্থানী মহিলাটি আমায় বলেন, "আপনাদের ধর্মের সকল ভাল; আপনারা ব্রাহ্মণকে মানেন না, সেইটা কেমন কেমন লাগে।" আমি এ বিষয়ে তর্ক যুক্তি দিয়ে তাঁহাকে বেশী বুঝাইতে ইচ্ছা বা চেষ্টা করি নাই; কিন্তু কুস্থম তাহার উত্তর সেই মহিলাটিকে বলিলেন, "এক ঈশ্বরই আমাদের পূজনীয়; তাঁর সম্মান যিনি করেন, তিনিই সকলের সম্মাননীয়।" এইরূপ কয়েকটি যুক্তি ছারা এমন স্থলর স্থামিষ্ট ভাষায় তাঁহাকে বুঝাইলেন যে, তিনি প্রত্যুত্তরে আর কিছুই বলিতে পারিলেন না।

জাবনে ব্রাহ্মধর্ম-সাধন কির্মণে করিলে অন্তর্নিহিত সদ্গুণের বিকাশ হয়, দেই সম্বন্ধে আমায় সময়ে সময়ে সে প্রশ্ন করিত এবং আমাদের বইয়ের আলমারী হইতে ঐ সম্বন্ধের অনেক বই পড়িয়াছিল। জীবনে যে সকল সদ্গুণ ছিল, তাহা প্রকাশ করিবার অভ্যাস তাহার একেবারেই ছিল না, বেশী কথা বলার অভ্যাস কথনও তাহার ছিল না; কিন্তু ভাবে ও ব্যবহারে ভিতরের জ্যোতি প্রকাশ হইত এবং সেই পবিত্র জ্যোতিই আমাকে মুগ্ধ করিয়াছিল।

ছোট ছোট ছেলে মেয়েদের প্রতি তাহার মৌথিক ভালবাদা ছিল না; যথার্থ প্রাণ দিয়াই ভাল বাদিত। তাহা তাহার পরলোক গমনের পর আরও ভাল করিয়া বুঝিলাম।

ইহলোক পরিত্যাগের চারিমাস পূর্ব্বে কুস্থম যথন শশুরালয়ে যান যাইবার পূর্ব্ব দিন আমার জ্যেষ্ঠ কন্যাকে আমাদের বাটী হইতে লইয়া গিয়া নিজের নিকট রাথিয়াছিল এবং সে পৃথিবীতে যে, বেশী দিন থাকিবে না, তাহাও তাহার নিকট বলিয়াছিল। আমার ছোট মেয়ে চার বৎসরের মাত্র। কুস্থমের মা কাঁদিতেছিলেন, তাহা দেখিয়া সেও উচৈস্বরে কাঁদিয়া উঠিল এবং বাটী আসিয়া আমাকে বলিল, "মা! কুস্থম দিদি কি আর আসিবেন না? তিনি আমাদের বড়ই ভাল বাসিতেন; বাগান থেকে কত ফুল তুলে আমাদের দিতেন।" ইত্যাদি তাহার সম্বন্ধে অনেক কথা জিজ্ঞাসা করিল। এত ছোট চার বৎসরের শিশু তাহার ভালবাসাতে কিরূপ মুগ্ধ হইয়াছিল। অকৃত্রিম ভালবাসাতে কেমন করিয়া মুগ্ধ করিতে হয়, কুস্থমের জীবন তাহার জলস্ত দৃষ্টাস্ত।

কুষ্ম আপনাদের একমাত্র সন্তান ছিল; তাহার গমনে আপনাদের গৃহ চিরশোকান্ধকারে আচ্ছন্ন হইরাছে। সকলের মোহমায়ার পাশ ছিন্ন করিয়া তাহার মহাপ্রস্থানে আপনাদের জীবনের যে স্থান শৃত্য হইয়াছে, পৃথিবীতে এমন কিছুই নাই যে, দেই শৃত্য স্থান পূর্ণ করিতে পারে। যিনি শোকের আগুণ জ্ঞালিয়াছেন, তিনি ভিন্ন আর কেহই উহা নির্বাণ করিতে পারিবে না। তাই অক্রপূর্ণ নয়নে তাঁহারই দিকে তাকান ভিন্ন আমাদের আর অক্ত উপায় নাই। কুষ্মমের জীবন ধর্ম্মপ্রাণ ছিল। স্মতরাং সে এই রোগ ছংখশোকপূর্ণ পৃথিবী পরিত্যাগ করিয়া এখন সেই বিশ্বাসীদিগের চিরবিশ্রামন্থান অনস্তশান্তি ও আনন্দ লোকে বাস করিতেছে এবং আমাদের জন্য পরম জননীর গৃহে স্থান প্রস্তুত্ত করিতেছে, ইহাই আমাদের বিশ্বাস। এখন আমরা শোকাক্র্মুছিয়া ফেলিয়া, কুষ্মমের স্থানর জীবনের অনুকরণ করিয়া দেই লোকের জন্য প্রস্তুত্ত হই এবং স্বর্গবাসিনী সেই কুষ্মমের দিকে লক্ষ্য করিয়া বিশ্বাসপূর্ণ প্রাণে বলি—

যাও রে অনস্ত ধামে, মোহমায়া পাশরি, তৃঃথ আঁ ধার যেথা কিছুই নাহি। জরা নাহি মরণ নাহি, শোক নাহি, যে লোকে, কেবলই আনন্দ-স্রোত চলিছে প্রবাহি।

যাও রে অনস্ত ধামে, অমৃত নিকেতনে, অমরগণে লইবে তোমার উদার প্রাণে।

দেবঋষি রাজঋষি, ব্রহ্মঋষি যে লোকে, ধ্যানভরে গান করে একতানে।

যাও রে অনন্তধামে, জ্যোতির্মন্ন আলন্তে, শুত্র দেই চির বিমল পুণ্য কিরণে।

্ যায় যথা দানত্রত, স্ত্যত্রত পুণ্যবান্, যাও বংসে, যাও সেই দেব-সদনে।

৯ই মার্চ্চ ভূতপূর্ব্ব পুলিষ ইন্ম্পেক্টর বাবু গিরীক্রচন্দ্র বস্তব স্ত্রী লিখি-য়াছেন—

……মা তুমি আমার যাহা লিখিতে অমুরোধ করেছ, আমি কি সে
মধুর জীবন লিখিতে সক্ষম হইব ? আমার থে কোন বিষয় লেখা
অভ্যাস নাই, তাহা তুমি জান। যাহার নাম করিতেও মুখ মনে করিতে
ধনর বিদীর্ণ হয়, যাহার কথা ভাবিতে চক্ষের জলে বুক ভাসে, তাহার
কথা আমি কি লিখিব ? যখন ভাবি, সেই স্নেহের ধনকে এ পৃথিবী
হইতে হারায়ে তার মা ও বাবা কি ভাবে দিন কাটাইতেছেন, তখন মনে
হয়, সেই ব্যথিতস্থানে আর ঔষধ দিবার পৃথিবীতে কেহ নাই। দয়াময়
দেবতা তাঁদের শোকসম্ভপ্তছদয়ে শান্তিবিধান করুন ও তিনিই তাঁদের
শৃক্তমানকে পূর্ণ করুন। তাঁরই কি মঙ্গল অভিপ্রায় আছে, তিনিই জানেন,
তাহা আমাদের বৃদ্ধির ভিতরে প্রবেশ করিতে পারে না। কুস্কম স্বর্গের
কুস্কম বলিয়া এখন যথার্থ বৃঝিতেছি। ছদিনের জন্য আপনার স্কুগদ্ধ
ছড়ায়ে পৃথিবী হইতে যেখানকার কুস্কম সেইখানেই শোভিত হইলেন।

কুম্ম-জীবনের মুন্দর ভাব আমার মত লোকে কথন লিখিয়া প্রকাশ করিতে পারে না। তবে সাধবী কুস্থমের স্থন্দর ব্যবহারে অনেক সময় যে আমাদিগকে মোহিত করেছে, তাই ছটা কথা তোমা-দের কাছে বলি। প্রিয়দর্শন কুম্বম নিজগুণে সকলের স্লেহ আকর্ষণ করিতে পারিতেন। তাঁহাকে যিনি একবার দেখিয়াছেন ও আলাপ করিয়াছেন, তিনিই তাঁহার মধুর ব্যবহারে মুগ্ধ ও আরুষ্ঠ হইয়াছেন। কুস্থম অত্যন্ত সরল এবং শান্ত প্রকৃতির মেয়ে ছিলেন। তিনি যাহা ভাল কাজ বলিয়া বুঝিতেন, তাহা নিজে করিবার ও শিথিবার জন্ম অত্যন্ত যত্ন করিতেন। ব্রহ্মসঙ্গীত শিথিবার জন্ম তাঁর কত যত্ন ছিল। আমি ভাল গান করিতে পারি না, তবু আমার নিকট গান শুনিতে কত যে ভাল বাসিতেন, তাহা যেন আমি এখন দেখিতেছি। পূর্ব্বে তিনি কখন প্রার্থনা করেন নাই। কিন্তু যথন তাঁর মেশো মহাশয়ের নিকট শুনিলেন যে, ঈশ্বরের নিকট মানুষের আত্মার অভাবের কথা জানান উচিত এবং সরল বিশ্বাদে যথন বুঝিলেন যে, মান্তবের অভাব ভগবান ভিন্ন কেহ পূরণ করিতে পারেনা, সেই দিন হইতে কুস্কম প্রত্যহ প্রাতে প্রার্থনা করিতেন। ধর্ম্মের প্রতি তাঁর একটা টান আমরা হৃদয়ঙ্গম করেছি। প্রতি শনিবারে সঙ্গতে আসিতেন ও যে দিন যে সকল বিষয়ের কথা হইত, সেই সকল কথা পুনরায় বাটী গিয়ে ভাল করে আমায় জিজ্ঞানা করিয়া লইতেন, ও যে দিন সঙ্গতে কোন কারণে যদি যাইতে না পারিতেন, তবে দে জন্ত অত্যন্ত প্রাণে কষ্ট অনুভব করি-তেন এবং সঙ্গতে কি বিষয় আলোচনা হইল, তাহা জিজ্ঞাসা করিয়া লইতেন এবং সেই সকল কথা ব্যায়া যাহাতে সেইরূপ মেয়ে হইতে পারেন, তাহার চেষ্টা করিতেন। তিনি বড় পিতৃভক্ত কন্সা ছিলেন। একটা ঘটনায় তাহা প্রকাশ পাইয়াছে। এক দিন আমি জিজ্ঞাসা করিলাম যে, তোমার মাটির ঠাকুরকে কি করিয়া ঈশ্বর বলিতে ইচ্ছা হয়? সেই কথায় আমায় সরলভাবে উত্তর দিলেন। আমাকে বুঝাইলেন যে আমরা যে মাটির দেবতাকে ঈশ্বর বলি তাহা নয়, তবে বাবা বলিয়া দিয়াছেন, ঐ মাটির মূর্ত্তিতে ঈশ্বরকে আহ্বান করি।……এইরূপ কত সময় কত কথা স্নেহের কুস্থম সরলভাবে বলিতেন, তাহা তথন আমি অম্নি শুনিয়া গিয়াছি। কিন্তু তাহার ভিতর যে কুস্থমজীবনের বীজ ছড়ান হইত, তাহা ভাবি নাই। সেই জন্ত সকল কথা য়য়ণ নাই এবং তথন সে সকল কথার মূল্য বুঝি নাই। বাদ্ধসমাজের রীতি নীতি তাঁর বড় ভাল লাগিত। সেই রীতির অনুসরণ করিতে বড়ই ভাল বাসিতেন।

শিল্পকাজে তাঁহার অত্যন্ত অনুরাগ ছিল। গৃহস্থালী কাজ করিতে বড়ই ভালবাসিতেন। প্রায় আমার নিকটে নানা রকম কাজ করিয়া তাহা শিথিতেন। ভাল মেয়ে হই, ইহা তাঁর আন্তরিক প্রবল ইচ্ছা, ছিল। পৃথিবীতে তিনি কেবল ভাল মেয়ে হইয়া চলিয়া গেলেন, কিন্তু স্বর্গে ভাল মেয়ে ও ভাল মা হইয়া চিরদিন থাকিবেন। বিধাতার যাহা ইচ্ছা তাহাই পূর্ণ হইবে, পদে পদে তাহাই দেখিতেছি।

৪ঠা এপ্রিল বগুড়ার পুলিষ সব ইন্স্পেক্টর বাবু রেবভীমোহন বোষ লিথিয়াছেন—

.....কু স্থমের মৃত্যুসংবাদ পাইরা বে কতদ্র ছংখিত হইরাছি, তাহা বলিরা শেষ করা যার না। এই সংবাদ যদিও আমি পুরের পাইরাছিলাম, কিন্ত আপনার নিকট এ বিষর আমি কিছু লিখিতে সাহসী হই নাই। আপনার জীবনের একমাত্র লক্ষ্য হারাইরা আপনি যে কণ্ঠ ভোগ করিতেছেন, তাহার সীমা নাই। ঈশ্বর আপনাকে এত কণ্ঠে ফেলিবেন, ইহা কখনও মনে হয় নাই। কুস্থম যে আমাকে কত ভাল বাসিত, তাহা একমুথে বলিরা শেষ করিতে পারি না। সে আমার প্রতি

বেরপ ব্যবহার করিত, তাহা বাস্তবিক আস্তরিক ভালবাসান! থাকিলে হইতে পারে না। আমার বগুড়া আইসা হইতে তাহার সঙ্গে আমার নানারপ সদালাপ হইয়াছিল। আমার শ্বরণ হয় তথন তাহার বয়স সবে মাত্র নয় বৎসর হইয়াছিল। এত অল্প বয়সে সে যে সকল সং পরামর্শের কথা আমাকে বলিত, তাহাতে আমি চমৎকৃত হইয়াছিলাম। আমি কাছারী হইতে আইসার সময় হইলে, কুস্থম বাহিরের ঘরে আমার জন্ম অপেকা করিত। আমি কাছারী হইতে আদিলে আমার ম্থ মলিন দেখিলে কত যে কপ্ত অমুভব করিত, তাহা বলিয়া শেষ করা য়য় না। আমার কোনরূপ অমুথ হইলে কুস্থম মনে করিত, তাহার নিজের অমুথ হইয়াছে। এই বালিকা বয়সে এরপ দয়া থেলা ঈশ্বর দত্ত গুণ বলিয়া বোধ হয়।

কুস্থমের কবিতা রচনা সম্বন্ধে আমি নিজে কিছুই বলিব না। কুস্থম আমার নিকট বদিয়া একটি কবিতা রচনা করিয়াছিল, দেই টুকু আমি লিখিয়া রাখিয়াছিলাম। অনেক তল্লাদের পর পাইলাম, এবং নিমে লিপি করিলাম—

> চাঁদের আলো, দেখ্তে ভালো, চোক জুড়ায়ে যায়।

> অতি সাধে, ছপুর রেতে,

চকোর স্থা থায়।

কুস্থম চলিয়া গিয়াছে, কিন্তু তাহার আচরণ আমার অন্তর হইতে চলিয়া যায় নাই। তাহার কার্গ্য কলাপ আমার সর্বাদা মনে আছে ও থাকিবে।……

২০শা চৈত্ৰ পূৰ্ণবাবু লিখিয়াছেন—

.....কুস্থমের চরিত্র ও ব্যবহারের কণা কি লিখিব? আমা-

দিগকে যেরূপ নৈরাশ্রে ফেলাইয় হতাশ করিয়া গিয়াছে, তাহা অন্যে কি ব্রিবে? আপনার একমাত্র কন্যা; অন্য সন্তানাদি নাই; আপনাদের মনোকষ্ট না হয়, এই জন্ত বিবাহের পর আমার এখানে অধিক না রাখিয়া অধিকাংশ সময় আপনার নিকট রাখিয়াছি। যে সময় আমাদের এখানে থাকিত, সে সময় সর্বাদা আমাদিগের কোনরূপ কষ্ট না হয় তিষিয়ে বিশেষ যত্ন চেষ্টা করিত। সংসারের কার্য্যে যদিও তাহাকে লিপ্ত হইতে হইত না, তথাপি যেরূপ আভাস পাইয়াছি, তাহাতে ভবিষতে সে বাঁচিয়া থাকিলে যে অতি পরিপাটা রূপে সর্বাদিকে দৃষ্টি রাখিয়া সংসার চালাইতে পারিত, তাহার কোন সংশয় ছিল না। প্রহৃত প্রস্থাবে কুস্থম আমার গৃহলক্ষীই ছিল এবং তাহার মৃত্যুতে আমি যে আশান্তি ভোগ করিতেছি ও মনোকষ্ট পাইতেছি, তাহা ভগবানই জানেন। ছোট বড় সকলের আদেশ পালনেই সে তৎপর ছিল। রুয় শ্যাতেও নিষেধ স্বত্বেও যতটুকু পারিয়াছে, আমার সেবা শুক্রমা করিয়াছে। আমি তাহার স্থ্য সম্পাদন কিছুই করিতে পারিলাম না। ভগবান অকালেই তাহাকে আমাদিগছইতে বিচ্ছির করিলেন।

় ৭ই এপ্রিল ভাগলপুর স্থুলের শিক্ষক সতীশবাবুর স্ত্রী লিথিয়াছেন—
.....পেহের ভগিনী কুস্থমের স্বর্গগমনের কথা শুনিয়া অতিশর ছঃথিত আছি। আহা সে স্বর্গের আধফুটন্ত পারিজাত; সেইজন্ত এই মায়াময় সংসার হইতে সকল বন্ধন ছিন্ন করিয়া সেই দয়াময়ী জননী তাহাকে নিজের সেইময় ক্রোড়ে লইয়া গিয়াছেন।

১৫ই মে হাজারিবাগ হইতে মিস হেরিয়েট এ বিল লিখি-য়াছেন—

I had the pleasure of visiting Kusum Kamini for sometime, and it was with very great regret that I

learned of her death. I used to give her lessons in fancy needle work, and she proved herself a most apt pupil. I was often struck with the quickness and intelligence with which she grasped any explanation about the patterns of the work, and I seldom had to tell her anything twice.

Besides her natural cleverness she had a very sweet and gentle disposition and most winning manners. As I write, her bright face and pleasant smile rise up before me, and I fancy I can see her standing on the verandah to welcome me as she used to do.

Kusum and I devoted part of our time together to Bible reading. She could read it quite well in English and used to translate, as she read, into Bengali. She left Hazaribagh a few months before her death to go to her house in Dacca. I was looking forward to her return and to resuming our studies together, but God willed it otherwise.

কুস্থম-কামিনীর সহিত সাক্ষাৎ করার স্থথ আমি কতক কাল ভোগ করিয়াছি এবং তাহার মৃত্যু সংবাদ অবগত হইয়া অতাঁব ছঃখিত হইয়াছি। আমি তাহাকে মনোহর স্টকিন্মে শিক্ষা প্রদান করিয়া-ছিলাম এবং সে উপযুক্ত শিষ্যা হইয়াছিল। নানাবিধ আদর্শের উপদেশ সে বেরূপ সম্বর এবং বুদ্ধিসহকারে আয়ন্ত করিয়াছিল, তাহাতে আমি অনেক সময় বিশ্বিত হইয়াছি এবং কদাচিৎ তাহাকে কোন বিষয় ছইবার বলিতে হইয়াছে।

স্বাভাবিক দক্ষতার সঙ্গে সঙ্গে তাহার স্বভাবও অতি মধুর এবং নম্র ছিল এবং ব্যবহার অতীব মনোহর ছিল। আমি বেমন লিখিতেছি তাহার উজ্জ্বল মুথ ও মধুর হাদি আমার সমক্ষে উদিত হইতেছে এবং আমার কল্পনায় আমি দেখিতে পারি, সে সর্বাদা যেমন আমাকে সাদরে গ্রহণ করিত সেইপ্রকার সাদরে গ্রহণ করিবার জন্ত সে যেন বারি-ন্দায় দ।ড়াইয়াছে।

কুস্থম এবং আমি এক সঙ্গে কতক সময় বাইবল পাঠে নিয়োজিত করিতাম। সে ইহা ইংরেজিতে বেশ পড়িতে পারিত এবং পড়িবার সময় বাঙ্গালায় অনুবাদ করিত।

তাহার মৃত্যুর কয়েক মাদ পূর্ব্ধে দে তাহার ঢাকান্থ বাড়ী যাইবার জ্ম হাজারিবাগ ছাড়িরা যায় এবং আমি তাহার পুনরাগমন এবং আমাদের অধ্যয়ন পুনঃ আরস্তের প্রতীক্ষায় ছিলাম; কিন্তু ঈশ্বর অম্বরূপ ইচ্ছা ক্রিয়াছিলেন।

১৮ই মে রাসমোহন লিথিয়াছে—

.....ভূপতির মুথে শুনিলাম যে, কুস্থমের জীবনের ভার একটি গ্রাম্য কবিরাজের হাতে ছিল। কুস্থম মরিবে বলিয়াই এইবার আপনার কাছছাড়া হইয়াছিল। কুস্থমের ধন জন থাকিতে একটি ইংথিনীর মেয়ের স্থায় বিনা চিকিৎসায় প্রাণ হারাইয়াছে, এই হংথ সহ্য করা হরহ ব্যাপার। জীবন থাকিতে এই হংথ মন হইতে যাইবে না। আমাদের হৃদয় পায়াণ হইতেও কঠিন। নতুবা আমরা এখন পর্যাস্ত জীবিত আছি। কুস্থমকে যদি বথাসাধ্য চিকিৎসা করিয়া বাঁচাইতে না পারিতাম, তবে মনকে প্রবোধ দিতে পারিতাম। কিন্ত এই হংথ রাথিবার স্থান নাই।.....জভিমন্থার মৃত্যু অগ্রায় প্রকারে হইয়াছিল এবং স্বয়ং প্রীক্ষের অভিপ্রায় ছিল বে, অভিমন্থার মৃত্যু হউক। যথন যুদ্ধে অভিমন্থা পিতা বিলয়া ডাকিয়াছিল, তথন পাছে অর্জ্বন তাহার ডাক শুনিয়া সেই য়ৢ৸স্থলে উপস্থিত হয়, এই মনে করিয়া

ভগবান্ প্রীকৃষ্ণ অনবরত শব্ধধনি করিয়াছিলেন। তাহা না হইলে ভগবানের অভিপ্রায় দিদ্ধ হইত না। কুস্থমের মৃত্যুও সেইপ্রকার। আপনার নিকটে থাকিলে কুস্থমের মৃত্যু হইবে না, এই ভাবিয়া ভগবান্ পূর্বেই আপনার নিকট হইতে কুস্থমকে আবিধারা নিয়াছিলেন। সেইবার কুস্থমকে মৃত্যুমুথ হইতে আপনি টানিয়া রাখিয়া ছিলেন। এইবার আপনি দক্ষুথে থাকিলে ভগবানের অভিপ্রায় দিদ্ধ হইত না বলিয়াই দে আবিধারা গিয়াছিল।

২৭শে মে বিজেব্রুলাল লিখিয়াছে-

কুস্কম শান্ত নম্র মিষ্টভাষিণী এবং পরোপকারিণী ছিল। পরনিন্দা তাহার মুথে কথনও শুনা যাইত না। তাহাকে নিষ্ঠুর কথা বলিতে কিম্বা হিংসা করিতে কথনও দেখা যাইত না। শিশুকাল হইতেই কুস্কুম ধর্ম-পুস্তক পড়িতে বড় ভালবাসিত এবং কবিতা রচনা করিত। কুস্থমের কতকগুলি অলোকিক গুণ ছিল, যাহাতে তাহাকে দেবী বলিয়া বোধ হয়। গত পূজার সময় আমি এক দিন কতক টাকার জন্ম বড়ই বিপদে পড়িলাম। সেই সময় মামার হাতে টাকা ছিল না। কি করি, কোথা হইতে টাকার কাজ চালাই, অনবরত তাহাই ভাবিতেছি, এমন সময় কুস্থম আদিয়া বলিল, "রাঙ্গাদাদা! ভাবেন কেন ? আমি আমার গহনা দিতেছি, আপনি গহনা বন্ধক রাখিয়া টাকার কাজ চালান।" এই বলিরা কুস্কম আমাকে এক ছড়া সোণার পাঁচ লহর আনিরা দিল। আমি সেই জিনিস বন্ধক রাখিয়া বিপদ হইতে পরিত্রাণ পাইলাম। কুস্কুমের এত দয়া দেখিয়া ভগবানের নিকট তাহার মঙ্গলকামনা করিতে লাগিলাম। পৌষ মাদের মধ্যভাগে কুস্থমের ব্যারামের সংবাদ জানিয়া माज्ञानी ठीकुतागीत्क निम्ना २१८म जातित्थ वाफ़ी त्र अमाना रहेलाम। ৩০শে তারিথে বাড়ী পৌছিয়া ৩রা মাঘ তারিথে কুস্থমের খণ্ডর বাড়ী

আবিধারা রওয়ানা হইলাম। সেথানে যাইয়া কুস্কুমকে দেখিয়া মনে বড়ই আনন্দ হইল। কুস্কুমও আমাকে দেখিয়া হাতে চাঁদ পাইল। কিন্তু কুম্বমকে শ্যাগত দেখিয়া আকাশ পাতাল ভাবিতে লাগিলাম। কুম্বম শ্ব্যাগত থাকিয়াও আমার আবিধারা যাইবার পর দিন আমার পরি-বার ধৃতি ও গামছা দেখাইয়া দিল এবং আমার আহারাদি ভালরূপ হইল কি না জিজ্ঞাসা করিল। ৮ই মাঘ ভোর বেলা হইতে কুস্কুমের ष्मवश्रा थाताभ इटेर्ड बात्रस कतिन। बरनक छेर्य था ध्याहेनाम ; কিন্তু তুর্ভাগ্যবশতঃ কোন ঔষধেই কাজ করিল না। বেলা আড়াইটার সময় কুস্তমের জীবনের আশা ত্যাগ করিয়া কুস্থমকে দকলে বাহিরে আনিল। কুমুম বাহিরে আসিয়া একবার চক্ষু মেলিয়া স্বর্গের শোভা मर्भन क्रिया चर्गधारम हिन्या शिन। ज्थन ७ जाहात मंत्रीरत नावना ছিল এবং দেই সময় কুস্থমের শরীর হইতে এক অপূর্ব্ব জ্যোতি বাহির হইল। আমি ও স্থরেশ বাবু (তাঞ মহাশয়) সেই শোভা কিছুকাল দর্শন করিলাম। তৎপর আর কুস্থমের দিকে তাকাইবার শক্তি রহিল না। অনবরত চক্ষের জলে বুক ভাগিতে আরম্ভ করিল। ১৪ বংসর • ওমাস ৭দিনে কুস্থমের মানবলীলা শেষ হইল। এই পৃথিবীতে তাহার নির্মাল শুদ্ধ চরিতা চিরমারণীয় রহিল। যাও ভগ্নি! যেখানে শোক ত্ব:খ নাই, দেই অনন্তধামে যাইয়া আমাদের জন্ম স্থান রাখিও। হে ভগবন ৷ তোমার ধন তুমি মাতৃক্রোড় হইতে কাড়িয়া লইলে; কিন্তু বুদ্ধ শোকাতুর জনক জননী যে আজ কুস্থমরত্ব অভাবে কত যাতনা ভোগ করিতেছেন। হে অন্তর্য্যামিন্! অন্তরের ব্যথা সকলই জান। তাঁহাদের এত যাতনা দেখিয়া কি তোমার হানয় ব্যথিত হইতেছে না ? দয়াময় তুমি দয়া করিয়া আমাদের সংসারে এমন একটি স্থন্দর পুষ্প প্রস্ফুটিত कतिरन, आवात अकारन मिहे सुनत शूल बेड़ाहरन किन ? करवक

দিনের জন্ম স্বর্গের কুস্থম মর্ত্তে পাঠাইয়া মাতৃক্রোড় স্থাণোভিত করিলে আবার এমন নিষ্ঠুর হইয়া সেই রত্নটি কাড়িয়া লইয়া সে ক্রোড় শৃন্ম করিলে কেন? হে ভগবন্! তুমি এই পৃথিবী হইতে স্থকোমল পুষ্পটি বঙাইয়া লইয়া স্বর্গের কোন উন্থানে রোপিত করিয়াছ। না জানি সেই স্থানর পৃষ্পটি এখন স্থর্গে কতই শোভা পাইতেছে। এরত্ন স্থর্গেরই উপযুক্ত। ধূলি কর্দমময় পৃথিবীতে কি এমন রত্ন থাকিতে পারে? হে মঙ্গলময়! তুমি যখন যাহা কর, আমাদের মঙ্গলজন্মই করিয়া থাক। আমেরা অক্রান ও ক্ষুদ্র বৃদ্ধি; তোমার লীলা কিছুই বৃদ্ধিতে না পারিয়া সর্ব্ধনাই শোকে অন্থির থাকি। দয়ায়য়! তোমার ধন তৃমিই লইয়াছ। এখন কেবল আমরা তোমার নিকট একটি ভিক্ষা চাই একবার আমাদিগকে সেই স্থগীয় শোভা দর্শন করাও। আমরা ইহলোকে থাকিয়া পরলোকের শোভা দর্শন করিয়া সকল ত্বুথ ভূলিয়া যাই।

কুস্থম কামিনীর জননীর উক্তি।

আমার কন্তা কুস্থম-কামিনী ভূমিষ্ঠা হইয়া কাঁদে নাই এবং মৃত্যু 'সময়েও চক্ষের জল ফেলে নাই। আট নয় মাস বয়সের সময় হইতে বিছানায় মলম্এ ত্যাগ করে নাই। কোন ব্যারামে কখনও তাহায় মুথে হর্গক হয় নাই। পদ্মিনী নারীয় সমস্ত লক্ষ্ণই তাহাতে ছিল। সে স্কেশী ছিল। তাহার মুথথানা পদ্মের মত, নাসা লক্ষ্মীনামা এবং কর্ণ ও নয়ন অতীব স্থালর এবং দন্তপাটি ঠিক যেন মুক্তা গাথা ছিল। হই হাতে হইটি পদ্ম এবং সকল অবস্থাতেই মুথথানা জ্যোতির্ময় ও সহাস্ত ছিল। তাহার পায়ের তলা একেবারে সমান ছিল। সে গজেক্র গামিনী ছিল। ব্যারামের সময়েও তাহার মুথ পরিষ্কার থাকিত। তাহার অধর, ওষ্ঠ এবং জিহ্বা অতি পাতলা এবং লাল ছিল। তাহার গঠন অতি স্থানর ও সর্বাঙ্গ মাথনের মত কোমল

ছিল। মৃত্যুর অতি অয় সময় পূর্বেও সে ঈবং হাসিয়াছিল। মৃত্যুর পর বথন তাহার কপালে সিন্দ্র দেওয়া হইয়াছিল, তথন এক অপূর্বে শোভা দেখা গেল। তাহার মৃত্যুর পর আমি তাহাকে বুকে করিয়া শুইয়াছিলাম। তথনও তাহার সর্বাঙ্গ মাখনের মত কোমল ছিল। তাহার শাশুড়ী বলিল, "বৃহস্পতিবার আমার গৃহলক্ষ্মী গেল, চক্ষের জলত ফেল্ল না, মায়া ত ত্যাগ কর্ল না।" তাহার পর আমি শুনিতে পাইলাম, শাশান ভূমিতেও তাহার সর্বাঙ্গ কোমল ছিল। সে আমাকে আমার মা'র মত অনেক গৃহকাগ্য শিক্ষা দিয়াছে। এবং নানাবিষয়ে উপদেশ দিয়াছে। মৃত্যু পর্যান্ত জিহ্বা লাল এবং দন্তগুলি পরিক্ষার দেথিয়াছি।

কুম্নের দেহাস্তরের পর পূর্ণবাব্ অত্যন্ত বিলাপ করিয়াছিলেন।
শুনিয়াছিলান, তিনি মুখায়ি করিবার পর শাশানে ঝাপ দিতে চাহিয়া
ছিলেন এবং সমস্ত রজক্বী অশ্রবিসর্জন করিয়াছিলেন। আমি আবিধারা হইতে কামারগাঁ আসিবার সময় তিনি স্ত্রীলোকের ভায়
উচ্চৈঃম্বরে রোদন করিয়াছিলেনা। স্থরেশ এবং তারক বস্থু সমস্ত
রাত্রি ক্রন্দন করিয়াছিল। বৃদ্ধ লক্ষ্মণ সরদার উচ্চৈঃম্বরে কাঁদিতে
কাঁদিতে বলিল, "এমন বৌ আর হবেনা, আমি বৌ দেখিয়া জানিয়াদ
ছিলাম।" বাটার অভাভা ভতাগণও ক্রন্দন করিয়াছিল।

কুস্থম-কামিনী যথন হাজারিবাগ ছিল, তথন সে ভিক্ষুক দিগকে চাউল এবং মধ্যে মধ্যে পরসা দিত। এক দিবস একটি বৃদ্ধা ভিথা-রিণীকে ছাতু ও গুড় থাওরাইরাছিল। কুস্থমের স্বর্গারোহণের কিছু-দিন পরে সেই ভিথারিণী ভিক্ষার জন্ম আসিরাছিল। যথন সে কুস্থমের পরলোক গমনের সংবাদ শুনিল, অমনি চিৎকার করিয়া ক্রেন্দন করিতে করিতে বলিল, "পুটি মাইয়া হাম্কো ছাতু গুড় থিলায়া।"

এই বলিয়া অশ্রু বিসর্জন করিতে করিতে গৃহে প্রত্যাগমন করিল। এখন শুনিতে পাই, রুদ্ধা তাহার অল্পনি পরেই তত্নত্যাগ করিয়াছে।

বাঙ্গালার শিক্ষা বিভাগের ভূতপূর্ব্ব ডিরেক্টার মার্টিন সাহেবের কন্তা ৩০শে মে রাঁচি হইতে লিখিয়াছেন।

I was extremely sorry to hear from Miss Roe of the death of your daughter, and I am sure it must be a deep sorrow to you.....I well remember hearing your daughter reciting, and although I do not know Bengali, from your translation of the pieces she wrote I was able to recognize the poetry of her composition.

মিদ্রোর পত্রে আপনার কন্তার মৃত্যু সংবাদ জানিয়া অতীব ছঃথিত হইলাম। নিশ্চরই ইহা আপনার গভীর শোকজনক। আপনার কন্তা বে মুথস্ত কবিতা বলিয়াছিল, তাহা আমার বেশ মনে আছে এবং যদিও আমি বাঙ্গালা জানিনা, তথাপি আপনাকর্তৃক তাহার রচিত কবিতার অনুবাদ হইতে আমি তাহার রচনার মাধুরী ব্বিতে পারিয়াছিলাম।

কুস্থমের মাতৃল উলুবেড়ের মুন্সেফ শ্রীয়ৃত বাবু কুমুদিনীকান্ত রায়
১৩ই জুলাই লিথিয়াছেন।

আছে। কুস্থমের জীবন বাস্তবিকই আমার নিকট স্বপ্নবৎ বোধ ইইতেছে। একবার আমাদের বাটাতে আমার একটা আত্মীয়া বেড়াইতে আসিয়া ছিলেন। তিনি কুস্থমের কবিতা রচনা পটুতার বিষয় পূর্বেই শুনিয়াছিলেন। কিন্তু কুস্থমের বয়স ও আক্বতি দর্শনে তাঁহার যেন সে বিষয়ে সন্দেহ হইয়াছিল। সেই জন্ম তাঁহার সাক্ষাতে কিছু রচনা করার জন্ম তিনি অন্ধুরোধ করেন। আমি কুস্থমকে আমার সেই আত্মীয়ার রূপ বর্ণনা করিতে বলি। কুস্থম তৎক্ষণাৎ নিম্নলিখিত কবিতাটী রচনা করে।

নলিনীর মুথক্রচি, হেরি ছঃথ গেল ঘুচি, ধরাগেল আকাশের চাঁদ।

ইত্যাদি---

আমার সেই আত্মীয়ার নাম নলিনী। বলা বাছল্য যে সেই রচনা সম্পূর্ণরূপে সেই বর্ণনীয় বিষয়ের উপযোগী হইয়াছিল এবং আমরা সকলেই তাহাতে চমৎক্বত হইয়াছিলাম। আমরা সকলেই কুস্থমের কথা নিয়া আন্দোলন করিতাম ও তাহাতে অত্যন্ত প্রীতিলাভ করিতাম। ৺কালীকুমার রায় দাদা মহাশয় তথন জীবিত ছিলেন। তিনি বলিয়াছিলেন যে তোমরা সকলে যথন ইহাকে ভাল বাদ, তথন কুস্থম দীর্ঘকাল জীবিত থাকিবে না। তাঁহার সেই কথা হাতে হাতে ফলিয়াছে।

